(ঘ) আনন্দ কএক খানি পুস্তক ও পত্রাদি নিরাপদে রক্ষা করিবার জন্যে বলরামের নিকট গচ্ছিত করেন। বলরাম তাহা হারাইলে চন্দ্র তাহা পাইয়া বলরাম চাহিলেও তাহা ফিরিয়া দিতে সম্মত হইলেন না। ভারতবর্ষীয় চুক্তিবিষয়ক ১৮৭২ সালের আইনের ১৬৮ ধারামতে চন্দ্রের কোন স্বত্ব থাকিলে, বলরাম সেই স্বত্বের প্রবলতা মানিয়া চন্দ্রের স্থানে তাহা ফিরিয়া পাইতে পারিবেন।

(ঙ) আনন্দ আড়ৎদার। যদুর কএক দ্রব্য তাঁহার নিকট ন্যস্ত থাকিলে বলরাম তাঁহার অধিকারহইতে ঐ দ্রব্য হরণ করিলেন। আনন্দ ঐ দ্রব্য পাইবার নিমিত্ত বলরামের নামে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

কোন দ্রব্য স্বামিভিন্ন অন্য ব্যক্তির অধিকারে থাকিলে, আগৌণে ঐ দ্রব্যের অধিকার পাইবার স্বত্ববান ব্যক্তিকে তাঁহার ঐ দ্রব্য দিবার দায়ের কথা।

১১ ধারা। অস্থাবর দ্রব্য স্বামিভিন্ন কোন ব্যক্তির অধিকারে কি তত্ত্বাধীনে থাকিলে, নিম্নলিখিত কোন স্থলে ঐ দ্রব্যের অগৌণে অধিকার পাইবার স্বত্ববান ব্যক্তির প্রতি ঐ বিশেষ দ্রব্য বলপূর্ব্বক দেওয়ান যাইতে পারিবে,

(ক) যে দ্রব্যের দাওয়া হয় প্রতিবাদী দাওয়াদারের সপক্ষ কর্ম্মকারক বা ন্যাসধারিস্বরূপ তাহা রাখিলে,

(খ) যে দ্রব্যের দাওয়া হয়, তাহার হানি হইলে টাকা দ্বারা দাওয়াদারের সেই হানির উপযুক্ত প্রতিকার হইতে না পারিলে,

(গ ঐ দ্রব্যের হানিদ্বারা প্রকৃত যত ক্ষতি হয় তাহা নিরূপণ করা অতীব কঠিন হইলে ইতি।

উদাহরণ।

(ক) আনন্দ ইউরোপে গমন করিতে উদ্যত হইয়া স্বীয় অনুপস্থান কালে স্বপক্ষ কর্ম্মকারক বলরামের জিম্মায় আপন লওয়াজিমা রাখিয়া যান। বলরাম আনন্দের অনুমতি না পাইয়া চন্দ্রের নিকট ঐ লওয়াজিমা বন্ধক রাখেন। ও বলরামের ঐ লওয়াজিমা বন্ধক রাখিবার অধিকার নাই জানিয়াও চন্দ্র ঐ দ্রব্য বিক্রয় করিবার ইশতিহার প্রকাশ করেন। এই স্থলে চন্দ্র আনন্দের পক্ষে ন্যাসধারীস্বরূপ ঐ দ্রব্য প্রাপ্ত হইলেন, অতএব চন্দ্রদ্বারা বলপূর্ব্বক আনন্দের প্রতি ঐ লওয়াজিমা দেওয়ান যাইতে পারিবে।

(*b*). A, a colliery-owner, keeps for the purpose of his business fifty coal-wagons. A sells B 50,000 tons of coal and lets to him the wagons to convey the coal. B, without A's authority, pledges the wagons to C, who threatens to sell them immediately. C may be compelled to deliver the wagons to A, for they are necessary for conducting his business, and their loss would cause him an injury for which money would not be an adequate compensation.

(*c*). A is entitled to a picture by a dead painter and a pair of rare China vases. B has possession of them. The articles are of too special a character to bear an ascertainable market-value. B may be compelled to deliver them to A.

CHAPTER II.

OF THE SPECIFIC PERFORMANCE OF AGREEMENTS.

(a)—Agreements which may be specifically enforced.

Cases in which specific performance enforceable.

12. Except as otherwise provided in this chapter, the specific performance of any agreement may in the discretion of the Court be enforced—

(*a*) when it has been expressly agreed in writing between the parties to the agreement that specific performance thereof may be required by either party, or that compensation in money shall not be considered adequate relief for its non-performance:

(*b*) when the act agreed to be done is in the performance, wholly or partly, of a trust:

(*c*) when there exists no standard for ascertaining the actual damage caused by the non-performance of the act agreed to be done: or

(*d*) when the act agreed to be done is such that pecuniary compensation for its non-performance would not afford adequate relief:

(*e*) when it is probable that pecuniary compensation cannot be got for the non-performance of the act agreed to be done.

EXPLANATION.—Unless and until the contrary is shown, it is to be presumed that the breach of an agreement to transfer immoveable property cannot be adequately relieved by compensation in money, and that the breach of an agreement to transfer moveable property can be thus relieved.

Illustrations.

(*a*). A holds certain stock in trust for B. A wrongfully disposes of the stock. The law creates an obligation

(খ) আনন্দ কয়লার কারখানার স্বামী, তাঁহার কার্য্যের নিমিত্ত তাঁহার নিকট পঞ্চাশখানি কয়লার গাড়ী থাকে। আনন্দ বলরামের নিকট ৫০,০০০ টন কয়লা বিক্রয় করিলে, ঐ কয়লা লইয়া যাইবার জন্যে তাহাকে ঐ সকল গাড়ী ভাড়া দেয়। বলরাম আনন্দের অনুমতি না পাইয়া চন্দ্রের নিকট ঐ সকল গাড়ী বন্ধক রাখিলে চন্দ্র তাহা এইক্ষণে বিক্রয় করিব বলিয়া ভয় দেখান। চন্দ্রদ্বারা বলপূর্ব্বক আনন্দের প্রতি ঐ সকল গাড়ী দেওয়ান যাইতে পারিবে, কারণ ঐ সকল গাড়ী তাঁহার কর্ম্ম চালাইবার নিমিত্ত আবশ্যক ও তাহা না পাইলে তাঁহার যত হানি হয় টাকা দ্বারা তাঁহার উপযুক্ত হানিপূরণ হইতে পারে না।

(গ) মৃত চিত্রকর যে চিত্র করিয়া গেলেন তাহা ও অতি অদ্ভুত এক যোড়া চিনের পাত্র আনন্দের পাইবার স্বত্ব আছে। ঐ দ্রব্য বলরামের অধিকারে থাকে। বিশেষ প্রকারের দ্রব্য হওয়াতে তাহার বাজারদর নিশ্চয়মতে জানা যাইতে পারে না। বলরামের দ্বারা আনন্দের প্রতি বলপূর্ব্বক ঐ দ্রব্য দেওয়ান যাইতে পারিবে।

---

২ দ্বিতীয় অধ্যায়।

নিয়মানুযায়ি নির্দ্দিষ্ট কার্য্য সাধনবিষয়ক বিধি।

(ক) যেং নিয়ম নির্দ্দিষ্টমতে প্রবল করাণ যাইতে পারে তদ্বিষয়ক বিধি।

যেং স্থলে নির্দ্দিষ্টমতে নিয়ম প্রবল করাণ যাইতে পারে তাহার কথা।

১২ ধারা। এই অধ্যায়ে প্রকারান্তরের বিধান না থাকিলে, কোন নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য নিম্নলিখিত স্থলে আদালতের বিবেচনামতে সাধন করাণ যাইতে পারিবে,

(ক) নিয়মপত্রের এক পক্ষ অন্য পক্ষদ্বারা সেই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্যসাধন করাইতে পারিবেন, কিম্বা টাকা দ্বারা হানিপূরণ করা গেলেও তাহা ঐ কার্য্য সাধন না করিবার উপযুক্ত প্রতিকার বলিয়া জ্ঞান হইবে না, ঐ নিয়মপত্রের উভয় পক্ষ লিখিয়া এই মর্ম্মের স্পষ্ট নিয়ম করিলে,

(খ) যে কার্য্য করিবার নিয়ম থাকে তাহা সম্পূর্ণরূপে কি অংশতঃ ন্যাসসম্পর্কীয় কার্য্যসাধনক্রমে কর্ত্তব্য হইলে,

(গ) যে কার্য্য করিবার নিয়ম থাকে তাহা না করণ দ্বারা প্রকৃতই যত হানি হয় ইহা নিশ্চয়মতে জানিবার কোন কষ্টি না থাকিলে,

(ঘ) যে কার্য্য করিবার নিয়ম থাকে টাকা দ্বারা তাহা না করণের হানিপূরণ করিলেও উপযুক্ত প্রতিকার না হইলে,—

(ঙ) যে কার্য্য করিবার নিয়ম থাকে টাকা দ্বারা তাহা না করণের হানিপূরণ পাইবার সম্ভাবনা না থাকিলে।

ব্যাখ্যা।—স্থাবর সম্পত্তি হস্তান্তর করিবার নিয়ম ভঙ্গ হইলে, টাকা দ্বারা হানিপূরণ করিলেও তাহার উপযুক্ত প্রতিকার হইতে পারে না, ও অস্থাবর সম্পত্তি হস্তান্তর করিবার নিয়ম ভঙ্গ হইলে, তাহার তদ্রূপ প্রতিকার হইতে পারে, ইহার বিপরীত প্রমাণ না হইলে ও যত কাল না হয় তত কাল উক্ত প্রকারের অনুমান হইবে ইতি।

উদাহরণ।

(ক) বলরামের পক্ষে কোন মাল আনন্দের নিকট ন্যস্ত আছে। আনন্দ অন্যায়মতে ঐ মাল বিক্রয় করেন। আইন-

on A to restore the same quantity of stock to B, and B may enforce specific performance of this obligation.

ক্রমে বলরামের প্রতি আনন্দের ততই মাল ফিরিয়া দিবার বাধ্যতা জন্মে, ও বলরাম সেই বাধ্যতানুসারে ঐ বিশেষ কার্য্য সাধন করাইয়া লইতে পারিবেন।

(*b*). A sells 500 tons of iron stacked on his wharf to B, in consideration of a bill accepted by C, and undertakes in writing to deliver the iron to bearer, he (A) 'having been paid for the same.' B mortages the iron to D. The bill is dishonoured. A refuses to deliver the iron. A holds the iron as a trustee for D, and D may compel him specifically to perform his agreement.

(খ) চন্দ্র এক খানি হুণ্ডী স্বীকার করিলে, আনন্দ বলরামের স্থানে সেই হুণ্ডী পাইয়া তাঁহার নিকট ৫০০ টন লৌহ বিক্রয় করিয়া ইহার মূল্য পাইলাম বলিয়া বাহককে ঐ লৌহ দিবার প্রতিজ্ঞা লিখিয়া দিলেন। বলরাম দিননাথের নিকট ঐ লৌহ বন্ধক রাখিলেন। ঐ হুণ্ডীও অগ্রাহ্য হইল। তাহাতে আনন্দ ঐ লৌহ দিতে সম্মত হইলেন না। এই স্থলে দিননাথের ন্যাস ধারীস্বরূপ আনন্দের নিকট ঐ লৌহ আছে অতএব দিননাথ তাঁহার দ্বারা সেই নিয়মানুযায়ি নির্দ্দিষ্ট কার্য্য বলপূর্ব্বক সম্পাদন করাইয়া লইতে পারিবেন।

(*c*). A agrees to buy, and B agrees to sell, a picture by a dead painter and two rare China vases. The articles are of too special a character to bear an ascertainable market value. A may compel B specifically to perform this agreement, for it would be extremely difficult to ascertain the actual damage caused by its non-performance.

(গ) আনন্দ মৃত চিত্রকরের চিত্র ও অদ্ভুত প্রকারের দুই চিনের পাত্র ক্রয় করিতে ও বলরাম তাহা বিক্রয় করিতে নিয়ম করিলেন। বিশেষ প্রকারের দ্রব্য হওয়াতে তাহার নিশ্চিত বাজার দর নাই। আনন্দ বলরামের দ্বারা সেই নিয়মানুযায়ি নির্দ্দিষ্ট কার্য্যসাধন করাইয়া লইতে পারিবেন, কারণ ঐ কার্য্য না করণ দ্বারা প্রকৃত যত হানি হয় তাহা নিশ্চয়মতে জানিয়া লওয়া অতিশয় দুষ্কর।

(*d*). A transfers without endorsement, but for valuable consideration, a note to B. A becomes insolvent, and C is appointed his assignee. B may compel C to endorse the note, for C has succeeded to A's liabilities, and a decree for pecuniary compensation for not endorsing the note would be fruitless.

(ঘ) আনন্দ মূল্যবান দ্রব্য পাইয়া কোম্পানির কাগজের পৃষ্ঠে নাম না লিখিয়া বলরামকে ঐ কাগজ দেন। পরে আনন্দ ঋণ শোধ করিতে অক্ষম হইলে চন্দ্র তাঁহার আসৈনীপদে নিযুক্ত হইলেন। বলরাম চন্দ্রদ্বারা বলপূর্ব্বক ঐ কাগজের পৃষ্ঠলিপি লেখাইয়া লইতে পারিবেন, কারণ চন্দ্র স্বীয় পদোপলক্ষে আনন্দের সকল দায়ের ভার গ্রহণ করিলেন এবং নোটের পৃষ্ঠলিপি না লেখাপ্রযুক্ত হানিপূরণস্বরূপ টাকা দিবার ডিক্রী হইলেও নিষ্ফল হইত।

(*e*). A, B and C agree to enter into partnership for a definite term under the style of A & Co. A refuses to carry out the agreement. B and C may compel A to join them in executing a proper partnership-deed, for the interest of B and C in the performance of the agreement cannot be adequately compensated for by money.

(ঙ) আনন্দ ও বলরাম ও চন্দ্র নির্দ্ধারিত সময়ের নিমিত্ত আনন্দ কোম্পানির নামে অংশিত্বভাবে কার্য্য করিবার নিয়ম করিলেন। আনন্দ সেই নিয়মমতে কার্য্য করিতে অসম্মত হইলেন। বলরাম ও চন্দ্র উপযুক্ত অংশিত্বপত্র সম্পাদন করণে বলপূর্ব্বক আনন্দকে সঙ্গী করাইতে পারিবেন, কারণ ঐ নিয়ম মতে কার্য্য সম্পাদনে বলরামের ও চন্দ্রের যে স্বার্থ আছে টাকাদ্বারা তাহার উপযুক্ত হানিপূরণ হইতে পারে না।

(*f*). A agrees with B to sell him a house for Rs. 1,000. B is entitled to a decree directing A to convey the house to him, he paying the purchase-money.

(চ) আনন্দ বলরামের নিকট ১০০০ টাকাতে একখান ঘর বিক্রয় করিবার নিয়ম করিলেন বলরাম ঐ ক্রয়ের টাকা দিলে, ঐ ঘর হস্তান্তর করিয়া দেওনার্থে আনন্দের নামে ডিক্রী পাইতে স্বত্ববান হন।

(*g*). In consideration of being released from certain obligations imposed on it by its Act of incorporation, a railway company agree with Z to make and maintain an archway through their railway to connect lands of Z severed by the railway, to construct a road between certain specified points, to pay a certain annual sum towards the maintenance of this road, and also to construct and maintain a siding and a wharf as specified in the agreement. Z is entitled to have this agreement specifically enforced, for his interest in its performance cannot be adequately compensated for by money; and the Court may appoint a proper person to superintend the construction of the archway, road, siding and wharf.

(ছ) কোন রেলপথের দ্বারা যদুর ভূমি বিভক্ত হইলে সেই রেলওয়ে কোম্পানি যে আইনদ্বারা সমাবায়িত হয় সেই আইন অনুসারে ঐ কোম্পানির যে কর্ম্ম অবশ্যকর্ত্তব্য তাহাহইতে মুক্ত হইবেন এই নিয়মে, তাঁহারা রেলপথের মধ্যদিয়া খিলান করিয়া ঐ বিভক্ত ভূমি পুনরায় সংযোগ করিয়া দিতে, ও নির্দ্দিষ্ট এক স্থানহইতে অন্য স্থানপর্য্যন্ত পথ প্রস্তুত করিয়া দিতে, ও সেই পথ সারাইয়া রাখিবার জন্যে বৎসরং টাকা দিতে, এবং নিয়মপত্রের নির্দ্দিষ্টমতে পার্শ্বের রেলপথ ও ওয়ার্ক প্রস্তুত করিয়া রক্ষা করিতে নিয়ম করিলেন। সেই নিয়মপত্রের নির্দ্দিষ্ট-মতে যদুর বলপূর্ব্বক কার্য্য সাধন করাইয়া লইবার স্বত্ব আছে, কারণ সেই কার্য্য সাধনে তাঁহার যে স্বার্থ থাকে টাকা দ্বারা তাহার উপযুক্ত হানিপূরণ হইতে পারে না। এবং আদালত ঐ খিলান পথ ও রাস্তা ও রেলওয়ের পার্শ্বপথ ও ওয়ার্ক প্রস্তুত করণ কার্য্যের তত্ত্বাবধারণার্থে উপযুক্ত ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন।

(*h*). A agrees to sell, and B agrees to buy, a certain number of railway-shares of a particular description. A refuses to complete the purchase. B may compel A specifically to perform this agreement, for the shares are limited in number and not always to be had in the market, and their possession carries with it the status of a shareholder, which cannot otherwise be procured.

(জ) আনন্দ বিশেষ প্রকারের কএকখানি রেলওয়ে শ্যার বিক্রয় করিতে ও বলরাম তাহা ক্রয় করিতে নিয়ম করিলেন। পরে আনন্দ সেই বিক্রয় সম্পাদন করিতে অসম্মত হইলেন। বলরাম আনন্দের দ্বারা ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইয়া লইতে পারিবেন, কারণ ঐ শ্যারের সংখ্যা নির্দ্ধারিত হইয়াছিল ও তাহা সর্ব্বদাই পাওয়া যাইতে পারে না, ও তাহা পাইলে অংশিত্ব পদ সৃষ্ট হয়, ও সেই পদ অন্য প্রকারে প্রাপ্ত হওয়া যাইতে পারে না।

(*i*). A agrees with B to paint a picture for B, who agrees to pay therefor rupees 1,000. The picture is painted. B is entitled to have it delivered to him on payment or tender of the rupees 1,000.

(*j*). A advances Rs. 10,000 to B, and B agrees to execute a mortgage of certain houses 'with an immediate power of sale' to secure the repayment of the advance. A requires B either to pay off the advance at once or to execute the mortgage. B refuses. A is entitled to have the agreement specifically performed.

Mutual rights of parties.

13. When either of the parties to an agreement is entitled to a specific performance thereof according to the provisions of section twelve, the other party is also entitled to it, though not within those provisions.

Illustration.

A agrees to sell, and B agrees to buy, a patent for 10,000 rupees. B declines to complete the purchase. Here, though pecuniary compensation for its non-performance might afford A adequate relief, A may enforce the agreement specifically, for, if he had declined to complete it, B would have been entitled to a specific performance thereof.

Specific performance of part of an agreement where the part unperformed is small.

14. Where a party to an agreement is unable to perform the whole of the agreement, but the part which must be left unperformed bears only a small proportion to the whole in value, and admits of compensation in money, the Court may, at the suit of either party, direct the specific performance of so much of the agreement as can be performed, and award compensation in money for the deficiency.

Illustrations.

(*a*). A agrees to sell B a piece of land consisting of 100 beeghas. It turns out that 98 beeghas of the land belong to A, and the two remaining beeghas to a stranger, who refuses to part with them. The two beeghas are not necessary for the use or enjoyment of the 98 beeghas, and the loss of them may be made good in money. A may be directed at the suit of B to convey to B the 98 beeghas and to make compensation to him for not conveying the two remaining beeghas; or B may be directed, at the suit of A, to pay to A, on receiving the conveyance and possession of the land, the stipulated purchase-money, less a sum awarded as compensation for the deficiency.

(*b*). In a contract for the sale and purchase of a house and lands for two lakhs of rupees it is agreed that part of the furniture should be taken at a valuation. The Court may direct specific performance of the contract notwithstanding the parties are unable to agree as to the valuation of the furniture, and may either have the furniture valued in the suit and include it in the decree for specific performance, or may confine its decree to the house.

(ঝ) আনন্দ বলরামের নিমিত্ত ছবি প্রস্তুত করিবার নিয়ম করিলে বলরাম তাহার জন্যে ১০০০ টাকা দিবার নিয়ম করেন। সেই ছবি প্রস্তুত করা গেলে বলরাম সেই ১০০০ টাকা দিলে বা দিতে প্রবর্ত্ত হইলেই সেই ছবি পাইবার স্বত্ববান হন।

(ঞ) আনন্দ বলরামকে অগ্রিম ১০,০০০ টাকা দিলে বলরাম সেই অগ্রিম ফিরিয়া দিবার জামিনস্বরূপ 'অগোণে বিক্রয় করিবার ক্ষমতা সহিত' কএক ঘরের বন্ধকীপত্র করিয়া দিবার নিয়ম করিলেন। আনন্দ বলরামকে অগোণেই ঐ অগ্রিম টাকা দিতে কিম্বা বন্ধকীপত্র করিয়া দিতে আদেশ করেন। বলরাম সম্মত হইলেন না। আনন্দ সেই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার স্বত্ববান।

উভয় পক্ষের পরস্পর স্বত্বের কথা।

১৩ ধারা। নিয়মপত্রের কোন এক পক্ষ ১২ ধারার বিধানমতে ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইতে স্বত্ববান হইলে, অন্য পক্ষও ঐ বিধানের মধ্যে না আইলেও তদ্রূপেই স্বত্ববান হন ইতি।

উদাহরণ।

আনন্দ ১০০০০ টাকাতে পেটণ্ট বিক্রয় করিবার ও বলরাম তাহা ক্রয় করিবার নিয়ম করেন, পরে বলরাম ঐ মূল্য দিয়া ঐ পেটণ্ট ক্রয় করিতে অসম্মত হইলেন এই স্থলে যদিও বলরামের সেই কার্য্য না করণ হেতুক আনন্দ টাকা দ্বারা উপযুক্ত হানিপূরণ পাইতে পারিতেন, তথাপি আনন্দ ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য বলপূর্ব্বক সাধন করাইতে পারিবেন, কারণ তিনি ঐ নিয়মমতে আপনার কর্ত্তব্য সাধন না করিলে বলরাম বলপূর্ব্বক তাহা সাধন করাইয়া লইতে স্বত্ববান হইতেন।

নিয়মের নির্দ্দিষ্ট কার্য্যের অল্পাংশ সম্পাদন হইতে না পারিলে, তাহার অন্য অংশ সাধন করাইবার কথা।

১৪ ধারা। নিয়মের এক পক্ষ সেই নিয়মমত সম্পূর্ণ কার্য্য সাধন করিতে অক্ষম হইলে, কিন্তু যে অংশটি অসাধ্য তাহার মূল্য সম্পূর্ণ কার্য্যের অল্প অংশমাত্র হইলে, ও তজ্জন্যে টাকা দ্বারা হানিপূরণ হইতে পারিলে, আদালত কোন এক পক্ষের প্রার্থনামতে ঐ নিয়মের যে অংশটি সাধন হইতে পারে নির্দ্দিষ্টমতে তাহা সাধন করাইয়া টাকা দ্বারা অবশিষ্ট অংশের হানিপূরণ করাইয়া দিতে পারিবেন ইতি।

উদাহরণ।

(ক) আনন্দ বলরামের নিকট ১০০/ বিঘা ভূমি বিক্রয় করিতে নিয়ম করিলেন। পরে দেখা গেল যে ঐ ভূমির কেবল ৯৮ বিঘা আনন্দের, বাকী দুই বিঘা অন্য ব্যক্তির, ও তিনি তাহা বিক্রয় করিতে সম্মত নহেন। ঐ দুই বিঘা না পাইলেও ৯৮ বিঘার ব্যবহার কি ভোগ হইতেও পারে ও তজ্জন্যে যে হানি হয় টাকা দিয়া সেই হানিপূরণ হইতে পারে। বলরাম প্রার্থনা করিলে আনন্দের প্রতি বলরামের নামে সেই ৯৮ বিঘা হস্তান্তর করিয়া দিতে ও বাকী দুই বিঘা হস্তান্তর না করিয়া দিবার ক্ষতিপূরণ করিতে আদেশ হইতে পারিবে। অথবা আনন্দের প্রার্থনামতে বলরামের প্রতি এই আদেশ হইতে পারিবে যে হস্তান্তরকরণপত্র ও ভূমির দখল পাইলে ঐ বাকী দুই বিঘার ক্ষতিপূরণস্বরূপ টাকা কাটিয়া আনন্দকে ঐ নিয়মমত ক্রয়ের টাকা দেন।

(খ) কোন বাটী ও ভূমি দুই লক্ষ টাকায় ক্রয় ও বিক্রয় করিবার চুক্তি হইলে ঐ ঘরের লওয়াজিমার একাংশের মূল্য নিরূপণ হইয়া তাহাও লইবার নিয়ম হইল। ঐ লওয়াজিমার মত মূল্য ধার্য্য হইবে এই বিষয়ে উভয় পক্ষের একমত হইতে না পারিলেও আদালত সেই চুক্তির নির্দ্দিষ্ট কার্য্য সাধন করিবার আজ্ঞা করিয়া সেই মোকদ্দমায় লওয়াজিমার মূল্য ধার্য্য করিয়া নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার ডিক্রীর মধ্যে ধরিতে পারিবেন কিম্বা কেবল ঘরের বিষয়ে ডিক্রী করিতে পারিবেন।

Specific performance of part of an agreement where the part unperformed is large.

15. Where a party to an agreement is unable to perform the whole of the agreement and the part which must be left unperformed forms a considerable portion of the whole, or does not admit of compensation in money, the party in default is not entitled to obtain a decree for specific performance. But the Court may, at the suit of the other party, direct the party in default to perform specifically so much of the agreement as he can perform, provided that the party seeking specific performance relinquishes all claim to further performance, and all right to compensation, either for the deficiency, or for the loss or damage sustained by him through the default of the other party.

Illustrations.

(*a*). A agrees to sell to B a piece of land consisting of 100 beeghas. It turns out that 50 beeghas of the land belong to A, and the other 50 beeghas to a stranger, who refuses to part with them. A cannot obtain a decree against B for the specific performance of the contract; but if B is willing to pay the price agreed upon, and to take the 50 beeghas which belong to A, waiving all right to compensation either for the deficiency or for loss sustained by him through A's neglect or default, B is entitled to a decree directing A to convey those 50 beeghas to him on payment of the purchase-money.

(*b*). A agrees to sell to B an estate with a house and garden for 1,00,000 rupees. It turns out that A is unable to convey the garden. A cannot obtain a decree against B for the specific performance of the contract; but if B is willing to pay the price agreed upon, and to take the estate and house without the garden, waiving all right to compensation either for the deficiency or for loss sustained by him through A's neglect or default, B is entitled to a decree, directing A to convey the house to him on payment of the purchase-money.

Bar in other cases of specific performance of part of agreement

16. Except in cases coming under one or other of the two last preceding sections, it is not competent for the Court to direct the specific performance of a part of an agreement.

Purchaser's rights against vendor with imperfect title.

17. Where a person agrees to sell or let certain property, having only an imperfect title thereto, the purchaser or lessee (except as otherwise provided by this chapter) has the following rights:—

(*a*) if the vendor or lessor has subsequently acquired any interest in the property, the purchaser

নিয়মের নির্দ্দিষ্ট কার্য্যের অধিকাংশ সাধন হইতে না পারিলে অন্য অংশ সম্পাদন করাইবার কথা।

১৫ ধারা। নিয়মের একপক্ষ সেই নিয়মমত সম্পূর্ণ কার্য সম্পাদন করিতে অক্ষম হইলে, এবং যে অংশটি অসাধ্য তাহা সম্পূর্ণ কার্য্যের বৃহদংশ হইলে, কিম্বা টাকা দ্বারা তাহার হানিপূরণ হইতে না পারিলে, যে পক্ষের ত্রুটি হয় তিনি নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার ডিক্রী পাইতে স্বত্ববান নহেন। কিন্তু অন্যপক্ষের প্রার্থনামতে আদালত ঐ ত্রুটিকারি পক্ষের প্রতি এই আদেশ করিতে পারেন, যে তিনি নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য যত দূর সাধন করিতে পারেন ঐ কার্য্য সাধন করাইবার সচেষ্ট ব্যক্তি তদপেক্ষা অধিক কার্য্য হইবার দাওয়া ত্যাগ করিলে, এবং অবশিষ্ট কার্য্যের নিমিত্ত কিম্বা অন্য পক্ষের ত্রুটিদ্বারা তাঁহার যে হানি কি ক্ষতি হয় তজ্জন্যে প্রতিকার পাইবার স্বত্ব ত্যাগ করিলে, ঐ ত্রুটিকারি ব্যক্তি নিয়মমত কার্য্য যত দূর সাধন করিতে পারেন তত দূর সাধন করেন ইতি।

উদাহরণ।

(ক) আনন্দ বলরামের নিকট ১০০/ বিঘা ভূমি বিক্রয় করিবার নিয়ম করেন। পরে দেখা গেল যে তম্মধ্যে কেবল ৫০ বিঘা আনন্দের, আর ৫০ বিঘা অন্য ব্যক্তির ও তিনি তাহা ত্যাগ করিতে সম্মত নহেন। আনন্দ সেই চুক্তির নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাওনার্থে বলরামের নামে ডিক্রী পাইতে পারেন না। কিন্তু যে মূল্য দিবার নিয়ম হইয়াছিল বলরাম সেই মূল্য দিতে সম্মত হইলে ও ঐ কম জমীর নিমিত্ত হানিপূরণ পাইবার ও আনন্দের তাচ্ছল্য কি ত্রুটি দ্বারা তাঁহার যে ক্ষতি হয় তাহার শোধ পাইবার স্বত্ব ত্যাগ করিয়া আনন্দের ঐ ৫০ বিঘা ভূমি লইতে সম্মত হইলে, বলরাম ঐ ৫০ বিঘার মূল্য দিয়া আনন্দের নামে তাহা হস্তান্তর করিয়া দিবার ডিক্রী পাইতে স্বত্ববান হন।

(খ) আনন্দ লক্ষ টাকা মূল্যে বলরামের নিকট বাটী ও ভূমিস্থ সম্পত্তি বিক্রয় করিবার নিয়ম করিলেন। পরে দেখা গেল যে সেই বাগান হস্তান্তর করিয়া দিতে আনন্দের ক্ষমতা নাই। আনন্দ ঐ চুক্তির নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাওনার্থে বলরামের বিপক্ষে ডিক্রী পাইতে পারেন না। কিন্তু যে মূল্য দিবার নিয়ম হইয়াছিল বলরাম সেই মূল্য দিয়া বাগান না থাকাহেতুক হানিপূরণ পাইবার ও আনন্দের তাচ্ছল্য কি ত্রুটিদ্বারা তাঁহার যে ক্ষতি হইল তাহার প্রতিকার পাইবার সকল স্বত্ব ত্যাগ করিয়া বাগান ভিন্ন ঐ মহাল লইতে সম্মত হইলে, আনন্দ তাঁহার নিকট ঘর হস্তান্তর করিয়া দেন ঐ টাকা দিলেই এই মর্ম্মের আজ্ঞাসূচক ডিক্রী পাইতে স্বত্ববান হন।

অন্যস্থলে নিয়মের নির্দ্দিষ্ট কার্য্যের এক অংশ সাধন করাইবার বাধার কথা।

১৬ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারার কোন এক ধারার মধ্যে যে মোকদ্দমা আইসে, তদ্ভিন্ন কোন আদালত নিয়মপত্রের নির্দ্দিষ্ট কার্য্যের অংশমাত্র সাধন করিবার আজ্ঞা দিতে ক্ষমতাপন্ন নহেন ইতি।

অসম্পূর্ণ স্বত্ব প্রাপ্ত বিক্রেতার বিপরীত ক্রেতার স্বত্বের কথা।

১৭ ধারা। কোন সম্পত্তিতে কোন ব্যক্তির সম্পূর্ণ স্বত্ব না থাকিলেও তিনি ঐ সম্পত্তি বিক্রয় করিবার কি পাট্টা করিয়া দিবার নিয়ম করিলে, এই অধ্যায়ে প্রকারান্তরের বিধান না থাকিলে ঐ ক্রেতার কি পাট্টাদারের এই২ স্বত্ব থাকিবে,—

(ক) বিক্রেতা কি পাট্টাদাতা পশ্চাৎ ঐ সম্পত্তিতে কোন স্বার্থ প্রাপ্ত হইলে, ক্রেতা কিম্বা পাট্টাদার

or lessee may compel him to make good the agreement out of such interest;

(*b*) where the concurrence of other persons is necessary to validate the title, and they are bound to convey at the vendor's or lessor's request, the purchaser or lessee may compel him to procure such concurrence;

(*c*) where the vendor professes to sell unincumbered property, but the property is mortgaged for an amount not exceeding the purchase-money, and the vendor has in fact only a right to redeem it, the purchaser may compel him to redeem the mortgage and obtain a conveyance from the mortgagee;

(*d*) where the vendor or lessor sues for specific performance of the agreement, and the suit is dismissed on the ground of his imperfect title, the defendant has a right to a return of his deposit (if any) with interest thereon, to the costs of the suit, and to a lien for such deposit, interest and costs on the property agreed to be sold or let.

Power to award compensation in certain cases.

18. Any person suing for the specific performance of an agreement, may also ask for compensation for its breach, either in addition to, or in substitution for, such performance.

If in any such suit the Court decides that specific performance ought not to be granted, but that there is a valid agreement between the parties which has been broken by the defendant, and that the plaintiff is entitled to compensation for that breach, it shall award him compensation accordingly.

If in any such suit the Court decides that specific performance ought to be granted, but that it is not sufficient to satisfy the justice of the case, and that some compensation for breach of the agreement should also be made to the plaintiff, it shall award him such compensation accordingly.

Compensation awarded under this section may be assessed in such manner as the Court may direct.

EXPLANATION.—The circumstance that the agreement has become incapable of specific performance does not preclude the Court from exercising the jurisdiction conferred by this section.

Illustrations.

(*a*). A, a purchaser, sues B, his vendor, for specific performance of an agreement for the sale of a patent. Before the hearing of the suit, the patent expires. The Court may award A compensation for the non-performance of the agreement.

তাঁহাকে সেই স্বার্থহইতে বলপূর্ব্বক ঐ নিয়ম সিদ্ধ করাইতে পারিবেন।

(খ) স্বত্বসিদ্ধ করিবার জন্যে অন্য ব্যক্তিদের সম্মতির প্রয়োজন হইলে, ও তাঁহারা বিক্রেতার কি পাট্টাদাতার আদেশমতে হস্তান্তর করিতে বদ্ধ হইলে, ক্রেতা কি পাট্টাদার তাঁহাকে বলপূর্ব্বক তাঁহাদের সম্মতি গ্রহণ করাইতে পরিবেন।

(গ) বিক্রেতা দায়ব্যতীত সম্পত্তি বিক্রয় করিতেছেন বলিলেও, সেই সম্পত্তি ক্রয়ের মূল্যের অনধিক টাকার নিমিত্ত বন্ধক রাখা গেলে, ও বিক্রেতার বাস্তবিক সেই বন্ধকহইতে মুক্ত করিবার স্বত্বমাত্র থাকিলে, ক্রেতা তাঁহাকে বলপূর্ব্বক সেই বন্ধকহইতে সম্পত্তি মুক্ত করাইয়া বন্ধকগ্রহীতার স্থানে হস্তান্তরকরণপত্র গ্রহণ করাইতে পারিবেন।

(ঘ) বিক্রেতা কি পাট্টাদাতা ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার জন্যে মোকদ্দমা উপস্থিত করিলে, ও তাঁহার অসম্পূর্ণ স্বত্ব হেতুক মোকদ্দমা ডিসমিস হইলে, প্রতিবাদী টাকা আমানৎ করিয়া থাকিলে সুদ সমেত তাঁহার সেই টাকা ফিরিয়া পাইবার ও মোকদ্দমার খরচ পাইবার অধিকার আছে, ও যে সম্পত্তি বিক্রয় করিবার কি পাট্টা করিয়া দিবার নিয়ম ছিল ঐ আমানতী টাকার ও সুদের ও খরচার নিমিত্ত ঐ সম্পত্তির উপর তাঁহার দাওয়া থাকিবে ইতি।

স্থলবিশেষে হানিপূরণের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

১৮ ধারা। কোন ব্যক্তি নিয়মপত্রের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিলে, ঐ কার্য্য সাধন হওয়ার অতিরিক্ত কি তৎপরিবর্ত্তে ঐ নিয়মভঙ্গহেতুক হানিপূরণেরও প্রার্থনা করিতে পারিবেন।

তদ্রূপ মোকদ্দমায় নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার আজ্ঞা দেওয়া উচিত নয়, কিন্তু উভয়পক্ষের মধ্যে প্রামাণিক নিয়ম হইয়াছে ও প্রতিবাদী সেই নিয়ম ভঙ্গ করিয়াছেন ও নিয়মভঙ্গহেতুক বাদির হানিপূরণ পাইবার স্বত্ব আছে আদালত ইহা নিষ্পত্তি করিলে, তদনুসারে তাঁহার হানিপূরণ পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

তদ্রূপ মোকদ্দমায়, নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার আজ্ঞা করা উচিত, কিন্তু মোকদ্দমার ন্যায়বিচার রক্ষা করণার্থে সেই আজ্ঞামাত্র নয়, নিয়মভঙ্গহেতুক বাদির হানিপূরণও করা উচিত, আদালত এমত নিষ্পত্তি করিলে তদনুসারে তাঁহার হানিপূরণও পাইবার আজ্ঞা করিবেন।

এই ধারামতে হানিপূরণের আজ্ঞা হইলে আদালত যদ্রূপে আজ্ঞা করেন তাহা তদ্রূপে ধার্য্য হইবে।

ব্যাখ্যা।—এই ধারায় আদালতের প্রতি যে ক্ষমতা প্রদান করা গেল ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য অসাধ্য হইলেও আদালতের সেই ক্ষমতামতে কার্য্য করিবার বাধা নাই ইতি।

উদাহরণ।

(ক) আনন্দ নামক ক্রেতা পেটেণ্ট বিক্রয় করিবার নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার জন্যে বিক্রেতা বলরামের নামে মোকদ্দমা উপস্থিত করেন। মোকদ্দমা শ্রবণ হইবার পূর্ব্বে ঐ পেটেণ্টের মিয়াদ গত হয়। নিয়মমত কার্য্য সাধন না হওয়া প্রযুক্ত আদালত আনন্দের হানিপূরণ পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

(*b*). A agrees with B to sell him a house for Rs. 1,000, the price to be paid and the possession given on the 1st January 1876. A fails to perform his part of the agreement, and B brings his suit for specific performance, which is decided in his favour on the 1st January 1877. The decree may, besides ordering specific performance, award to B compensation for any loss or damage which he has sustained by A's refusal.

(*c*). A sues for the specific performance of a resolution passed by the directors of a public company, under which he was entitled to have a certain number of shares allotted to him. All the shares had been allotted before the institution of the suit. The Court may, under this section, award A compensation for the non-performance.

(*d*). A contracts to sell a hundred maunds of rice to B. B brings a suit to compel A to perform the agreement or to pay compensation. The Court is of opinion that A has made a valid contract and has broken it without excuse to the injury of B, but that specific performance is not the proper remedy. It shall award to B such compensation as it deems just.

Liquidation of damages not a bar to specific performance.

19. An agreement, otherwise proper to be specifically enforced, may be thus enforced, though a sum be named in the agreement as the amount to be paid in case of its breach, and the party in default is willing to pay the same.

Illustration.

A agrees to grant B an underlease of property held by A under C, and covenants that if C refuses to grant a license necessary for that purpose, A will pay B Rs. 10,000. A refuses to apply for the license and offers to pay B the Rs. 10,000. B is nevertheless entitled to have the agreement specifically enforced.

(*b*). *Agreements which cannot be specifically enforced.*

Agreements not specifically enforcible.

20. The following agreements cannot be specifically enforced: —

(*a*) an agreement for the breach of which compensation could not be recovered ;

(*b*) an agreement for the non-performance of which compensation in money is an adequate relief, and which does not come within section twelve, clause (*a*) ;

(*c*) an agreement which runs into such minute or numerous details, or which from its nature is such, that the Court cannot enforce specific performance of all its material terms ;

(খ) আনন্দ ১০০০ টাকা মূল্যে বলরামের নিকট ঘর বিক্রয় করিয়া, ১৮৭৬ সালের জানুয়ারি মাসের ১ তারিখে ঐ মূল্য লইয়া ঘরের অধিকার দিবার নিয়ম করিলেন। ঐ নিয়মমতে আনন্দের যাহা কর্ত্তব্য ছিল তিনি তাহা না করাতে বলরাম নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার জন্যে মোকদ্দমা উপস্থিত করিলে ১৮৭৭ সালের জানুয়ারি মাসের ১ তারিখে তাঁহার সপক্ষে মোকদ্দমা নিষ্পত্তি হইল। ডিক্রীতে নির্দ্দিষ্ট কার্য্যসাধন করিবার আজ্ঞাভিন্ন, আনন্দের অসম্মতি হেতুক বলরামের যে ক্ষতি বা হানি হয় তাহারও পূরণ করিবার আজ্ঞা থাকিতে পারিবে।

(গ) প্রকাশ্য কোম্পানির কর্ম্মাধ্যক্ষেরা কোন নির্দ্ধারণপত্র করিলে তদনুসারে আনন্দের কএকখানি শ্যার পাইবার স্বত্ব জন্মে ও তিনি সেই নির্দ্ধারণপত্রের নির্দ্দিষ্ট কার্য্য সাধন হইবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করেন, মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্বে সেই সকল শ্যার নিরূপণ করিয়া দেওয়া গিয়াছিল। আদালত উক্ত কার্য্য সাধন না করা প্রযুক্ত এই ধারামতে আনন্দের হানিপূরণ পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

(ঘ) আনন্দ বলরামের নিকট ১০০ মণ চাউল বিক্রয় করিতে চুক্তি করিলেন। বলরাম আনন্দের সেই নিয়মমতে কার্য্য করাইবার কিম্বা হানিপূরণ পাইবার নিমিত্ত তাঁহার নামে মোকদ্দমা উপস্থিত করেন। আনন্দ প্রামাণিক চুক্তি করিলে পর কারণ বিনা তাহা ভঙ্গ করিয়া বলরামের হানি করিয়াছেন কিন্তু নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাণ ইহার উপযুক্ত প্রতিকার নয় আদালতের এই অভিমত হইলে বলরামের যত হানিপূরণ ন্যায্য বোধ করেন তাঁহার ততই পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

হানিপূরণের টাকা শোধ হইলেও নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার বাধা না হওয়ার কথা।

১৯ ধারা। নিয়ম ভঙ্গ হইলে যত টাকা দণ্ড দিতে হইবে ইহা নিয়মপত্রে লেখা থাকিলে এবং যে ব্যক্তির ক্রটি হইল তিনি ঐ টাকা দিতে সম্মত হইলেও যদি প্রকারান্তরে ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করা উচিত হয় তবে তদ্রূপেই প্রবল করা যাইতে পারিবে ইতি।

উদাহরণ।

আনন্দ চন্দ্রের অধীনে যে সম্পত্তি ভোগ করেন বলরামকে তাহার পেটাও পাট্টা দিবার নিয়ম করিয়া সেই কার্য্যপক্ষে চন্দ্রের যে পাট্টা দেওয়া আবশ্যক তিনি তাহা না দিলে বলরামকে ১০০০০ টাকা দিবার নিয়ম করেন। আনন্দ সেই পাট্টা চাহিয়া লইতে অসম্মত হইয়া বলরামকে ঐ ১০০০০ টাকা দিতে চাহিলেন। তাহা হইলেও বলরামের সেই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার স্বত্ব আছে।

(খ)—যে নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করা যাইতে না পারে তদ্বিষয়ক বিধি।

যে নিয়ম নির্দ্দিষ্টমতে সাধন করাণ যাইতে না পারে তাহার কথা।

২০ ধারা। নিম্নলিখিত নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য বলপূর্ব্বক সাধন করাণ যাইতে পারিবে না,—

(ক) যে নিয়মভঙ্গ হইলেও হানিপূরণ পাওয়া যাইতে না পারে তাহা।

(খ) যে নিয়ম সাধন না হইলে টাকা দ্বারা তাহার উপযুক্ত হানিপূরণ হইতে পারে ও যাহা ১২ ধারার (ক) প্রকরণের মধ্যে না আইসে তাহা।

(গ) নিয়মপত্রে ক্ষুদ্র২ কি বহুসংখ্যক বিশেষ২ কথা থাকাতে কিম্বা তাহার ভাব প্রযুক্ত আদালত তাহার গুরুতর সকল নিয়মানুযায়ি নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইতে না পারিলে তাহা।

(*d*) an agreement which is in its nature revocable;

(*e*) an agreement entered into by trustees either in excess of their powers or in breach of their trust;

(*f*) an agreement entered into by or on behalf of a corporation or public company created for special purposes, or by the promoters of such company, which is in excess of its powers;

(*g*) an agreement the performance of which involves the performance of a continuous duty extending over a longer period than five years from its date;

(*h*) an agreement to submit a controversy to arbitration.

Illustrations.

To (*a*).—A agrees in consideration of Rs. 500 to obtain an office under the Crown for B. This agreement cannot be specifically enforced.

A, a banker holding bills as a security for advances to B, takes a guarantee from B's brother, C, that the loss to the bank should not exceed Rs. 20,000. This transaction took place after B had commenced proceedings for the liquidation of his affairs, and unknown to his other creditors with a view to prevent A from opposing a composition. The guarantee cannot be specifically enforced, as the transaction would have the effect of giving A an undue advantage over B's other creditors.

A, a military pensioner of Government, in consideration of Rs. 500, agrees to assign to B all future payments in respect of his pension. This agreement cannot be specifically enforced.

A husband and wife, professing the Christian religion, enter into an agreement providing for their future separation. This agreement cannot be specifically enforced.

A agrees to grant B a lease of a certain house. The length of the term to be granted is not stated, nor the date at which it is to commence. This agreement cannot be specifically enforced.

A agrees with B to take from B a lease of a certain house for a specified term, at a specified rent, "if the drawing-room is handsomely decorated." This agreement cannot be specifically enforced.

Z, a resident in Calcutta, agrees, as trustee for B, a resident in Australia, to sell to C an annuity to which B is entitled for his life. The day before the date of the agreement B had died. Z cannot enforce this agreement.

A, the lessee of a house much out of repair, agrees to sell the lease to B. Before the sale, A receives from his landlord a notice of re-entry in default of the premises being repaired. A does not communicate this notice to B, who enters and is ejected in consequence of the non-repair. A cannot enforce the agreement against B.

(ঘ) যে নিয়মপত্রের ভাবানুসারে তাহা অসিদ্ধ করা যাইতে পারে তাহা।

(ঙ) ন্যাসধারিরা আপনাদের ক্ষমতার অতিরিক্ত ভাবে কিম্বা ন্যাসভঙ্গ করিয়া যে নিয়ম করেন তাহা।

(চ) বিশেষ কার্য্যোপলক্ষে যে সমাবারিত সমাজ কি প্রকাশ্য কোম্পানি সৃষ্ট হয় তদ্দ্বারা কিম্বা তৎপক্ষে কিম্বা ঐ কোম্পানির প্রবর্ত্তকদের দ্বারা আপনাদের ক্ষমতার অতিরিক্ত যে নিয়ম করা যায়, তাহা

(ছ) যে নিয়মমত কার্য্যসাধন করিতে গেলে, নিয়মের তারিখঅবধি পাঁচ বৎসরের অধিককাল নিয়ত সেই কার্য্য চলিবে তাহা।

(জ) বিবাদ সালীসীতে অর্পণ করণার্থ নিয়ম ইতি।

উদাহরণ।

(ক) প্রকরণের।—আনন্দ ৫০০৲ টাকা পাইলে বলরামকে কোন রাজকীয়পদ দেওয়াইতে নিয়ম করেন। এই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য প্রবল করাণ যাইতে পারিবে না।

আনন্দ নামক এক জন বণিক বলরামকে অগ্রিম টাকা দিয়া তাহার জামিনস্বরূপ কএকখানি বিল প্রাপ্ত হইয়া, ব্যাঙ্কের ২০০০০৲ টাকার অধিক হানি না হয় বলরামের ভ্রাতা চন্দ্রের স্থানে এই মর্ম্মের প্রতিভূপত্র গ্রহণ করেন। বলরাম উত্তমর্ণদের সঙ্গে রফা করিলে আনন্দ তাহার বাধক না হন, এই কারণে অন্য উত্তমর্ণদের অজ্ঞাতসারে বলরাম আপন ব্যবসায়াদির ঋণ শোধ করণে প্রবর্ত হইলে পর তাঁহার ভ্রাতার সঙ্গে আনন্দের উক্ত ব্যাপার হইয়াছিল। চন্দ্রের ঐ প্রতিভূপত্র নির্দ্দিষ্টমতে প্রবল করা যাইতে পারিবে না, কারণ উক্ত ব্যাপারদ্বারা বলরামের অন্য উত্তমর্ণ অপেক্ষা আনন্দের অনুচিত প্রাধান্য হয়।

আনন্দ নামক গবর্ণমেণ্টের সৈনিক পেনশ্যন ভোগি ব্যক্তি বলরামের সঙ্গে এই নিয়ম করিলেন যে আমাকে ৫০০ শত টাকা দিলে আমি ইহার পর পেনশান বলিয়া যত টাকা পাই তাহা তোমাকে দিব। এই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য প্রবল করাণ যাইতে পারিবে না।

খ্রীষ্টীয়ধর্ম্মাবলম্বি স্বামী ও স্ত্রী স্বতন্ত্র বাস করিবার বিধানসূচক নিয়মপত্র করিলেন। ঐ নিয়মপত্রের নির্দ্দিষ্ট কার্য্য প্রবল করাণ যাইতে পারিবে না।

আনন্দ বলরামকে কোন ঘর পাট্টা করিয়া দিবার নিয়ম করিলেন। পাট্টার মিয়াদ ও যে অবধি চলিবে নিয়মের মধ্যে ইহার উল্লেখ হয় নাই। এই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য প্রবল করাণ যাইতে পারিবে না।

"উপবেশন গৃহ অতি সুন্দর রূপে রঞ্জিত হওয়ার নিয়মে" আনন্দ বলরামের স্থানে নির্দ্দিষ্ট ভাড়া দিয়া নির্দ্দিষ্ট সময়ের নিমিত্ত কোন বাটী লইবার নিয়ম করেন। এই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য প্রবল করাণ যাইতে পারিবে না।

অষ্ট্রেলিয়া নিবাসি বলরাম যাবজ্জীবন যে বার্ষিক বৃত্তি পাইবার স্বত্ববান হন কলিকাতা নিবাসি যদুনাথ ঐ বলরামের পক্ষে ন্যাসধারী হইয়া চন্দ্রের নিকট ঐ বৃত্তি বিক্রয় করিবার নিয়ম করেন। ঐ নিয়মের তারিখের পূর্ব্ব দিনে বলরামের মৃত্যু হইল, যদুনাথ ঐ নিয়ম প্রবল করাইতে পারিবেন না।

অত্যন্ত জীর্ণ ঘরের পাট্টাদার আনন্দ বলরামের নিকট ঐ পাট্টা বিক্রয় করিবার নিয়ম করিলেন। বিক্রয়ের পূর্ব্বে ঘরের স্বামী ঐ আনন্দের নামে এই মর্ম্মের নোটিস দিলেন যে, এ ঘর মেরামত করা না গেলে আমি তাহা ফিরিয়া লইব। আনন্দ বলরামকে এই নোটিসের কোন কথা না বলাতে বলরাম সেই ঘরে গিয়া বাস করিলেন ও মেরামত না হওয়াতে তাঁহাকে উঠাইয়া দেওয়া গেল। আনন্দ বলরামের বিপক্ষে ঐ নিয়ম প্রবল করাইতে পারিবেন না।

A, the owner of a patent, agrees to sell it to B. B institutes a suit to compel specific performance of this agreement. Before the suit is heard the patent expires. Specific performance of the agreement cannot be compelled.

On A's marriage with B, A's father, C, agrees with B's father, D, to settle certain lands on A and his children by B. D sues C to enforce specific performance of this agreement. C proves that the agreement was conditional on D settling a lakh of rupees on A and his children by B, and that D had not settled such lakh accordingly. The suit must be dismissed.

A, an author, agrees with B, a publisher, to complete a literary work, and dies before doing so. The agreement requiring A's personal skill and taste is discharged by his death, and B cannot enforce its performance as against A's representative.

A, a shoemaker, agrees with B to receive B's son as an apprentice for a term of years and teach him shoemaking. A dies before the expiration of the term. B cannot enforce performance of the agreement.

A and B enter into an agreement to become partners for a term and afterwards agree to rescind it.

A agrees to buy B's business at the amount of a valuation to be made by two valuers, one to be named by A and the other by B. A and B each name a valuer, but before the valuation is made A instructs his valuer not to proceed.

A agrees to buy certain houses in Calcutta, and before the completion of the agreement becomes insolvent. A's assignee, in exercise of his option under the Indian Insolvent Act, abandons the agreement.

In none of these cases can the agreement be specifically enforced.

To (b).—A agrees to sell, and B agrees to buy, a lakh of rupees in the four per cent. loan of the Government of India.

A agrees to sell, and B agrees to buy, 40 chests of indigo at Rs. 1,000 per chest.

In consideration of certain property having been transferred by A to B, B agrees to open a credit in A's favour to the extent of Rs. 10,000, and to honor A's drafts to that amount.

These agreements cannot be specifically enforced, for, in the first and the second both A and B, and in the third A, would be reimbursed by compensation in money.

To (c).—A agrees to render personal service to B.

A agrees to employ B on personal service.

By a charter party entered into in Calcutta between A, the owner of a ship, and B, the charterer, it is agreed

আনন্দ পেটণ্টের স্বামী হইয়া বলরামের নিকট তাহা বিক্রয় করিবার নিয়ম করিলেন। বলরাম ঐ নিয়মের নির্দ্দিষ্টকার্য্য সাধন করাইবার জন্যে মোকদ্দমা উপস্থিত করেন। মোকদ্দমা শ্রবণের পূর্ব্বে ঐ পেটণ্টের মিয়াদ গত হয়। ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাণ যাইতে পারিবে না।

আনন্দের সঙ্গে বামার বিবাহ হইলে, আনন্দের পিতা চন্দ্র বামার পিতা দিননাথের নিকট আনন্দের পক্ষে ও বামার গর্ব্ভে তাঁহার যেং সন্তান জন্মে তাঁহাদের পক্ষে কতক ভূমি নিরূপণ করিয়া দিবার নিয়ম করিলেন। দিননাথ ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার জন্যে চন্দ্রের নামে মোকদ্দমা উপস্থিত করিলে দিননাথ আনন্দের পক্ষে ও বামার গর্ব্ভে তজ্জাত সন্তানদের পক্ষে লক্ষ টাকা নিরূপণ করিবার অঙ্গীকার করাতে ঐ নিয়ম করা গিয়াছিল ও দিননাথ ঐ লক্ষ টাকা নিরূপণ করেন নাই চন্দ্র ইহার প্রমাণ করিলেন। মোকদ্দমা ডিসমিস করিতে হইবে।

আনন্দ নামক পুস্তক লেখক বলরাম নামক পুস্তক প্রকাশকের নিকট এক খানি পুস্তক লিখিয়া সমাপ্ত করিবার নিয়ম করিলেন, কিন্তু পুস্তক সমাপ্ত হইবার পূর্ব্বে তাঁহার মৃত্যু হইল। আনন্দের নিজ কৌশল ও বুদ্ধিসাধ্য কর্ম্ম সম্পাদন করিবার ঐ নিয়ম তাঁহার মৃত্যু দ্বারা নিবৃত্ত হইল ও আনন্দের স্থলাভিষিক্তের বিপক্ষে বলরাম ঐনিয়মমত কার্য্য সাধন করাইতে পারিবেন না।

আনন্দ নামক চর্ম্মকার বলরামের সন্তানকে কএক বৎসর শিক্ষার্থি স্বরূপ রাখিয়া তাহাকে কর্ম্ম শিক্ষাইতে বলরামের সঙ্গে নিয়ম করিল। ঐ মিয়াদ গত না হইতেং আনন্দের মৃত্যু হয়। বলরাম সেই নিয়মমত কার্য্যসাধন করাইতে পারিবেন না।

আনন্দ ও বলরাম নিরূপিত কালের নিমিত্ত অংশি হইয়া কর্ম্ম করিবার নিয়ম করিয়া পরে একবাক্য হইয়া সেই নিয়ম ব্যর্থ করেন।

আনন্দের মনোনীত এক জন ও বলরামের মনোনীত অন্য জন যাচনদার হইয়া বলরামের ব্যবসায়ের মূল্য নিরূপণ করিলে আনন্দ সেই মূল্য দিয়া ঐ ব্যবসায় ক্রয় করিবার নিয়ম করিলেন। আনন্দ ও বলরাম একং জন যাচনদার মনোনীত করিলেন কিন্তু মূল্য নিরূপণ হইতে না হইতে আনন্দ আপনার যাচনদারকে ঐ কার্য্যে আর হস্তক্ষেপ না করিতে আজ্ঞা করিলেন।

আনন্দ কলিকাতায় কএকটা ঘর ক্রয় করিবার নিয়ম করিলেন, কিন্তু নিয়ম মতে কার্য্য সম্পাদনের পূর্ব্বে তিনি ঋণশোধ করিতে অক্ষম হইলেন। আনন্দের আসৈনী ভারতবর্ষীয় যোত্রহীন ঋণি বিষয়ক আইন অনুসারে স্বেচ্ছাক্রমে কার্য্য করিবার যে ক্ষমতাপ্রাপ্ত হন তদনুসারে ঐ নিয়ম ত্যাগ করিলেন।

ইহার মধ্যে কোন স্থলে ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন হইতে পারিবে না।

(খ) প্রকরণের উদাহরণ।—আনন্দ ভারতবর্ষের গবর্ণমেণ্টের শতকরা চারি টাকার লোনের লক্ষ টাকার কাগজ ক্রয় করিবার ও বলরাম তাহা বিক্রয় করিবার নিয়ম করিলেন।

আনন্দ ১০০০ টাকা করিয়া ৪০ বাক্স নীল বিক্রয় করিবার ও বলরাম তাহা ক্রয় করিবার নিয়ম করিলেন।

আনন্দ বলরামের নামে কতক সম্পত্তি হস্তান্তর করিয়া দেওয়াতে বলরাম আনন্দের পক্ষে ১০,০০০ টাকা পর্য্যন্ত জমা খরচের হিসাব রাখিয়া তত টাকা পর্য্যন্ত যত চ্যাক দেন তাহার টাকা দিবার নিয়ম করিলেন।

এইং নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাণ যাইতে পারে না, কারণ প্রথম ও দ্বিতীয় প্রকরণের উল্লিখিত স্থলে টাকাদ্বারা আনন্দের ও বলরামের, ও তৃতীয় প্রকরণের স্থলে আনন্দের হানিপূরণ করা যাইতে পারে।

(গ) প্রকরণের উদাহরণ।—আনন্দ বলরামের নিকট চাকরী করিবার নিয়ম করিলেন।

আনন্দ বলরামকে চাকরী দিয়া রাখিবার নিয়ম করেন।

বলরাম জাহাজ ভাড়া করিয়া লইতে ইচ্ছুক হইয়া কলিকাতায় জাহাজের স্বামি আনন্দের জাহাজ ভাড়া করিয়া লইবার নিয়ম

that the ship shall proceed to Rangoon, and there load a cargo of rice, and thence proceed to London, freight to be paid, one-third on arrival at Rangoon, and two-thirds on delivery of the cargo in London.

করিয়া এই বিধান করিলেন যে, জাহাজ রাঙ্গুনে গিয়া চাউল বোঝাই করিয়া লণ্ডন নগরে যাইবে, রাঙ্গুনে পঁহুছিলে ভাড়ার তৃতীয়াংশ দেওয়া যাইবে ও লণ্ডন নগরে বোঝাইদ্রব্য পঁহুছাইয়া দিলে ভাড়ার তিন অংশের আর দুই অংশ দেওয়া যাইবে।

These agreements cannot be specifically performed.

এই২ নিয়মপত্রের নির্দ্দিষ্ট কার্য্য প্রবল করান যাইতে পারিবে না।

A lets land to B and B agrees to cultivate it in a particular manner for three years next after the date of the lease. A is not entitled to have this agreement specifically performed.

আনন্দ বলরামকে ভূমি পাট্টা করিয়া দিলে বলরাম ঐ পাট্টার তারিখ অবধি তিন বৎসর পর্য্যন্ত ভূমি বিশেষমতে কৃষি করিবার নিয়ম করিলেন। আনন্দের সেই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার স্বত্ব নাই।

A and B agree that in consideration of annual advances to be made by A, B will for three years next after the date of the agreement grow particular crops on the land in his possession, and deliver them to A when cut and ready for delivery. A is not entitled to have this agreement specifically performed.

আনন্দ ও বলরাম পরস্পর এই নিয়ম করিলেন যে, আনন্দ বৎসর২ অগ্রিম টাকা দিলে, বলরাম ঐ নিয়মপত্রের তারিখ অবধি তিন বৎসর পর্য্যন্ত আপনার অধিকারগত ভূমিতে বিশেষ প্রকারের ফসল উৎপন্ন করাইয়া কাটিয়া পঁহুছাইয়া দিবার উপযুক্ত হইলে আনন্দের নিকট পঁহুছাইয়া দিবেন। আনন্দের এই নিয়মপত্রের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার স্বত্ব নাই।

A agrees with B that in consideration of Rs. 1,000 to be paid to him by B, he will paint a picture for B.

বলরাম আমাকে ১০০০ টাকা দিলে আমি তাহার নিমিত্ত ছবি প্রস্তুত করিব, বলরামের সঙ্গে আনন্দ এই নিয়ম করিলেন।

A agrees with B to execute certain works which the Court cannot superintend.

আদালত যে কার্য্যের তত্ত্বাবধারণ করিতে না পারেন আনন্দ বলরামের নিকট এমত কোন কার্য্য করিবার নিয়ম করিলেন।

A agrees to supply B with all the goods of a certain class which B may require.

বলরাম বিশেষ প্রকারের যত দ্রব্য চাহেন আনন্দ তাহা যোগাইয়া দিবার নিয়ম করিলেন।

These agreements cannot be specifically enforced.

এই২ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করান যাইতে পারিবে না।

To (*d*).—A and B agree to become partners in a certain business, the agreement not specifying the duration of the proposed partnership. This agreement cannot be specifically performed, for, if it were so performed, either A or B might at once dissolve the partnership.

(ঘ প্রকরণের উদাহরণ।—আনন্দ ও বলরাম অংশী হইয়া কোন ব্যবসায় চালাইবার নিয়ম করিলেন কিন্তু সেই প্রস্তাবিত অংশিত্ব কত দিন থাকিবে নিয়মপত্রে ইহার কথা নাই। এই নিয়ম নির্দ্দিষ্টমতে সাধন করান যাইতে পারে না কারণ সাধন করাইতে গেলে আনন্দ কিম্বা বলরাম একেবারে সেই অংশিত্ব লোপ করিতে পারেন।

To (*e*).—A is a trustee of land with power to lease it for seven years. He enters into an agreement with B to grant a lease of the land for seven years, with a covenant to renew the lease at the expiry of the term. This agreement cannot be specifically enforced.

(চ)প্রকরণের উদাহরণ।—আনন্দ ন্যাসস্বরূপ ভূমিপ্রাপ্ত হইয়া সাত বৎসর পর্য্যন্ত তাহা পাট্টা করিয়া দিতে ক্ষমতাপন্ন হন। তিনি বলরামকে সাতবৎসর ঐ ভূমি পাট্টা করিয়া দিবার নিয়ম করিয়া ঐ মিয়াদ ফুরাইলে পর ঐ পাট্টা নূতন করিয়া দিতে অঙ্গীকার করিলেন। এই নিয়মপত্রের নির্দ্দিষ্ট কার্য্য প্রবল করা যাইতে পারিবে না।

The directors of a company have power to sell the concern with the sanction of a general meeting of the shareholders. They contract to sell it without any such sanction. This contract cannot be specifically enforced.

কোন কোম্পানির কার্য্যসম্পাদকেরা সাধারণ সভাগত অংশিদের অনুমতি পাইলে ঐ ব্যাপার বিক্রয় করিতে ক্ষমতাপন্ন আছেন। তাঁহারা উক্ত অনুমতি না পাইয়া তাহা বিক্রয় করিবার চুক্তি করিলেন। ঐ চুক্তির নির্দ্দিষ্ট কার্য্য সাধন করান যাইতে পারে না।

Two trustees, A and B, empowered to sell trust-property worth a lakh of rupees, agree to sell it to C for Rs. 30,000. The agreement is so disadvantageous as to be a breach of trust. C cannot enforce its specific performance.

লক্ষ টাকা মূল্যের সম্পত্তি ন্যাসস্বরূপে ন্যাসধারী আনন্দের ও বলরামের হস্তগত থাকে ও তাঁহাদের সেই সম্পত্তি বিক্রয় করিবার ক্ষমতা থাকিলে তাঁহারা চন্দ্রের নিকট ৩০,০০০ টাকাতে তাহা বিক্রয় করিবার নিয়ম করিলে সেই নিয়ম অত্যন্ত ক্ষতিজনক হওয়াতে ন্যাসভঙ্গের তুল্য হয়। চন্দ্র ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইতে পারিবেন না।

The promoters of a company for working mines agree that the company, when formed, shall purchase certain mineral property. They take no proper precautions to ascertain the value of such property, and in fact agree to pay an extravagant price therefor. They also stipulate that the vendors shall give them a bonus out of the purchase-money. This contract cannot be specifically enforced.

খনির কার্য্য চালাইবার কোন কোম্পানির প্রবর্ত্তকেরা এই নিয়ম করিলেন যে, কোম্পানি স্থাপন হইলে পর ধাতু ঘটিত কোন সম্পত্তি ক্রয় করিবেন কিন্তু ঐ সম্পত্তির মূল্য নিশ্চয়রূপে জানিয়া লইবার কোন সদুপায় করিলেন না বরং তাহার অতিরিক্ত মূল্য দিবার নিয়ম করিলেন। এবং ঐ মূল্য হইতে বিক্রেতারা তাহাদিগকে পণও দিবেন এই নিয়ম করিলেন। এই চুক্তি নির্দ্দিষ্টমতে প্রবল করান যাইতে পারিবে না।

To (*f*).—A railway company contracts for the purchase of a piece of land for the purpose of erecting a cotton-mill thereon. This contract cannot be specifically enforced.

(ছ) প্রকরণের উদাহরণ।—কোন রেলওয়ে কোম্পানি তুলার কারখানা করিবার নিমিত্ত এক খণ্ড ভূমি ক্রয় করিবার চুক্তি করিলেন। ঐ চুক্তি নির্দ্দিষ্টমতে প্রবল করান যাইতে পারিবে না।

To (*g*).—A agrees to let for twenty-one years to B the right to use such part of a certain railway made by A as was upon B's land, and that B should have a right of running carriages over the whole line on certain terms, and might require A to supply the necessary engine-power, and that A should during the term keep the whole railway in good repair. Specific performance of this contract must be refused to B.

(জ) প্রকরণের উদাহরণ।—আনন্দ রেলপথ প্রস্তুত করিয়া তাহার যে অংশ বলরামের ভূমিতে পড়ে পাট্টা করিয়া বলরামকে একুশ বৎসর পর্য্যন্ত সেই অংশের ব্যবহার করিবার স্বত্ব দিলেন, এবং কোন২ নিয়মক্রমে বলরাম সেই সম্পূর্ণ রেল পথে গাড়ী চালাইবার স্বত্ব প্রাপ্ত হইবেন ও যে কলের গাড়ীর প্রয়োজন থাকে আনন্দের প্রতি তাহা যোগাইয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন ও সেই মিয়াদের নিমিত্ত আনন্দ সম্পূর্ণ রেল পথ সারাইয়া রাখিবেন এই২ নিয়ম করিলেন। বলরামের পক্ষে এই চুক্তির নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার অনুমতি দেওয়া যাইতে পারিবে না।

(*c.*) *Of the Discretion of the Court.*

(গ) আদালতের স্বীয় বিবেচনাধীন কার্য্যবিষয়ক কথা।

Discretion as to decreeing specific performance.

21. The jurisdiction to decree specific performance is discretionary, and the Court is not bound to grant such relief, merely because it is lawful to do so; but the discretion of the Court is not arbitrary but sound and reasonable, guided by judicial principles and capable of correction by a Court of appeal.

নির্দ্দিষ্ট কার্য্য সাধন বিষয়ক ডিক্রী করণ বিষয়ে স্বীয় বিবেচনাধীন কার্য্যের কথা।

২১ ধারা। নির্দ্দিষ্ট কার্য্য সাধন করিবার ডিক্রী করণের ক্ষমতা আদালতের বিবেচনাধীন। ও তাহা করা আইন অনুযায়ি এইমাত্র কারণে আদালত তদ্রূপ উপকার করিতে বদ্ধ নহেন। কিন্তু আদালতের স্বীয়বিবেচনাধীন সেই কার্য্য যথেচ্ছ নয় তাহা সৎমতানুযায়ি ও যুক্তিসঙ্গত ও সদ্বিচারের মূলনিয়মানুযায়ি হইবে ও আপীল আদালতে তাহা সংশোধন করা যাইতে পারিবে।

The following are cases in which the Court may properly exercise a discretion not to decree specific performance:—

নিম্নলিখিত স্থলে আদালত স্বীয় বিবেচনানুসারে নির্দ্দিষ্ট কার্য্য সাধন করিবার ডিক্রী উপযুক্তরূপে না করিতে পারিবেন,—

I. Where, though it is clear that an agreement has been made and broken, the Court cannot find, with reasonable certainty, what are the terms of the agreement of which specific performance is sought.

১। নিয়ম করা গিয়াছে ও ভঙ্গ হইয়াছে ইহা স্পষ্ট হইলেও, যে নিয়মপত্রের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার চেষ্টা হয় আদালত সঙ্গতভাবে তাহার বিধান নিশ্চিতরূপে জানিতে না পারিলে।

Illustration.

উদাহরণ।

(*a*). A, the owner of a refreshment-room, agrees with B to give him accommodation there for the sale of his goods and to furnish him with the necessary appliances. A refuses to perform his agreement. The case is one for compensation and not for specific performance, the amount and nature of the accommodation and appliances being undefined.

(ক) আহারাগারের স্বামী আনন্দ বলরামের মাল বিক্রয় করিবার জন্যে তাঁহাকে আপন ঘরে স্থান দিবার এবং তাঁহার কার্য্যের প্রয়োজনীয় সকল বিষয় যোগাইয়া দিবার নিয়ম করেন আনন্দ স্বীয় নিয়ম মতে কার্য্য করিতে অসম্মত হইলেন। এই মোকদ্দমা হানিপূরণার্থ মোকদ্দমা, কিন্তু নির্দ্দিষ্ট কার্য্য সাধনার্থ মোকদ্দমা নয়, কারণ যত স্থান দেওয়া যাইবে ও প্রয়োজনীয় যে২ বিষয় যোগাইয়া দেওয়া যাইবে তাহার ভাব নির্দ্দিষ্ট হয় নাই।

II. Where the circumstances under which the agreement is made are such as to give the plaintiff an unfair advantage over the defendant, though there may be no fraud or misrepresentation on the plaintiff's part.

২। নিয়ম যে ভাবগতিকে করা গেল তদ্দ্বারা বাদির পক্ষে কোন প্রতারণা কি অযথা বর্ণনা না হইলেও প্রতিবাদির উপর বাদির অন্যায় লাভ প্রাপ্ত হইলে।

Illustrations.

উদাহরণ।

(*b*). A, a tenant for life of certain property assigns his interest therein to B. C agrees to buy, and B agrees to sell that interest. Before the contract is completed, A receives a mortal injury from the effects of which he dies the day after the contract is completed. If B and C were equally ignorant or equally aware of the fact, B is entitled to specific performance. If B knew the fact and C did not, specific performance should be refused to B.

(খ) আনন্দ যাবজ্জীবনের নিমিত্ত কোন সম্পত্তির পাট্টাদার হইয়া সম্পত্তিতে আপনার যে স্বার্থ আছে তাহা বলরামের প্রতি অর্পণ করেন। চন্দ্র সেই স্বার্থ ক্রয় করিবার ও বলরাম তাহা বিক্রয় করিবার নিয়ম করেন। সেই চুক্তি সম্পাদিত হইবার পূর্ব্বে আনন্দের সাংঘাতিক আঘাত হইলে ঐ চুক্তি সম্পাদন হইবার দিনের পরদিনে তাহার মৃত্যু হয়। বলরাম ও চন্দ্র উভয়ই সেই বিষয় সমানরূপে অজ্ঞাত কি সমানরূপে জ্ঞাত থাকিলে, বলরাম সেই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার স্বত্ববান হন, বলরাম সেই বিষয় জ্ঞাত থাকিলে ও চন্দ্র অজ্ঞাত থাকিলে বলরামের অনুরোধে সেই নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইতে অসম্মত হওয়া উচিত।

(*c*). A agrees to sell to B the interest of C in certain stock-in-trade. It is stipulated that the sale shall stand

(গ) ব্যবসায়ঘটিত দ্রব্যে চন্দ্রের যে স্বার্থ আছে আনন্দ বলরামের নিকট তাহা বিক্রয় করিবার নিয়ম করেন। শেষে চন্দ্রের

good, even though it should turn out that C's interest is worth nothing. In fact the value of C's interest depends on the result of certain partnership-accounts, on which he is heavily in debt to his partners. This indebtedness is known to A, but not to B. Specific performance of the agreement should be refused to A.

স্বার্থের কোন মূল্য নাই দেখা গেলেও সেই বিক্রয় স্থির হইবে এই নিয়মও হইল। বাস্তবে অংশিত্ব সম্পর্কীয় কোন হিসাবমতে অংশিদের নিকট চন্দ্রের ভারি ঋণ আছে ও সেই হিসাব নিষ্পত্তি হইলে চন্দ্রের স্বার্থ থাকা কি না থাকারূপ ফল জানা যাইবে। চন্দ্রের ঐ ঋণের কথা আনন্দ জানিতেন কিন্তু বলরাম জানিতেন না। আনন্দের অনুরোধে ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইতে অসম্মত হওয়া উচিত।

(*d*). A agrees to sell, and B agrees to buy, certain land. To protect the land from floods, it is necessary for its owner to maintain an expensive embankment. B does not know of this circumstance, and A industriously conceals it from him. Specific performance should be refused to B.

(ঘ) আনন্দ কোন ভূমিখণ্ড বিক্রয় করিবার ও বলরাম তাহা ক্রয় করিবার নিয়ম করিলেন। ঐ ভূমিতে জলপ্লাবন না হয় এই কারণে ভূস্বামির অনেক টাকা খরচ করিয়া বাঁধ দেওয়া প্রয়োজন। বলরাম তাহা জানেন না, আনন্দও অত্যন্ত যত্ন করিয়া তাহার নিকটে সেই কথা গুপ্ত রাখিলেন। বলরামের অনুরোধে সেই বিশেষ কার্য্য সাধন করাইতে অসম্মত হওয়া উচিত।

(*e*). A's property is put up to auction in one lot. B requests C, A's attorney, to bid for him. C does this inadvertently and in good faith. The persons present seeing the vendor's attorney bidding, think that he is a mere pauper and cease to compete. The lot is knocked down to B at a low price. Specific performance should be refused to B.

(চ) আনন্দের সম্পত্তি একি লাটে নীলাম করা যাইতেছে। বলরাম সেই নীলামে আনন্দের মোক্তার চন্দ্রকে আপনার নিমিত্ত ডাকিতে বলেন। চন্দ্র মনোযোগ না করিয়া সরলভাবে তাহাই করেন। উপস্থিত সকল ব্যক্তি বিক্রেতার মোক্তারকে ডাকিতে দেখিয়া ইনি কেবল মূল্য বাড়াইয়া দিবার জন্যে ডাকিতেছেন বোধ করিয়া আর কেহ ডাকিলেন না। তাহাতে অল্প মূল্যে ঐ লাট বলরামের নামে পড়িল। বলরামের অনুরোধে ঐ বিশেষ কার্য্য সাধন করাইতে অসম্মত হওয়া উচিত।

(*f*). A contracts with B, who at the time is intoxicated. Specific performance should be refused to A.

(ছ) বলরাম মত্ত থাকিতে আনন্দ তাহার সঙ্গে চুক্তি করেন। আনন্দের অনুরোধে সেই বিশেষ কার্য্য সাধন করাইতে অসম্মত হওয়া উচিত।

III. Where the performance of the agreement would involve some hardship on the defendant which he did not foresee, whereas no such hardship would fall on the plaintiff if the agreement was not performed.

৩। নিয়মমতে কার্য্য সাধন হইলে প্রতিবাদী যে কষ্টের অপেক্ষা করিতেন না তাঁহার এমত কষ্ট হইতে পারিলে, এবং নিয়মমতে কার্য্য সাধন না হইলেও বাদির তদ্রূপ কষ্ট হইবার সম্ভাবনা না হইলে।

Illustrations.

উদাহরণ।

(*g*). A is entitled to some land under his father's will on condition that, if he sells it within twenty-five years, half the purchase-money shall go to B. A, forgetting the condition, agrees, before the expiration of the twenty-five years, to sell the land to C. Here the enforcement of the agreement would operate so harshly on A that the Court will not compel its specific performance in favour of C.

(জ) আনন্দ পিতার উইলক্রমে কোন ভূমি পাইবার এই নিয়মে স্বত্ববান হন যে পঁচিশ বৎসরের মধ্যে তাহা বিক্রয় করিলে মূল্যের অর্দ্ধেক টাকা বলরামকে দেওয়া যাইবে। আনন্দ সেই নিয়ম বিস্মৃত হইয়া পঁচিশ বৎসর গত হইবার পূর্ব্বে চন্দ্রের নিকট ঐ ভূমি বিক্রয় করেন। এই স্থলে সেই নিয়ম প্রবল করিলে আনন্দের পক্ষে অত্যন্ত কষ্ট হয় বলিয়া আদালত চন্দ্রের সপক্ষে সেই নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবেন না।

(*h*). A and B, trustees, join their beneficiary, C, in an agreement to sell the trust-estate to D, and personally agree to exonerate the estate from heavy incumbrances to which it is subject. The purchase-money is not nearly enough to discharge those incumbrances, though at the date of the agreement the vendors believed it to be sufficient. Specific performance of the agreement should be refused to D.

(ঝ) চন্দ্রের পক্ষে ন্যাসধারী আনন্দ ও বলরাম তাঁহার সঙ্গে মিলিয়া দিননাথের নিকট ন্যস্ত সম্পত্তি বিক্রয় করিবার নিয়ম করিয়া ঐ সম্পত্তির উপর যে ভারি ঋণের দায় আছে নিজেই সেই দায়হইতে সম্পত্তি মুক্ত করিতে একবাক্য হন। ঐ সম্পত্তির মূল্যহইতে ঐ ঋণ শোধ হইতে পারে বিক্রেতেরা ঐ নিয়ম করণ সময়ে এমত বিশ্বাস করিতেন, পরে দেখিতে পাইলেন যে ঋণের অধিকাংশও শোধ হইবে না। দিননাথের অনুরোধে ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইতে অসম্মত হওয়া উচিত।

(*i*). A, the owner of an estate, agrees to sell it to B and stipulates that he, A, shall not be obliged to define its boundary. The estate really comprises a valuable property not known to either to be part of it. Specific performance of the agreement should be refused to B unless he waives his claim to the unknown property.

(ট) কোন মহালের স্বামী আনন্দ ঐ মহালের সীমা আমার নির্দ্দেশ করিয়া দিতে হইবে না এই নিয়ম করিয়া বলরামের নিকট সেই মহাল বিক্রয় করিবার নিয়ম করেন। কিন্তু ঐ মহালের অন্তর্গত বহুমূল্য সম্পত্তি থাকিলেও, আনন্দ কি বলরাম সেই সম্পত্তি মহালের একাংশ বলিয়া জানিতেন না। বলরাম সেই অপরিচিত সম্পত্তির উপর আপনার দাওয়া ত্যাগ না করিলে সেই নিয়মমত নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাণ উচিত নয়।

(*j*). A agrees with B to sell him certain land, and to make a road to it from a certain railway-station. It is found afterwards that A cannot make the road without exposing himself to litigation. Specific performance of the part of the agreement relating to the road should be refused to

(ঠ) আনন্দ বলরামের নিকট কোন ভূমি বিক্রয় করিয়া সেই ভূমিহইতে কোন রেলওয়ে ষ্টেশন পর্য্যন্ত পথ প্রস্তুত করিবার নিয়ম করিলেন। পরে দেখা গেল যে সেই পথ করিতে গেলে আনন্দের নামে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে। এই স্থলে বলরামের অনুরোধে সেই পথসম্পর্কীয় ঐ নিয়মের নির্দ্দিষ্ট

B, though he may be entitled to specific peformance of he rest with compensation for loss of the road.

(*k*). A, a lessee of mines, agrees with B, his lessor, hat at any time during the continuance of the lease B may give notice of his desire to take the machinery and plant used in and about the mines, and that he shall have the articles specified in his notice delivered to him at a valuation on the expiry of the lease. Such a contract might be most injurious to the lessee's business, and specific performance should be refused to B.

(*l*). A agrees to buy certain land from B. The agreement is silent as to access to the land. No right of way to it can be shown to exist. Specific performance of the contract should be refused to B.

(*m*). A agrees with B to buy from B's manufactory and not elsewhere all the goods of a certain class used by A in his trade. The Court cannot compel B to supply the goods, but if he does not supply them, A may be ruined unless he is allowed to buy them elsewhere. Specific performance of the agreement should be refused to B.

IV. The circumstance that the plaintiff has done substantial acts or suffered losses in consequence of an agreement susceptible of specific performance is one which the Court may reasonably consider in exercising its discretion to grant specific performance of such agreement.

Illustration.

A sells land to a railway company, who agree to execute certain works for his convenience. The company take the land and use it for their railway. Specific performance of the agreement to execute the works should be awarded in favour of A.

(d.) For whom Agreements may be specifically enforced.

Who may obtain specific performance.

22. Except as otherwise provided by this chapter, the specific performance of an agreement may be obtained by—

(*a.*) any party thereto:

(*b*) the representative in interest, or the principal, of any party thereto: provided that, where the learning, skill, solvency or any personal quality of such party is a material ingredient in the agreement, or where the agreement provides that his interest shall not be assigned, his representative in interest or principal shall not be entitled to specific performance of the agreement:

(*c*) where the agreement is a settlement on marriage, any person beneficially entitled thereunder:

কার্য্য সাধন করাইতে অসম্মত হওয়া উচিত। কিন্তু পথের নিমিত্ত হানিপূরণ প্রাপ্ত হইলে নিয়মমত অন্য কার্য্য সাধন করাণ যাইতে পারিবে।

(ড) খনির পাট্টাদার আনন্দ ঐ পাট্টাদাতা বলরামের সঙ্গে এই মর্ম্মের নিয়ম করেন যে, ঐ পাট্টার মিয়াদ চলনের কোন সময়েই বলরাম ঐ খনির অন্তর্গত ও তৎসম্পর্কে ব্যবহৃত কল প্রভৃতি কোন বিষয় লইবার মানসের নোটিস দিতে পারিবেন ও পাট্টার মিয়াদ ফুরাইলে আপনার নোটিসের নির্দ্দিষ্ট সকল দ্রব্যের মূল্য নিরূপণ হইয়া সেই মূল্যে ঐ সকল দ্রব্য লইতে পারিবেন। এই প্রকারের চুক্তির দ্বারা পাট্টাদারের অত্যন্ত ক্ষতি হইতে পারিবে, অতএব বলরামের অনুরোধে ঐ চুক্তির নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইতে অসম্মত হওয়া উচিত।

(ঢ) আনন্দ বলরামের স্থানে কোন ভূমি ক্রয় করিবার নিয়ম করিলেন। যে পথ দিয়া ঐ ভূমিতে যাওয়া যায় নিয়মপত্রে ইহার কোন কথা নাই আর তথায় যাইবার কোন পথস্বত্বও দেখান যাইতে পারে না। বলরামের অনুরোধে ঐ চুক্তিমত কার্য্য সাধন করাইতে অসম্মত হওয়া উচিত।

(ণ) আনন্দ আপন ব্যবসায় সম্পর্কে বিশেষ প্রকারের যে সকল দ্রব্যের ব্যবহার করেন তাহা বলরামের কারখানাভিন্ন কোন স্থানে ক্রয় না করিবার নিয়ম করিলেন। এই স্থলে আদালত বলপূর্ব্বক বলরামের দ্বারা সেই দ্রব্য দেওয়াইতে না পারিলেও তিনি ঐ দ্রব্য না দিলে ও আনন্দের অন্য স্থানে ক্রয় করিবার অনুমতি না হইলে তাহার ব্যবসায়ের লোপ হইতে পারে। এই কারণে বলরামের অনুরোধে ঐ নিয়মপত্রের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইতে অসম্মত হওয়া উচিত।

৪। যে নিয়মের নির্দ্দিষ্ট কার্য্যসাধন হইতে পারে সেই নিয়মহেতুক বাদী কোন ভারি২ কর্ম্ম করিয়া থাকিলে কিম্বা তাহার অনেক ক্ষতি হইয়া থাকিলে, আদালত ঐ নিয়মপত্রের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার অনুমতি দেওনপক্ষে স্বীয় বিবেচনাধীন কার্য্যকরণ কালে সঙ্গতমতে উক্ত বিষয় বিবেচনা করিতে পারিবেন ইতি।

উদাহরণ।

কোন রেলওয়ে কোম্পানি আনন্দের স্থানে ভূমি ক্রয় করিয়া তাঁহার সুবিধার জন্য কোন২ কার্য্য সম্পাদন করিবার নিয়ম করেন। কোম্পানি সেই ভূমি লইয়া আপনাদের রেলপথের কার্য্যে তাহার ব্যবহার করেন। আনন্দের সপক্ষে ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার আজ্ঞা করা উচিত।

(ঘ) যাহাদের পক্ষে নিয়ম নির্দ্দিষ্টমতে প্রবল করাণ যাইতে পারে তাহার কথা।

যাঁহার পক্ষে নির্দ্দিষ্ট কার্য্য সাধন হইতে পারে তাঁহার কথা।

২২ ধারা। এই অধ্যায়ে প্রকারান্তরের বিধান না থাকিলে নিম্নলিখিত ব্যক্তিরা নিয়মের নির্দ্দিষ্ট কার্য্যসাধন করাইয়া লইতে পারিবেন।

(ক) ঐ নিয়মের কোন পক্ষ।

(খ) স্বার্থপক্ষে ঐ নিয়মের কোন পক্ষের স্থলাভিষিক্ত কিম্বা মুখ্য ব্যক্তি। কিন্তু যদি সেই পক্ষের বিদ্যা কি কর্ম্মনৈপুণ্য কিম্বা ঋণ শোধকরণের ক্ষমতা কিম্বা স্বকীয় কোন গুণ ঐ নিয়মের গুরুতর অংশ হইয়া থাকে অথবা তাঁহার স্বার্থ অন্যের প্রতি অর্পিত হইবে না নিয়মপত্রে যদি এই বিধান থাকে, তবে স্বার্থপক্ষে তাঁহার স্থলাভিষিক্ত কিম্বা মুখ্য ব্যক্তি ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্যসাধন করাইবার স্বত্ববান হইবেন না।

(গ) যৌতুক ধন নিরূপণ বিষয়ক নিয়ম হইলে তদনুসারে হিতজনক স্বত্বপ্রাপ্ত কোন ব্যক্তি।

(*d*) where the agreement has been entered into by a tenant for life in due exercise of a power, the remainderman:

(*e*) a reversioner in possession, where the agreement is a covenant entered into with his predecessor in title and the reversioner is entitled to the benefit of such covenant:

(*f*) a reversioner in remainder, where the agreement is such a covenant, and the reversioner is entitled to the benefit thereof and will sustain material injury by reason of its breach:

(*g*) when a public company has entered into an agreement and subsequently becomes amalgamated with another public company, the new company which arises out of the amalgamation:

(*h*) when the promoters of a public company have, before its incorporation, entered into an agreement for the purposes of the company, and such agreement is warranted by the terms of the incorporation, the company.

(c.) For whom Agreements cannot be specifically enforced.

Agreement to sell property by one who has no title or who is a voluntary settler.

23. An agreement for the sale or letting of property cannot be specifically enforced in favour of a vendor or lessor—

(*a*) who, knowing himself not to have any title to the property, has agreed to sell or let the same;

(*b*) who, though he entered into the agreement believing that he had a good title to the property, cannot at the time fixed by the parties or by the Court for the completion of the sale or letting give the purchaser or lessee a title free from reasonable doubt;

(*c*) who, previous to entering into the agreement, has made a voluntary settlement of the subject-matter thereof.

Illustrations.

(*a*). A agrees to sell to B an estate which A knows to belong to C. A cannot enforce specific performance of this agreement, even though C is willing to confirm it.

(*b*). A bequeaths his land to trustees, declaring that they should not sell it without the consent in writing of his sons and daughters. A dies. Then one of his daughters dies. The trustees then enter into an agreement with B to sell him the land. B refuses to carry out the agreement. The trustees cannot specifically enforce this agreement, as the title which they can give B is not free from reasonable doubt.

(ঘ) যাবজ্জীবনের নিমিত্ত প্রজা ক্ষমতাপত্রানুসারে উপযুক্তমতে কার্য্য করিয়া ঐ নিয়ম করিয়া থাকিলে, তাঁহার উত্তর প্রাপণীয় ব্যক্তি।

(ঙ) গৌণে যাঁহার অধিকার পাইবার স্বত্ব থাকে তাঁহার পূর্ব্ব ব্যক্তির প্রতিজ্ঞাসূচক ঐ নিয়ম হইলে, ও গৌণাধিকারী ঐ প্রতিজ্ঞাজন্য হিতের স্বত্ববান হইলে, ঐ গৌণাধিকারী।

(চ) সেই প্রকারের প্রতিজ্ঞাসূচক নিয়ম হইলে, এবং গৌণাধিকারী ঐ প্রতিজ্ঞাজন্য হিতের স্বত্ববান হইলে, ও নিয়ম ভঙ্গ করা গেলে তাঁহার ভারি ক্ষতি হইতে পারিলে, বর্ত্তমান ভোগী ব্যক্তির উত্তর ঐ গৌণাধিকারী।

(ছ) কোন প্রকাশ্য কোম্পানি নিয়ম করিলে পর অন্য প্রকাশ্য কোম্পানির সঙ্গে সংযুক্ত হইলে, সেই সংযোগ দ্বারা উত্থাপিত নূতন কোম্পানি।

(জ) কোন প্রকাশ্য কোম্পানির প্রবর্ত্তকেরা সমাবেত হইবার পূর্ব্বে ঐ কোম্পানির কার্য্যপক্ষে কোন নিয়ম করিলে ও সেই নিয়ম সমবায়িত সমাজের নিয়মানুযায়ি হইলে ঐ কোম্পানি ইতি।

(ঙ) যাঁহাদের পক্ষে নিয়মের নির্দ্দিষ্টকার্য্য প্রবল করা যাইতে না পারে তাঁহাদের কথা।

যাঁহার স্বত্ব নাই কিম্বা যিনি স্বেচ্ছাক্রমে নিরূপণ করেন তাঁহার দ্বারা সম্পত্তি বিক্রয় করিবার নিয়মের কথা।

২৩ ধারা। সম্পত্তি বিক্রয় করিবার কি পাট্টা করিয়া দিবার নিয়ম নিম্নলিখিত প্রকারের বিক্রেতার কি পাট্টাদাতার সপক্ষে নির্দ্দিষ্টমতে প্রবল করা যাইতে পারে না,—

(ক) সম্পত্তির উপর আমার স্বত্ব নাই জানিয়া যে ব্যক্তি তাহা বিক্রয় করিবার কি পাট্টা করিয়া দিবার নিয়ম করেন তিনি।

(খ) সম্পত্তিতে তাঁহার বিশিষ্ট স্বত্ব আছে এমত বিশ্বাস করিয়া যিনি নিয়ম করেন, কিন্তু উভয় পক্ষ কি আদালত বিক্রয় কি পাট্টা সিদ্ধ করিবার যে সময় নিরূপণ করেন সেই সময়ে ক্রেতাকে কি পাট্টাদারকে সঙ্গত সংশয় ব্যতীত স্বত্ব প্রদান করিতে না পারেন তিনি।

(গ) যিনি নিয়ম করিবার পূর্ব্বে স্বেচ্ছাক্রমে অন্যের পক্ষে ঐ নিয়মসম্পর্কীয় বিষয় নিরূপণ করিলেন তিনি ইতি।

উদাহরণ।

(ক) আনন্দ কোন মহাল চন্দ্রের সম্পত্তি জানিয়া বলরামের নিকট তাহা বিক্রয় করিবার নিয়ম করেন। চন্দ্র সেই বিক্রয় সিদ্ধ করিতে ইচ্ছুক হইলেও আনন্দ ঐ নিয়মপত্রের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইতে পারিবেন না।

(খ) আনন্দের সন্তান সন্ততির অনুমতি লিখিয়া না দেওয়া গেলে ভূমি বিক্রয় করা যাইবে না, আনন্দ ইহা নির্দ্দেশ করিয়া ন্যাসধারিদের হস্তে ভূমি রাখিয়া মরিলেন, পরে তাঁহার কন্যাদের এক জন মরিলেন। পরে ন্যাসধারিরা বলরামের নিকট ঐ ভূমি বিক্রয় করিবার নিয়ম করিলেন। বলরাম সেই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য করিতে অসম্মত হইলে ন্যাসধারিরা ঐ নিয়ম প্রবল করিতে পারিবেন না, কারণ তাঁহারা বলরামের প্রতি স্বত্ব প্রদান করিতে পারেন কি না এই বিষয়ের যুক্তিমতে সংশয় হইতে পারে।

(c). A makes a voluntary settlement of certain property on his brothers and their issue, and afterwards enters into an agreement to sell the property to a stranger. A cannot enforce specific performance of this agreement so as to override the settlement and thus prejudice the interests of the persons claiming under it.

Personal bars to the relief.

24. Specific performance of an agreement cannot be enforced in favour of a party—

(*a*) who could not recover compensation for its breach;

(*b*) who has become incapable of performing, or violates, any essential term of the agreement that on his part remains to be performed; or

(*c*) who has already chosen his remedy and obtained satisfaction for the alleged breach of contract;

(*d*) who, previously to entering into the agreement, had notice that a voluntary settlement of the subject-matter thereof had been made.

Illustrations.

(*a*). A agree to sell B a house and to become tenant thereof for a term of 14 years from the date of the sale at a specified yearly rent. A becomes insolvent. Neither he nor his assignee can enforce specific performance of the agreement. Neither can B, although he might recover compensation from A's assignee for breach of the agreement.

(*b*). A agrees to sell B a house and garden in which there are ornamental trees, a material element in the value of the property as a residence. A without B's consent fells the trees. A canno enforce specific performance of the agreement.

(*c*). A, holding land under an agreement with B for a lease, commits waste, or treats the land in an unhusband-like manner. A cannot enforce the agreement.

(*d*). A agrees to let, and B agrees to take, an unfinished house, B agreeing to finish the house and the lease to contain covenants on the part of A to keep the house in repair. B finishes the house in a very defective manner; he cannot enforce the agreement, though A and B may sue each other for compensation for breach of the agreement.

(*e*). A agrees to let, and B agrees to take a house for a specified term at a specified rent. B refuses to perform the agreement. A thereupon sues for and obtains compensation for the breach of contract. A cannot obtain specific performance of the agreement.

(গ) আনন্দ ইচ্ছা করিয়া আপন ভ্রাতার ও তাঁহার সন্তানাদির প্রতি কোন সম্পত্তি নিরূপণ করিলে পর উদাসীন ব্যক্তির নিকট ঐ সম্পত্তি বিক্রয় করিবার নিয়ম করিলেন। সেই নিরূপণপত্র যাহাতে ব্যর্থ করা যায় ও তদনুযায়ি দাওয়াদারদের স্বার্থের যাহাতে ব্যাঘাত হয়, আনন্দ এমতে ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইতে পারিবেন না।

উপকার প্রাপণের বাধার কথা।

২৪ ধারা। নিম্নলিখিত ব্যক্তির সপক্ষে নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন হইতে পারিবে না।

(ক) নিয়ম ভঙ্গ হইলে যে ব্যক্তি হানিপূরণ পাইতে পারিতেন না তাঁহার।

(খ) নিয়মপত্রের গুরুতর কোন নিয়ম যে ব্যক্তির পালন করিতে বাকী থাকে, তিনি তাহা সাধন করিতে অক্ষম হইলে কিম্বা ঐ নিয়ম ভঙ্গ করিলে তাঁহার।

(গ) কথিতমতে চুক্তিভঙ্গহেতুক যিনি প্রতিকার পাইবার উপায় মনোনীত করিয়া শোধ পাইয়াছেন তাঁহার।

(ঘ) যে বিষয় লইয়া নিয়ম করা যাইবে সেই বিষয়টি অন্যের প্রতি ইচ্ছাপূর্ব্বক নিরূপণ করা গিয়াছে, যিনি নিয়ম করিবার পূর্ব্বে ইহার সম্বাদ পাইলেন তাঁহার ইতি।

উদাহরণ।

(ক) আনন্দ বলরামের নিকট ঘর বিক্রয় করিয়া সেই বিক্রয়ের তারিখঅবধি চৌদ্দ বৎসরপর্য্যন্ত বৎসর২ নির্দ্দিষ্ট এত টাকা ভাড়া দিয়া প্রজাস্বরূপ ঐ ঘরে থাকিবার নিয়ম করিলেন। পরে আনন্দ ঋণ শোধ করিতে অক্ষম হইলে আনন্দ কিম্বা তাঁহার আসৈনী ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্যসাধন করাইতে পারিবেন না, বলরামও নিয়ম ভঙ্গহেতুক আনন্দের আসৈনীর স্থানে হানিপূরণ পাইতে পারিলেও ঐ নিয়মমত কার্য্য সাধন করাইতে পারিবেন না।

(খ) যে বাগানে অতি সুদৃশ্য বৃক্ষাদি আছে আনন্দ বলরামের নিকট সেই বাগানসুদ্ধ বাটী বিক্রয় করিবার নিয়ম করেন এবং বসত বাটীর পক্ষে সেই বৃক্ষ বাগান অত্যন্ত প্রয়োজনীয়। পরে বলরামের অনুমতি বিনা আনন্দ সেই সকল বৃক্ষ ছেদন করিলেন। আনন্দ সেই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইতে পারিবেন না।

(গ) আনন্দ বলরামের সঙ্গে নিয়ম করিয়া পাট্টা লইয়া ভূমি ভোগ করিতেছেন। পরে ভূমির অপচয় করেন কিম্বা স্বামির যদ্রূপ করা উচিত তদ্বিপক্ষ কর্ম্ম করিতেছেন। আনন্দ ঐ নিয়ম প্রবল করিতে পারিবেন না।

(ঘ) কোন গৃহ নির্ম্মাণ সমাপ্ত না হইলে বলরাম তাহা সমাপ্ত করিবার নিয়ম করিলে আনন্দ তাঁহাকে ঐ ঘর ভাড়া দিবার ও বলরাম তাহা ভাড়া করিয়া লইবার নিয়ম করিলেন এবং আনন্দ ঐ ঘর সর্ব্বদা সারাইয়া রাখিবেন পাট্টায় এই নিয়ম থাকার কথা ছিল। বলরাম অতি দূষণীয়রূপে ঐ গৃহ নির্ম্মাণ সমাপ্ত করিলে ঐ নিয়ম প্রবল করাইতে পারিবেন না। কিন্তু নিয়ম ভঙ্গহেতুক আনন্দ ও বলরাম পরস্পরের নামে হানিপূরণের মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

(ঙ) আনন্দ বিশেষ মিয়াদে বিশেষ খাজানা লইয়া কোন ঘর ভাড়া দিবার ও বলরাম সেই ঘর ভাড়া করিয়া লইবার নিয়ম করিয়া ঐ নিয়মমত কার্য্য করিতে অসম্মত হন, তাহা হইলে আনন্দ চুক্তিভঙ্গ হেতুক হানিপূরণের মোকদ্দমা উপস্থিত করিয়া হানিপূরণ পান। এমত স্থলে আনন্দ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইতে পারিবেন না।

(f). *For whom Agreements cannot be specifically enforced except with a variation.*

Non-enforcement except with variation.

25. Where a plaintiff seeks specific performance of an agreement in writing, to which the defendant sets up a variation, the plaintiff cannot obtain the performance sought except with the variation so set up, in the following cases (namely) :—

(*a*) where by fraud or mistake of fact the agreement of which performance is sought is in terms different from that which the defendant supposed it to be when he entered into it;

(*b*) where by fraud, mistake of fact, or surprise the defendant entered into the agreement under a reasonable misapprehension as to its effect, as between himself and the plaintiff;

(*c*) where the defendant, knowing the terms of the agreement and understanding its effect, has entered into it relying upon some misrepresentation by the plaintiff, or upon some stipulation on the plaintiff's part, which goes to vary the agreement, but which he refuses to fulfil;

(*d*) where the parties have varied the agreement subsequently to its execution.

Illustrations.

(*a*). A, B, and C sign a writing by which each agrees to enter into a bond to D for Rs. 1,000. In a suit by D, to make A, B, and C separately liable each to the extent of Rs. 1,000, they prove that the word 'each' was inserted by mistake; that the intention was that they should give a joint bond for Rs. 1,000. A can obtain the performance sought only with the variation thus set up.

(*b*). A sues B to compel specific performance of an agreement in writing to buy a dwelling-house. B proves that he assumed that the agreement included an adjoining yard, and the agreement was so framed as to leave it doubtful whether the yard was so included or not. The Court will refuse to enforce the agreement, except with the variation set up by B.

(*c*). A agrees in writing to let to B a wharf, together with a strip of A's land delineated in a map. Before signing the agreement, B proposed orally that he should be at liberty to substitute for the strip mentioned in the agreement another strip of A's land of the same dimensions, and to this A expressly assented. B then signed the written agreement. A cannot obtain specific performance of the written agreement except with the variation set up by B.

(*d*). A agrees in writing to let a house to B, for a certain term, at the rent of Rs. 100 per month, putting it first into tenantable repair. The house turns out to be not worth repairing, so with B's consent A pulls it down

(ছ) যাঁহাদের পক্ষে নিয়ম পরিবর্ত্তন না করিয়া নির্দ্দিষ্টমতে প্রবল করা যাইতে না পারে তদ্বিষয়ক কথা।

মতান্তর না করিয়া প্রবল না করণের কথা।

২৫ ধারা। বাদী নিয়মপত্রের নির্দ্দিষ্ট কার্য্যসাধন করাইতে চাহিলে, ও প্রতিবাদী তাহা রূপান্তর হওয়ার দাওয়া করিলে, নিম্নলিখিত স্থলে ঐ নিয়ম রূপান্তর না হইলে বাদী প্রার্থিত কার্য্যসাধন করাইতে পারিবেন না,—

(ক) যে নিয়মমতে কার্য্যসাধন করিবার প্রার্থনা হয় প্রতিবাদী সেই নিয়ম করণ সময়ে তাহা যে প্রকারের জ্ঞান করিলেন প্রতারণাক্রমে বা বৃত্তান্তের ভুলক্রমে তাহা অন্য প্রকারের হইলে,

(খ) প্রতিবাদির ও বাদির মধ্যে নিয়মের যে ফল হইবে ইহার সঙ্গত কোন ভ্রমক্রমে প্রতিবাদী প্রতারণা দ্বারা কিম্বা বৃত্তান্তের ভ্রম কি বিস্ময়হেতুক ঐ নিয়ম করিলে,

(গ) প্রতিবাদী নিয়মপত্রের বিধান জানিয়া ও তাহার ফল বুঝিয়া ও বাদির কোন মিথ্যাবর্ণনার প্রতি নির্ভর করিয়া, কিম্বা বাদির যে বিধানদ্বারা নিয়মপত্র রূপান্তর হয় কিন্তু বাদী তাহা সাধন করিতে সম্মত নহেন প্রতিবাদী এমত বিধানের উপর নির্ভর করিয়া ঐ নিয়ম করিলে,

(ঘ) নিয়মপত্রে স্বাক্ষর করা গেলে পর উভয়পক্ষ ঐ নিয়ম রূপান্তর করিলে ইতি।

উদাহরণ।

(ক) আনন্দ ও বলরাম ও চন্দ্র প্রত্যেকে দিননাথকে ১,০০০ টাকা দিবার প্রতিজ্ঞাক্রমে বদ্ধ হইবার নিয়মপত্রে স্বাক্ষর করিলেন। আনন্দ ও বলরাম ও চন্দ্র প্রত্যেক জনকে সেই ১,০০০ টাকা পর্য্যন্ত স্বতন্ত্র দায়ী করণার্থে দিননাথ মোকদ্দমা উপস্থিত করিলেন। "প্রত্যেক" শব্দ ভুলক্রমে লেখা গেল ও তাঁহাদের ১,০০০ টাকার সাধারণ প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিবার অভিপ্রায় ছিল, ইহা। প্রমাণ করিলে আনন্দ রূপান্তরের যে কথা ব্যক্ত করিলেন কেবল তদনুসারে প্রার্থিত কার্য্য সাধন করাইতে পারিবেন।

(খ) বলরাম বসতবাটী ক্রয় করিবার নিয়মপত্র লিখিয়া দিলে আনন্দ সেই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্যসাধন করাইবার জন্যে মোকদ্দমা উপস্থিত করেন। কিন্তু নিয়মের মধ্যে ঐ বাটীর সন্নিকট ভূমি ধরা গেলেও, সেই ভূমি ধরা গেল কি না এই বিষয়ের যাহাতে সন্দেহ জন্মিতে পারে নিয়মপত্র এমন ভাবে লেখা গিয়াছে, বলরাম এই কথার প্রমাণ করিলে, তিনি রূপান্তরের যে কথা ব্যক্ত করিলেন তাহা না ধরিলে আদালত ঐ নিয়ম প্রবল করিতে অসম্মত হইবেন।

(গ) আনন্দ নকশায় লিখিত আপনার এক খণ্ড ভূমিযুক্ত গুদী বলরামের নিকট ভাড়া দিবার নিয়মপত্র লিখিয়া দেন। ঐ নিয়মপত্রে স্বাক্ষর করিবার পূর্ব্বে বলরাম বাচনিক এই প্রস্তাব করিলেন যে উক্ত ভূমিখণ্ডের পরিবর্ত্তে আনন্দের সেই পরিমাণের আর এক খণ্ড ভূমি দিবার অনুমতি হয় আনন্দও তাহাতে সম্মত হইলে বলরাম সেই নিয়মপত্রে স্বাক্ষর করিলেন। বলরাম ঐ নিয়ম রূপান্তর হওয়ার যে কথা ব্যক্ত করিলেন কেবল তদনুসারে ঐ নিয়মপত্রের নির্দ্দিষ্ট কার্য্য সাধন হইতে পারিবে।

(ঘ) প্রজা যেন থাকিতে পারে আনন্দ এমন ভাবে ঘর মেরামত করিয়া মাসে ১০০৲ টাকা ভাড়া স্থির করিয়া বলরামকে নির্দ্দিষ্ট মিয়াদের নিমিত্ত ঐ ঘর ভাড়া দিবার নিয়মপত্র লিখিয়া দিলেন। ঐ ঘর অত্যন্ত জীর্ণ হওয়াতে তাহার মেরামত

and erects a new house in its place: B agreeing orally to pay rent at Rs. 120 per mensem. B then sues to compel specific performance of the agreement in writing. He cannot enforce it except with the variations made by the subsequent oral agreement.

(g). *Against whom Agreements may be specifically enforced.*

Relief against parties and persons claiming under them by subsequent title.

26. Except as otherwise provided by this chapter, specific performance of an agreement may be enforced against—

(*a*) either party thereto;

(*b*) any other person claiming under him by a title arising subsequently to the agreement, except a transferee for value, who has paid his money in good faith and without notice of the original agreement;

(*c*) any person claiming under a title which, though prior to the agreement, and known to the plaintiff, might have been displaced by the defendant;

(*d*) when a public company has entered into an agreement, and subsequently becomes amalgamated with another public company, the new company which arises out of the amalgamation;

(*e*) when the promoters of a public company have, before its incorporation, entered into an agreement, the company: provided that the company has ratified and adopted the agreement and the agreement is warranted by the terms of the incorporation.

Illustrations.

(*a*). A agrees to convey certain land to B by a particular day. A dies intestate before that day without having conveyed the land. B may compel A's heir or other representative in interest to perform the agreement specifically.

(*b*). A agrees to sell certain land to B for Rs. 5,000. A afterwards conveys the land for Rs. 6,000 to C, who has notice of the original agreement. B may enforce specific performance of the agreement as against C.

(*c*). A agrees to sell land to B for Rs. 5,000. B takes possession of the land. Afterwards A sells it to C for Rs. 6,000. C makes no enquiry of B relating to his interest in the land. B's possession is sufficient to affect C with notice of this interest, and he may enforce the agreement against C.

করিবার প্রয়োজন নাই বলিয়া আনন্দ বলরামের অনুমতিতে ঐ ঘর ভাঙ্গিয়া নূতন ঘর নির্ম্মাণ করিলেন ও বলরাম মাসে ১২০৲ টাকা দিতে বাচনিক অঙ্গীকার করিলেন। পরে বলরাম ঐ লিখিত নিয়মপত্রের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার জন্যে মোকদ্দমা উপস্থিত করিলেন, কিন্তু পশ্চাৎ যে বাচনিক নিয়ম করিলেন তদনুসারে রূপান্তর না করিলে ঐ নিয়ম প্রবল করাইতে পারিবেন না।

(জ) যাঁহাদের বিপক্ষে নিয়ম বিশেষমতে প্রবল করাণ যাইতে পারিবে তদ্বিষয়ক কথা।

উভয় পক্ষের ও তাঁহাদের অধীনে পশ্চাৎ অধিকার-প্রাপণীয় দাওয়াদারের বিপরীত উপকারের কথা।

২৬ ধারা। এই অধ্যায়ে প্রকারান্তরের বিধান না থাকিলে, এই২ ব্যক্তিদের বিপক্ষে নিয়মের নির্দ্দিষ্ট কার্য্যসাধন করা যাইতে পারিবে,—

(ক) কোন এক পক্ষের বিপরীত।

(খ) কোন ব্যক্তি আসল নিয়মপত্রের সন্ধান না পাইয়া সরল চিত্তে টাকা দিয়া ঐ মূল্যে হস্তান্তরক্রমে দ্রব্য প্রাপ্ত হইলে, সেই ব্যক্তিভিন্ন অন্য কোন ব্যক্তি নিয়ম হওয়ার পর স্বত্বপ্রাপ্ত হইয়া উক্ত কোন পক্ষের অধীনে দাওয়াদার হইলে তাঁহার বিপরীত।

(গ) নিয়ম হওয়ার পূর্ব্বে যে স্বত্ব ছিল ও বাদির নিকট জানা ছিল কিন্তু প্রতিবাদির দ্বারা অন্যথা করা যাইতে পারিত এমত স্বত্বক্রমে দাওয়াদারের বিপরীত।

(ঘ) প্রকাশ্য কোম্পানি নিয়ম করিলে পর অন্য প্রকাশ্য কোম্পানির সঙ্গে সংযুক্ত হইলে, ঐ সংযোগক্রমে যে নূতন কোম্পানি হয় তাহার বিপরীত।

(ঙ) প্রকাশ্য কোম্পানির প্রবর্ত্তকেরা সমাবেত হইবার পূর্ব্বে নিয়ম করিলে ঐ কোম্পানির বিপরীত। কিন্তু এই স্থলে ঐ কোম্পানির সেই নিয়ম স্থির ও স্বীকার করণ ও সেই নিয়ম সমাজ সমাবেত হওয়ার বিধানানুযায়ি হওয়া প্রয়োজন ইতি।

উদাহরণ।

(ক) আনন্দ নিরূপিত কোন দিনের মধ্যে বলরামের নিকট কোন ভূমি হস্তান্তর করিয়া দিবার নিয়ম করিলেন কিন্তু সেই দিনের পূর্ব্বে ঐ ভূমি হস্তান্তর না করিয়া ও উইল না লিখিয়া মরিলেন, বলরাম আনন্দের উত্তরাধিকারির কিম্বা স্বার্থপক্ষে তাঁহার অন্য স্থলাভিষিক্তের দ্বারা সেই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইতে পারিবেন।

(খ) আনন্দ বলরামের নিকট ৫০০০৲ টাকায় কোন ভূমিখণ্ড বিক্রয় করিবার নিয়ম করিলে পর ৬০০০৲ টাকায় চন্দ্রের নিকট ঐ ভূমি হস্তান্তর করিয়া দেন, চন্দ্রও সেই পূর্ব্বকার নিয়মের কথা জানিতেন। বলরাম চন্দ্রের বিপক্ষে ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইতে পারিবেন।

(গ) আনন্দ বলরামের নিকট ৫০০০৲ টাকায় কোন ভূমিখণ্ড বিক্রয় করিবার নিয়ম করিলে বলরাম ঐ ভূমির অধিকার করেন। পরে আনন্দ চন্দ্রের নিকট ৬০০০৲ টাকায় ঐ ভূমি বিক্রয় করেন কিন্তু ঐ ভূমিতে বলরামের যে স্বার্থ থাকে তদ্বিষয়ে চন্দ্র তাঁহার নিকট জিজ্ঞাসা করিলেন না। পরন্তু বলরামের অধিকার থাকাই চন্দ্রের নিকট তাঁহার স্বার্থের সম্বাদ দেওয়ার তুল্য হয় ও তিনি চন্দ্রের বিপক্ষে ঐ নিয়ম প্রবল করাইতে পারিবেন।

(*d*). A agrees in consideration of Rs. 1,000 to bequeath certain of his lands to B. Immediately after the agreement A dies intestate, and C takes out administration to his estate. B may enforce the agreement against C.

(*e*). A agrees to sell certain land to B. Before the completion of the agreement, A becomes a lunatic and C is appointed his committee. B may specifically enforce the agreement against C.

(*f*). A, the tenant for life of an estate, with remainder to B, in due exercise of a power conferred by the settlement under which he is tenant for life, agrees to sell the estate to C, who has notice of the settlement. Before the sale is completed A dies. C may enforce specific performance of the agreement against B.

(*g*). A and B are joint tenants of land, his undivided moiety of which either may alien in his lifetime, but which, subject to that right, devolves on the survivor. A agrees to sell his moiety to C and dies. C may enforce specific performance of the agreement against B.

(*h*). *Against whom Agreements cannot be specifically enforced.*

27. Specific performance of an agreement cannot be enforced against a party thereto in any of the following cases :—

What parties cannot be compelled to perform.

(*a*) if the consideration to be received by him is so grossly inadequate, with reference to the state of things existing at the date of the agreement, as to be either by itself or, coupled with other circumstances, evidence of fraud or of undue advantage taken by the plaintiff;

(*b*) if his assent was obtained by the misrepresentation (whether wilful or innocent), concealment, circumvention, or unfair practices, of any party to whom performance would become due under the contract, or by any promise of such party which has not been substantially fulfilled;

(*c*) if his assent was given under the influence of mistake of fact, misapprehension or surprise: Provided that when the agreement provides for compensation in case of mistake, compensation may be made for a mistake within the scope of such provision, and the agreement may be specifically enforced in other respects if proper to be so enforced.

Illustrations.

(*a*). A, one of two executors, in the erroneous belief that he had the authority of his co-executor, enters into an agreement for the sale to B of his testator's property. B cannot insist on the sale being completed.

(ঘ) আনন্দ বলরামের স্থানে ১০০০৲ টাকা পাইয়া আপনার উইলে বলরামকে কএক খণ্ড ভূমি দিয়া যাইবার নিয়ম করিলেন। ঐ নিয়ম করিলে পর আনন্দ উইল না লিখিয়া মরিলে চন্দ্র তাঁহার দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্র লন। বলরাম চন্দ্রের বিপক্ষে ঐ নিয়ম প্রবল করাইতে পারিবেন।

(ঙ) আনন্দ বলরামের নিকট ভূমি বিক্রয় করিবার নিয়ম করিলেন কিন্তু নিয়ম সাধন করিবার পূর্ব্বে ক্ষিপ্তমনা হইলেন ও চন্দ্র তাঁহার কমিটীর পদে নিযুক্ত হন। বলরাম চন্দ্রের বিপক্ষে ঐ নিয়ম বিশেষমতে প্রবল করাইতে পারিবেন।

(চ) আনন্দ যাবজ্জীবন কোন মহালের প্রজা হন ও তাঁহার উত্তর বলরাম ঐ মহাল পাইবেন, ও যে নিরূপণপত্রক্রমে তাঁহাকে যাবজ্জীবন প্রজা করা গেল সেই পত্রক্রমে তাঁহার প্রতি যে ক্ষমতা প্রদান করা যায় তদনুসারে চন্দ্রের নিকট ঐ ভূমি বিক্রয় করিবার নিয়ম করিলেন। চন্দ্রও ঐ নিরূপণপত্রের কথা জানিতেন। আনন্দ ঐ বিক্রয় সাধন করিবার পূর্ব্বে মরিলেন। চন্দ্র বলরামের বিপক্ষে ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্যসাধন করাইতে পারিবেন।

(ছ) আনন্দ ও বলরাম কোন ভূমির সাধারণ ভোগাধিকারী, ও তাঁহাদের কেহ ইচ্ছা করিলে জীবৎকালে আপন অবিভক্ত অংশ হস্তান্তর করিতে পারিবেন, না করিলে ঐ অংশ উত্তরজীবির প্রতি বর্ত্তিবে। আনন্দ চন্দ্রের নিকট আপনার অর্দ্ধাংশ বিক্রয় করিবার নিয়ম করিয়া মরিলেন। চন্দ্র বলরামের বিপক্ষে ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্যসাধন করাইতে পারিবেন।

(ঝ) যাঁহাদের বিপক্ষে নিয়ম বিশেষমতে প্রবল করাণ যাইতে না পারে তাঁহাদের কথা।

যেং ব্যক্তিদের দ্বারা কার্য্য সাধন করাণ যাইতে না পারে তাঁহাদের কথা।

২৭ ধারা। নিম্নলিখিত স্থলে নিয়মপত্রের কোন পক্ষের বিপরীতে সেই নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য বলক্রমে সাধন করাণ যাইতে পারিবে না,—

(ক) ঐ পক্ষের টাকা প্রভৃতি যে বিষয় পাইবার নিয়ম হয়, ঐ নিয়মের তারিখে উপস্থিত বিষয়ের অবস্থা বিবেচনায় তাহা অত্যন্ত অল্প হওয়াতে আপনিই কিম্বা অন্যং ভাবগতিকের সংযোগ দ্বারা প্রতারণার কিম্বা বাদির অনুপযুক্ত লভ্যগ্রহণের প্রমাণ হইলে,

(খ) চুক্তিমতে যে ব্যক্তির পক্ষে কার্য্যসাধন করা উচিত হইয়া উঠিতে পারে, ইচ্ছাপূর্ব্বক কি অজ্ঞাতসারে তাঁহার মিথ্যা বর্ণনাদ্বারা কিম্বা কোন কথা গুপ্ত করণ দ্বারা কি ছল কি কুটিল আচরণ দ্বারা কিম্বা ঐ ব্যক্তির যে অঙ্গীকার বাস্তবে পূর্ণ হয় নাই তাঁহার সেই অঙ্গীকার দ্বারা ঐ পক্ষের সম্মতি পাওয়া গেলে,

(গ) বৃত্তান্তের ভ্রম কি বুঝিবার ভ্রম কিম্বা বিস্ময়ের বলে ঐ পক্ষের সম্মতি পাওয়া গেলে। পরন্তু ভুল হইলে নিয়মপত্রে তদ্ধেতুক হানিপূরণের বিধান থাকিলে, ঐ বিধানানুসারে ভুলহেতুক হানিপূরণ করা যাইতে পারিবে ও ঐ নিয়ম অন্যং বিষয়ে প্রবল করিবার উপযুক্ত হইলে নির্দ্দিষ্টমতে প্রবল করা যাইতে পারিবে ইতি।

উদাহরণ।

(ক) কোন ব্যক্তি উইল লিখিয়া ঐ উইল অনুসারে কার্য্যসম্পাদকদের মধ্যে আনন্দ নামক এক ব্যক্তিকে নিযুক্ত করিলে অন্য কার্য্যসম্পাদকও সম্মত আছেন এই ভ্রমাত্মক জ্ঞানে আনন্দ ঐ উইললেখকের সম্পত্তি বলরামের নিকট বিক্রয় করিবার নিয়ম করিলেন। বলরাম বলপূর্ব্বক সেই বিক্রয় সিদ্ধ করাইয়া লইতে পারিবেন না।

(*b*). A directs an auctioneer to sell certain land. A afterwards revokes the auctioneer's authority as to 20 beeghas of this land, but the auctioneer inadvertently sells the whole to B, who has not notice of the revocation. B cannot enforce specific performance of the agreement.

(*i*).—*The Effect of dismissing a suit for specific Performance.*

Bar of suit for breach after dismissal.

28. The dismissal of a suit for specific performance of an agreement shall bar the plaintiff's right to sue for the breach of such agreement.

CHAPTER III.

OF THE RECTIFICATION OF INSTRUMENTS.

When instrument may be rectified.

29. When through fraud or a mutual mistake of the parties, a contract or other instrument in writing does not truly express the intention of the parties, the Court, on finding it clearly proved—

(*a*) that there has been fraud or mistake in framing the instrument, and

(*b*) that the intention of the parties in executing the instrument was as alleged by the plaintiff,

may in its discetion rectify the instrument, so as to express that intention, so far as it can be done without prejudice to rights acquired by third persons, in good faith and for value.

Illustrations.

(*a*). A, intending to sell to B his house and one of three godowns adjacent to it, executes a conveyance prepared by B, in which, through B's fraud, all three godowns are included.

Of the two godowns which were fraudulently included, B gives one to C and lets the other to D for a rent, neither C nor D having any knowledge of the fraud.

The conveyance may, as against B and C, be rectified so as to exclude from it the godown given to C; but it cannot be rectified so as to affect D's lease.

(*b*). By a marriage-settlement A, the father of B, the intended wife, covenanted with C, the intended husband, to pay to C, his executors, administrators and assigns, during A's life, an annuity of Rs. 5,000. C dies insolvent and the Official Assignee claims the annuity from A. The Court, on finding it clearly proved that the parties always intended that this annuity should be paid as a

(খ) আনন্দ কোন নীলামকারককে কতক ভূমি বিক্রয় করিতে আদেশ করিয়া পরে ঐ ভূমির মধ্যে ২০ বিঘা বিক্রয় করণ বিষয়ে ঐ নীলামকারকের ক্ষমতা রহিত করিলেন, কিন্তু নীলামকারক মনোযোগ না করিয়া সমুদয় ভূমি বলরামকে বিক্রয় করিলেন। উক্ত কতক ভূমি বিক্রয় করিবার ক্ষমতা রহিত করা গেল বলরাম ইহা জানিতেন না। বলরাম ঐ নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইতে পারিবেন না।—

(ঞ) নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার মোকদ্দমা ডিসমিস করিবার ফলের কথা।

ডিসমিস হইলে পর নিয়মভঙ্গহেতুক মোকদ্দমার বাধার কথা।

২৮ ধারা। কোন নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার মোকদ্দমা ডিসমিস হইলে, সেই নিয়মভঙ্গহেতুক বাদির মোকদ্দমা উপস্থিত করিবার স্বত্ব রহিত হইবে ইতি।

তৃতীয় অধ্যায়।

নিদর্শনপত্র সংশোধনবিষয়ক বিধি।

নিদর্শনপত্র যে স্থলে সংশোধন করা যাইতে পারে তাহার কথা।

২৯ ধারা। প্রতারণা হেতুক কিম্বা উভয় পক্ষের পরস্পর ভ্রান্তি হেতুক চুক্তিপত্রে কি অন্য নিদর্শনপত্রে উভয় পক্ষের যথার্থ অভিপ্রায় স্পষ্টরূপে প্রকাশ না হইলে, আদালত এই২ বিষয়ের অর্থাৎ—

(ক) ঐ নিদর্শনপত্র প্রস্তুত করণে প্রতারণা কি ভ্রম হইয়াছে,

(খ) ও সেই নিদর্শনপত্র সম্পাদন করণে বাদী যে অভিপ্রায় ব্যক্ত করেন উভয়পক্ষের সেই অভিপ্রায় ছিল

এই২ বিষয়ের স্পষ্ট প্রমাণ পাইলে, সেই অভিপ্রায় যাহাতে স্পষ্ট ব্যক্ত হয় ও তৃতীয় ব্যক্তিরা সরলভাবে ও মূল্য দিয়া যে২ স্বত্ব প্রাপ্ত হইয়াছেন তাঁহাদের ব্যাঘাত না হইয়া যত দূর হইতে পারে, আদালত স্বীয় বিবেচনামতে তত দূর ঐ নিদর্শনপত্র সংশোধন করাইতে পারিবেন।

উদাহরণ।

(ক) আনন্দ আপনার ঘর ও তন্নিকট তিনটি গুদামের মধ্য একটি গুদাম বলরামের নিকট বিক্রয় করিতে মনস্থ করিয়া বলরামের লিখিত হস্তান্তরকরণপত্রে স্বাক্ষর করিলেন কিন্তু বলরামের প্রতারণাদ্বারা ঐ হস্তান্তরকরণপত্রে তিনটি গুদাম ধরা যায়।

ঐ পত্রে প্রতারণাক্রমে যে তিনটি গুদাম ধরা গেল বলরাম তাহার একটি চন্দ্রকে দান করেন. আর একটি দিননাথকে ভাড়া দেন, কিন্তু চন্দ্র কি দীননাথ ঐ প্রতারণার কোন কথা জানিতেন না।

বলরামের ও চন্দ্রের বিপক্ষে ঐ হস্তান্তরকরণপত্র এমতে সংশোধন করা যাইতে পারে যেন চন্দ্রকে সেই গুদামহইতে উঠাইয়া দেওয়া যায়. কিন্তু যাহাতে দীননাথের পাট্টার ব্যাঘাত হয় এমতে সংশোধন করা যাইতে পাঁরে না।

(খ) বাগদত্তা স্ত্রী বামার পিতা আনন্দ যৌতুক ধন নিরূপণপত্র করিয়া তাঁহার সম্ভাবিত স্বামি চন্দ্রের সঙ্গে এই নিয়ম করিলেন, যে আনন্দ যত দিন বর্ত্তমান থাকেন তত দিন চন্দ্রকে ও তাঁহার উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদকদিগকে ও দ্রব্য নিরূপণাধিকারিদিগকে ও আসৈনদিগকে বৎসর ৫,০০০ টাকা দিবেন। চন্দ্র ঋণ শোধ করিবার অক্ষমাবস্থায় মরিলেন ও রাজকীয় আসৈনী আনন্দের স্থানে ঐ টাকার দাওয়া করিলেন।

provision for B and her children, may rectify the settlement, and decree that the assignee has no right to any part of the annuity.

বামার ও তাঁহার সন্তানদের ভরণপোষণার্থে ঐ বার্ষিক দেওয়া যাইবে উভয় পক্ষের নিয়ত এই কল্পনা ছিল, এই কথার স্পষ্ট প্রমাণ হইলে আদালত ঐ নিরূপণপত্র সংশোধন করিয়া ঐ বার্ষিকের কোন অংশের উপর আদেশীর কোন স্বত্ব নাই এই মর্ম্মের ডিক্রী করিতে পারিবেন।

Presumption as to intent of parties.

30. For the purpose of rectifying a contract in writing, it must be presumed that all the parties thereto intended to make an equitable and conscientious agreement.

উভয় পক্ষের অভিপ্রায়ের অনুভবের কথা।

৩০ ধারা। কোন চুক্তিপত্র সংশোধন করিতে হইলে ঐ পত্রসম্বন্ধীয় সকল ব্যক্তি ন্যায্য ও বিবেকসঙ্গত নিয়ম করিতে মনস্থ করিলেন, এইরূপ অনুভব করিতে হইবে ইতি।

Principles of rectification.

31. In rectifying a written instrument, the Court my inquire what the instrument was intended to mean, and what were intended to be its legal consequences, and is not confined to the inquiry what the language of the instrument was intended to be.

সংশোধন করিবার মূলনিয়মের কথা।

৩১ ধারা। নিদর্শনপত্র সংশোধন করিতে হইলে, ঐ পত্রের যে তাৎপর্য্য ছিল ও তাহার আইন অনুযায়ি যে ফল হইবার কল্পনা ছিল, আদালত ইহা জিজ্ঞাসা করিতে পারিবেন, ও নিদর্শনপত্রলিখিত কথার যে অভিপ্রায় ছিল এই মাত্র জিজ্ঞাসা করিতে বদ্ধ নহেন ইতি।

Specific enforcement of rectified contract.

32. A contract in writing may be first rectified, and then, if the plaintiff has so prayed in his plaint and the Court thinks fit, specifically enforced.

সংশোধিত চুক্তিপত্র নির্দ্দিষ্টমতে প্রবল করিবার কথা।

৩২ ধারা। চুক্তিপত্র প্রথমে সংশোধন করা যাইতে পারে ও বাদী স্বীয় আবেদনপত্রে প্রার্থনা করিলে ও আদালত বিহিত বোধ করিলে পশ্চাৎ তাহা নির্দ্দিষ্টমতে প্রবলও করা যাইতে পারিবে ইতি।

Illustration.

A agrees in writing to pay his attorney, B, a fixed sum in lieu of costs.

The agreement contains mistakes as to the name and rights of the client, which, if construed strictly, would have excluded B from all rights under the agreement. B is entitled, if the Court thinks fit, to have it rectified, and to an order for payment of the sum, as if at the time of its execution it had expressed the intention of the parties.

উদাহরণ।

আনন্দ আপন উকীল বলরামকে খরচার পরিবর্ত্তে নির্দ্ধারিত টাকা দিবার নিয়মপত্র লিখিয়া দেন।

ঐ নিয়মপত্রে মওক্কেলের নাম ও স্বত্ব বিষয়ে এমন ভুল হইয়াছে যে আঁটাআঁটিরূপে তাহার অর্থ করিতে গেলে ঐ নিয়মপত্রমতে বলরাম সকল স্বত্বহইতে বঞ্চিত হইতেন। আদালত বিহিত বোধ করিলে বলরামের তাহা সংশোধন করাইবার অধিকার থাকিবে এবং ঐ নিয়মপত্র করণসময়ে যেন উভয় পক্ষের অভিপ্রায় ব্যক্ত ছিল বলরাম এমতে ঐ টাকা পাইবার আজ্ঞাও পাইতে পারিবেন।

CHAPTER IV.

Of the Rescission of Contracts.

৪ চতুর্থ অধ্যায়।

চুক্তিপত্র অসিদ্ধ করিবার কথা।

When rescission may be adjudged.

33. Any person interested in a contract in writing may sue to have it rescinded, and such rescission may be adjudged by the Court in any of the following cases, namely :—

(*a*) where the contract is voidable or terminable by the plaintiff;

(*b*) where the contract is unlawful for causes not apparent on its face, and the defendant is more to blame than the plaintiff;

(*c*) where a decree for specific performance of a contract of sale, or of a contract to take a lease, has been made, and the purchaser or lessee makes default in payment of the purchase-money or other sums which the Court has ordered him to pay.

যে স্থলে অসিদ্ধ হইবার আজ্ঞা হইতে পারে তাহার কথা।

৩৩ ধারা। চুক্তিপত্রে যে কোন ব্যক্তির সম্পর্ক থাকে তিনি তাহা অসিদ্ধ করিবার জন্যে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, এবং আদালত নিম্নলিখিত কোন স্থলে তাহা অসিদ্ধ হইবার আজ্ঞা করিতে পারিবেন বিশেষতঃ

(ক) বাদী ঐ চুক্তি ব্যর্থ কি রহিত করিতে পারিলে।

(খ) চুক্তিপত্রের অভিমুখেই যে কারণ দৃষ্ট না হয় এমত কোন কারণে ঐ চুক্তি অবৈধ হইলে ও বাদী অপেক্ষা প্রতিবাদী অধিক দোষী হইলে।

(গ) বিক্রয়ের কিম্বা পাট্টা লওনের চুক্তিমত নির্দ্দিষ্ট কার্য্যসাধন হইবার ডিক্রী হইলে, ও ক্রেতা কিম্বা পাট্টাদার ঐ ক্রয়ের টাকা, কিম্বা আদালত তাঁহার অন্য যে টাকা দিবার আজ্ঞা করেন তাহা, দিতে ত্রুটি করিলে,

EXPLANATION.—In the case mentioned in clause (*c*) of this section, when the purchaser or lessor is in possession of the subject-matter, the Court may also order him to pay to the vendor or lessor the rents and profits, if any, received by him, together with the cost occasioned by the non-completion of the purchase or lease.

Illustration.

To (*b*)—A, an attorney, induces B, his client, to transfer property to him for the purpose of defrauding B's creditors. Here the parties are not equally in fault, and B is entitled to have the instrument of transfer rescinded.

Rescission for mistake.

34. Rescission of a contract in writing cannot be adjudged for mere mistake, unless the party against whom it is adjudged can be restored to substantially the same position as if the contract had not been made.

Alternative prayer for rescission in suit for specific performance.

35. A plaintiff instituting a suit for the specific performance of a contract in writing may pray in the alternative that if the contract cannot be enforced, it may be rescinded and delivered up to be cancelled.

Court may require party rescinding to do equity.

36. On adjudging the rescission of a contract the Court may require the party to whom such relief is granted, to make any compensation to the other which justice may require.

CHAPTER V.

OF THE CANCELLATION OF INSTRUMENTS.

When cancellation may be ordered.

37. Any person having reasonable apprehension that a written instrument, if left outstanding, may cause serious injury to a person against whom it is void or voidable, may sue to have it so adjudged, and the Court may in its discretion so adjudge it and order it to be delivered up and cancelled.

Illustrations.

(*a*). A, the owner of a ship, by fraudulently representing her to be seaworthy, induces B, an underwriter, to insure her. B may obtain the cancellation of the policy.

ব্যাখ্যা।—এই ধারার (গ) প্রকরণের লিখিত স্থলে বিষয়টি ক্রেতার কি পাট্টাদারের অধিকারে থাকিলে আদালত তাঁহাকে এই আজ্ঞাও করিতে পারিবেন যে, তিনি খাজানা ও উপস্বত্ব পাইয়া থাকিলে তাহা ও ক্রয় কি পাট্টা সম্পাদন করিয়া না দেওয়াতে যত খরচ লাগে তাহা বিক্রেতাকে কি পাট্টাদাতাকে দেন ইতি।

উদাহরণ।

(খ) প্রকরণের।—আনন্দ নামক একজন উকীল বলরাম নামক মওক্কেলের মহাজনদিগকে বঞ্চনা করণাভিপ্রায়ে আপনার প্রতি সম্পত্তি হস্তান্তর করিয়া দিবার প্রবৃত্তি জন্মান। এই স্থলে উভয় পক্ষের দোষ সমান না হওয়াতে বলরামের সেই হস্তান্তর-করণপত্র অসিদ্ধ করাইবার অধিকার আছে।

ভুলহেতুক অসিদ্ধ করণের কথা।

৩৪ ধারা। চুক্তিপত্র অসিদ্ধ করিবার আজ্ঞা যাঁহার বিপক্ষে করা যায়, চুক্তি না হইলে তাহার যে অবস্থা হইত বস্তুতঃ তাঁহার সেই অবস্থা করাইয়া দেওয়া যাইতে না পারিলে, কেবল ভুল-হেতুক চুক্তিপত্র অসিদ্ধ করিবার আজ্ঞা হইতে পারিবে না ইতি।

নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার মোকদ্দমায় অনুকল্পে অসিদ্ধ করিবার প্রার্থনার কথা।

৩৫ ধারা। বাদী চুক্তিপত্রের নির্দ্দিষ্ট কার্য্য-সাধন করাইবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিলে এই প্রার্থনাও করিতে পারিবেন যে, চুক্তি প্রবল করা যাইতে না পারিলে তাহা অসিদ্ধ করা যায় ও রহিত করিবার নিমিত্ত অর্পণ করা যায় ইতি।

যে ব্যক্তি অসিদ্ধ করেন তাঁহার প্রতি ন্যায্যমতে কার্য্য করিতে আদালতের আজ্ঞা করিবার কথা।

৩৬ ধারা। আদালত চুক্তি অসিদ্ধ করিবার আজ্ঞা করিলে, যে পক্ষের সেই উপকার করেন তাঁহাকে ন্যায়ানুসারে অন্যের হানি-পূরণ করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

৫ পঞ্চম অধ্যায়।

নিদর্শনপত্র রহিত করণের কথা।

যে স্থলে ব্যর্থ করণের আজ্ঞা হইতে পারে তাহার কথা।

৩৭ ধারা। কোন নিদর্শনপত্র যে ব্যক্তির পক্ষে ব্যর্থ আছে বা ব্যর্থ করা যাইতে পারে, সেই পত্র প্রবল থাকিলে সেই ব্যক্তির গুরু-তর হানি হইবে কোন ব্যক্তির যুক্তিমতে এমত অনুভব হইলে, তিনি তদ্রূপ আজ্ঞা হইবার জন্যে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, এবং আদালত স্বীয় বিবেচনামতে তদ্রূপ বিচার করিয়া ঐ পত্র অর্পণ করিবার ও রহিত করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

উদাহরণ।

(ক) আনন্দ নামক কোন জাহাজের স্বামী প্রতারণাক্রমে ঐ জাহাজ সমুদ্রে যাইবার উপযুক্ত জানাইয়া তাহার উপর বিমাপত্র দিতে বলরামের প্রবৃত্তি জন্মান। বলরাম সেই বিমাপত্র রহিত করাইয়া লইতে পারিবেন।

(*b*). A conveys land to B, who bequeaths it to C and dies. Thereupon D gets possession of the land, and produces a forged instrument stating that the conveyance was made to B in trust for him. C may obtain the cancellation of the forged instrument.

(খ) আনন্দ বলরামকে ভূমি হস্তান্তর করিয়া দেন, বলরাম উইলক্রমে চন্দ্রকে ঐ ভূমি দান করিয়া মরিলেন। তৎপরে দিননাথ ঐ ভূমির অধিকার পাইয়া বলরামকে আমার নিমিত্ত ন্যাস-স্বরূপ ঐ ভূমি হস্তান্তর করিয়া দেওয়া গেল এই মর্ম্মের একখানি জাল করা নিদর্শনপত্র দেখান। চন্দ্র ঐ জাল করা নিদর্শনপত্র রহিত করাইয়া লইতে পারিবেন।

(*c*). A, representing that the tenants on his land were all at will, sells it to B, and conveys it to him by an instrument dated the 1st January 1875. Soon after that day A fraudulently grants to C a lease of part of the lands, dated the 1st October 1871. B may obtain the cancellation of this lease.

(গ) আমার জমীর সকল প্রজা কোর্ফা বলিয়া আনন্দ বলরামকে ঐ ভূমি বিক্রয় করিয়া ১৮৭৫ সালের জানুয়ারি মাসের ১ তারিখের নিদর্শনপত্রদ্বারা তাহা হস্তান্তর করিয়া দেন। তাহার কএক দিন পরে আনন্দ প্রতারণা করিয়া ১৮৭৪ সালের অক্টোবর মাসের ১ তারিখে পাট্টা করিয়া চন্দ্রকে ঐ ভূমির একাংশ দেন। বলরাম ঐ পাট্টা অসিদ্ধ করাইয়া লইতে পারিবেন।

the date specified in the notice under section one hundred and twenty-three, shall be made in recognition of the proceedings then in progress under this Act for the partition of such parent estate, and shall be framed in such manner that the provisions of such decree may be applied to, and may be carried out in reference to, the separate estates which the Collector in his proceeding under section thirty-one shall have ordered to be formed out of the parent estate;

and if the effect of any such decree be to declare any person or body of persons entitled to any extent of interest in such parent estate in excess of the extent of interest which the Collector in the said proceeding has declared to be held by such person or body of persons, such decree shall specify, separately in respect of every proprietor or body of proprietors of whose interests the Collector has separately specified the extent in the said proceeding, the proportion of such excess which such person or body of persons is entitled to recover from every such proprietor or body of proprietors;

and every person or body of persons so declared entitled to recover any extent of interest from any such proprietor or body of proprietors shall, for the purposes of the partition proceedings, be deemed to have the same rights, and to be subject to the same liabilities, as a person who has acquired such extent of interest from such proprietor or body of proprietors by private purchase after the estate was brought under partition under section thirty-one, and on the date on which the decree was passed;

and such person or body of persons may apply, as in this Act provided, for the separation and assignment to him, or them, of the lands representing the extent of interest so acquired;

and such application shall be dealt with as provided in section thirty-two.

28. Every decree passed after the date specified in the notice under section one hundred and twenty-three, in a suit which was instituted as mentioned in section twenty-six, shall be made in recognition of the partition proceedings, and shall be framed in such manner as to give effect to such division of the parent estate into separate estates as shall have been made by the Collector, and not to disturb such division; and if the effect of any such decree shall be to declare any person or body of persons to have been entitled to any extent of interest in the parent estate in

Decree made after partition proceedings completed.

উক্ত প্রকারের মোকদ্দমায় যে ডিক্রী করা যায়, এই আইনমতে ঐ আদিম মহালের প্রচলিত বণ্টনকার্য্য প্রবল মানিয়া ঐ ডিক্রী করা যাইবে। এবং কালেক্টর সাহেব ৩১ ধারামতে রুবকারী করিয়া আদিম মহাল-হইতে স্বতন্ত্র যেং মহাল করিবার আজ্ঞা করিয়া থাকেন তাহার প্রতি ঐ ডিক্রীর বিধান যাহাতে বর্ত্তিতে পারে ও ঐ সকল স্বতন্ত্র মহাল লক্ষ করিয়া যাহাতে সফল হইতে পারে ঐ ডিক্রী এমতে লেখা যাইবে।

এবং কালেক্টর সাহেব ঐ রুবকারীতে কোন ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে স্বার্থের যেং পরিমাণের ভোগী বলিয়া প্রকাশ করিয়াছেন, উক্ত কোন ডিক্রীর ফলে ঐ ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে আদিম মহালে তদধিক পরিমাণের স্বার্থের স্বত্ববান বলিয়া প্রকাশ করা গেলে, উক্ত রুবকারীতে কালেক্টর সাহেব যে ভূম্যধিকারির কিম্বা ভূম্যধিকারিগণের স্বতন্ত্র স্বার্থের পরিমাণ বিশেষ করিয়া নির্দ্দিস্ট করিলেন ঐ ডিক্রীতেও উক্ত প্রত্যেক ভূম্যধিকারির কি ভূম্যধিকারিগণের স্থানে ঐ ব্যক্তির কি ব্যক্তিদিগের যে অংশানুসারে ঐ অধিক স্বার্থ পাইবার অধিকার থাকে তাহাও বিশেষ করিয়া লেখা যাইবে।

এবং ৩১ ধারামতে মহালের বণ্টনকার্য্য আরম্ভ হইবার পরে ও ডিক্রী যে তারিখে করা গেল সেই তারিখে কোন ব্যক্তি ঐ ভূম্যধিকারির কি ভূম্যধিকারিগণের স্থানে আপোষে কোন পরিমাণের স্বার্থ ক্রয় করিলে, তাঁহার যেং স্বত্ব থাকিত ও তাঁহার প্রতি যেং দায় বর্ত্তিত, ঐ ভূম্যধিকারির কি ভূম্যধিকারিগণের স্থানে যে ব্যক্তি কি ব্যক্তিগণ সেই পরিমাণের স্বার্থ পাইবার স্বত্ববান বলিয়া প্রকাশ হন, তিনি কি তাঁহারা বণ্টনের কার্য্যপক্ষে সেই স্বত্ব প্রাপ্ত হইবেন ও তাঁহার কি তাঁহাদের প্রতি সেই দায় বর্ত্তিবে এমত জ্ঞান হইবে।

ও ঐ ব্যক্তি কি ব্যক্তিগণ তদ্রূপে যে পরিমাণের স্বার্থ প্রাপ্ত হইলেন, এই আইনের বিধানমতে সেই স্বার্থানুযায়ি ভূমি তাঁহার কি তাঁহাদের পক্ষে স্বতন্ত্র করিয়া নিরূপণ করিবার প্রার্থনা করিতে পারিবেন।

ও সেই প্রার্থনাপত্র লইয়া ৩২ ধারার বিধানমতে কার্য্য করা যাইবে ইতি।

২৮ ধারা। ১২৩ ধারামত নোটিসে যে তারিখ নির্দ্দিস্ট হইল, সেই তারিখের পরে ২৬ ধারার উল্লিখিতমতে মোকদ্দমা উপস্থিত হইয়া যে ডিক্রী করা যায় তাহা ঐ বণ্টনের কার্য্য প্রবল মানিয়া করা যাইবে, এবং কালেক্টর সাহেব আদিম মহাল ভাগ করিয়া যেং স্বতন্ত্র মহাল করিয়াছেন তাহা যাহাতে প্রবল থাকে ও সেই বিভাগের ব্যতিক্রম না হয় ঐ ডিক্রী এমতে লেখা যাইবে, ও কালেক্টর সাহেব বণ্টনের কার্য্য করণে কোন ব্যক্তির কি ব্যক্তিগণের প্রতি যে পরিমাণের স্বার্থানুযায়ি স্বতন্ত্র মহাল নিরূপণ করিলেন, আদিম মহালে তাঁহার কি তাঁহাদের তদধিক পরিমাণের স্বার্থের অধিকার আছে ডিক্রীর ফলে যদি

বণ্টনের কার্য্য সমাপ্ত হইলে পর যে ডিক্রী করা যায় তাহার কথা।

excess of the extent of interest which is represented by the separate estate assigned to such person or body of persons by the Collector in the partition proceedings, such decree shall specify, separately in respect of the proprietor or joint proprietors of every separate estate formed by the partition, the proportion of such excess of interest which such person or body of persons is entitled to recover from such proprietor or joint proprietors; and every person or body of persons so declared entitled to recover any extent of interest from the proprietor or joint proprietors of a separate estate shall be entitled to recover such extent of interest out of the separate estate which has been assigned to such proprietor or joint proprietors, and out of such separate estate only;

ইহা প্রকাশ হইয়া থাকে, তবে ঐ বন্টনদ্বারা যে২ স্বতন্ত্র মহাল করা গেল তাহার যে২ ভূম্যধিকারির কি সাধারণ ভূম্যধিকারিদের স্থানে ঐ ব্যক্তির কি ব্যক্তিগণের যে অংশানুসারে অধিক পরিমাণের স্বার্থ পাইবার স্বত্ব থাকে, ঐ ডিক্রীতে ঐ প্রত্যেক ভূম্যধিকারির কি সাধারণ ভূম্যধিকারিদের উপলক্ষে এই কথা বিশেষ করিয়া লেখা যাইবে, ও স্বতন্ত্র মহালের ভূম্যধিকারির কি সাধারণ ভূম্যধিকারিদের স্থানে যে ব্যক্তিকে কি ব্যক্তিগণকে তদ্রূপ স্বার্থের কোন পরিমাণ পাইবার স্বত্ববান বলিয়া প্রকাশ করা গেল, ঐ ভূম্যধিকারির কি সাধারণ ভূম্যধিকারিদের প্রতি স্বতন্ত্র যে মহাল নিরূপণ হইল ঐ ব্যক্তি কি ব্যক্তিগণ কেবল সেই স্বতন্ত্র মহাল-হইতে সেই পরিমাণের স্বার্থ পাইবার স্বত্ববান হইবেন।

and every such decree as aforesaid shall be executed by placing the person or persons so declared entitled to recover, in the position of a recorded joint proprietor or recorded joint proprietors of such separate estate, holding the same as a joint undivided estate in common tenancy with the proprietor or joint proprietors to whom such separate estate was assigned by the Collector in the partition proceedings, the extent of the interest of the joint proprietors respectively in such estate being such as is declared in the aforesaid decree.

ও যে ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে ঐ স্বার্থ পাইবার স্বত্ববান বলিয়া প্রকাশ করা গেল, তাঁহাকে কি তাঁহাদিগকে ঐ স্বতন্ত্র মহালের লিপিবদ্ধ সাধারণ ভূম্যধিকারির কি লিপিবদ্ধ সাধারণ ভূম্যধিকারিদের অবস্থাপন্ন করিয়া ঐ ডিক্রী জারী করা যাইবে। তাহাতে কালেক্টর সাহেব বন্টনের কার্য্য করণে যে ভূম্যধিকারিদের কি সাধারণ ভূম্যধিকারিদের প্রতি ঐ স্বতন্ত্র মহাল নিরূপণ করিলেন, ঐ ব্যক্তি কি ব্যক্তিগণ তাঁহাদের সঙ্গে২ সাধারণ অবিভক্ত মহাল-স্বরূপ ঐ মহাল ভোগ করিবেন, এবং পূর্ব্বোক্ত ডিক্রীতে ঐ মহালে ঐ সাধারণ ভূম্যধিকারিদের যে২ পরিমাণের স্বার্থ প্রকাশ করা গেল, তাঁহাদের সেই২ পরিমাণের স্বার্থ থাকিবে ইতি।

29. Subject to the provisions of section eleven, a Civil Court may at any time direct the Collector to assign to any person lands representing a specified interest in any estate or in any specified village or tract of land in an estate, to be held by such person as a separate estate, or to divide off from any estate any specified villages or lands, and to assign them to any person to be held as a separate estate, provided that an application for such partition and separation shall be presented by such person, as required by sections seventeen, eighteen, and nineteen; but no Civil Court shall in any case specify the amount of revenue for which any separate estate which it may direct to be formed under the provisions of this section shall be liable.

Civil Court may order partition.

২৯ ধারা। দেওয়ানী আদালত ১১ ধারার বিধান প্রবল মানিয়া কোন সময়েই কালেক্টর সাহেবের প্রতি এই আজ্ঞা করিতে পারিবেন যে, কোন ব্যক্তির স্বতন্ত্র মহালস্বরূপ ভোগ করিবার জন্যে কোন মহালের কিম্বা মহালগত কোন নির্দ্দিষ্ট গ্রামের কি ভূমিখণ্ডের নির্দ্দিষ্ট স্বার্থানুযায়ি ভূমি নিরূপণ করেন, অথবা কোন মহালহইতে নির্দ্দিষ্ট কোন২ গ্রাম কি ভূমি পৃথক করিয়া কোন ব্যক্তির প্রতি স্বতন্ত্র মহাল-স্বরূপ ভোগ করিবার নিমিত্ত নিরূপণ করেন। পরন্তু এমত স্থলে প্রয়োজন যে, ঐ ব্যক্তি ১৭ ও ১৮ ও ১৯ ধারার বিধানমতে ঐ বন্টন ও পৃথক করণার্থ প্রার্থনা-পত্র উপস্থিত করেন। কিন্তু এই ধারার বিধানমতে দেওয়ানী আদালত যে স্বতন্ত্র মহাল করিবার আজ্ঞা করেন, সেই মহাল যত টাকা রাজস্বের দায়ী হইবে তাহা কোন স্থলেই নির্দ্দেশ করিবেন না ইতি।

বন্টন করিবার আজ্ঞা করিতে দেওয়ানী আদালতের ক্ষমতার কথা।

30. The Collector shall assess the land revenue on every such separate estate in accordance with the provisions of this Act, and no Civil Court shall direct the Collector to carry out at partition otherwise than in accordance with the provisions of this Act.

Collector to assess land revenue in accordance with this Act.

৩০ ধারা। কালেক্টর সাহেব এই আইনের বিধানানুসারে উক্ত প্রত্যেক স্বতন্ত্র মহালের ভূমির রাজস্ব ধার্য্য করিবেন, এবং দেওয়ানী আদালত কালেক্টর সাহেবের প্রতি এই আইনের বিধানভিন্ন অন্য কোন প্রকারে বন্টন কার্য্য নির্ব্বাহ করিতে আদেশ করিবেন না ইতি।

এই আইন অনুসারে কালেক্টর সাহেবের রাজস্ব ধার্য্য করিবার কথা।

[*Government Gazette, 7th November* 1876.]

31. If no objection be made within the time allowed under section twenty-one to an application for partition, or when all objections have been disposed of, and if the Collector has no reason to believe that any obstacle exists to his making the partition as applied for, he shall direct that the application be admitted, and record a proceeding declaring the estate to be under partition, for the purpose of forming and assigning to the applicant a separate estate.

Collector may declare the estate to be under partition.

In such proceeding the Collector shall declare the extent of interest in the parent estate which he finds to be held by the applicant, or joint applicants;

and, if more than one separate application for separation shall have been made and admitted, the extent of interest which he finds to be held by every separate applicant, or body of joint applicants, respectively;

and also the extent of interest which remains to any recorded proprietor, or to any number of recorded proprietors who are not applicants;

and shall order that lands proportionate to the interest so declared to be held by each applicant, or body of joint applicants, respectively, shall be formed into a separate estate, to be assigned to such applicant, or body of joint applicants;

and that lands proportionate to the interest so declared to remain to the recorded proprietor, or the number of recorded proprietors who are not applicants, shall be left forming a separate estate.

32. If at any time after the Collector has made an order for partition under the last preceding section, any recorded proprietor in the estate, other than the original applicant, shall apply for the separation of his share, the Collector may either order that the proceedings for effecting such separation shall be carried on simultaneously with those for separating the share of the original applicant, or if he consider that such a course would entail delay in the completion of the original proceedings, he may order that no action shall be taken on such subsequent application until after the proceedings for the separation of the original applicant's share shall have been completed.

Subsequent application for separation of another share.

In the latter case all or any of the rent-rolls, measurements, and other papers which were used in the separation of the original applicant's share,

৩১ ধারা। ২১ ধারামতে যে সময়ের অনুমতি হইল, সেই সময়ের মধ্যে বণ্টন হইবার প্রার্থনার আপত্তি না হইলে, কিম্বা হইলেও সকলই নিষ্পত্তি করা গেলে, এবং প্রার্থনামতে বণ্টন করিবার কোন বাধা নাই কালেক্টর সাহেবের এমত জানিবার কারণ থাকিলে, তিনি সেই প্রার্থনা গ্রাহ্য হইবার আজ্ঞা করিয়, স্বতন্ত্র মহাল করিয়া প্রার্থকের প্রতি নিরূপণ করিবার জন্যে মহালের বণ্টন হইতেছে, এই মর্ম্মের রুবকারী লিপিবদ্ধ করিবেন।

মহালের বণ্টনকার্য্য চলিতেছে এই কথা কালেক্টর সাহেবের প্রকাশ করিবার কথা।

আদিম মহালে প্রার্থকের কি সাধারণ প্রার্থকদের যে পরিমাণের স্বার্থ নির্ণয় করিলেন এই কথা,

ও স্বতন্ত্র করিবার জন্যে দুই কি তদধিক স্বতন্ত্র প্রার্থনা করা গেলে ও গ্রাহ্য হইলে, স্বতন্ত্র প্রত্যেক প্রার্থকের কিম্বা সাধারণ প্রার্থকগণের যেং পরিমাণের স্বার্থ নির্ণয় করিলেন এই কথা,

ও লিপিবদ্ধ যে ভূম্যধিকারী কিম্বা লিপিবদ্ধ যত জন ভূম্যধিকারী প্রার্থক নহেন তাঁহার কি তাঁহাদের যে পরিমাণের স্বার্থ থাকিবে এই কথা কালেক্টর সাহেব ঐ রুবকারীতে প্রকাশ করিবেন,

এবং প্রত্যেক জন প্রার্থকের কিম্বা সাধারণ প্রার্থকগণের যেং স্বার্থ তদ্রূপে প্রকাশ করা গেল, তাঁহার কি তাঁহাদের সেইং স্বার্থানুযায়ি ভূমি স্বতন্ত্রং মহাল করা যাইবার, ও সেই প্রার্থকের কিম্বা সাধারণ প্রার্থকগণের প্রতি নিরূপণ হইবার,

ও লিপিবদ্ধ যে ভূম্যধিকারী কিম্বা লিপিবদ্ধ যত জন ভূম্যধিকারী প্রার্থক নহেন, তাঁহার কি তাঁহাদের পক্ষে থাকিল বলিয়া যে স্বার্থ পূর্ব্বোক্তমতে নির্দ্দিষ্ট হয় সেই স্বার্থানুযায়ি ভূমি স্বতন্ত্র মহালস্বরূপ থাকিবার আজ্ঞা করিবেন ইতি।

৩২ ধারা। কালেক্টর সাহেব ইহার পূর্ব্ব ধারামতে বণ্টন হইবার আজ্ঞা করিলে পর কোন সময়ে, যদি প্রথম প্রার্থকভিন্ন ঐ মহালের লিপিবদ্ধ কোন ভূম্যধিকারী আপন অংশ স্বতন্ত্র করিবার প্রার্থনা করিয়া থাকেন, তবে প্রথম প্রার্থকের অংশ স্বতন্ত্র করিবার কার্য্য যে সময়ে চলিতেছে কালেক্টর সাহেব সেই সময়েই উক্ত অংশও স্বতন্ত্র করিবার কার্য্য চলনের আজ্ঞা করিতে পারিবেন, অথবা তদ্রূপে কার্য্য করিলে প্রথম কার্য্য সমাপ্ত হইবার বিলম্ব হইতে পারিবে এমত বিবেচনা করিলে, প্রথম প্রার্থকের অংশ স্বতন্ত্র করিবার কার্য্য সমাপ্ত না হওনপর্য্যন্ত পশ্চাৎ সেই প্রার্থনার উপলক্ষে কোন কার্য্য না হইবার আজ্ঞা করিতে পারিবেন।

অন্য অংশ স্বতন্ত্র করিবার প্রার্থনা পশ্চাৎ করা গেলে তদ্বিষয়ের কথা।

শেষোক্ত স্থলে, প্রথম প্রার্থকের অংশ স্বতন্ত্র করণে মফঃসল জমার যে ফর্দ্দ ও চিঠা ও অন্য যে সকল কাগজপত্রের ব্যবহার হইয়াছিল তাহা কিম্বা তাহার

may be used, as far as they are applicable, in the partition for which subsequent application has been made.

Collector may refer application for partition to any Deputy Collector.

33. The Collector may refer any application for partition to a Deputy Collector for the purpose of making any enquiries and doing anything required by this Part; provided that every order—

(*a*) rejecting an application under section twenty-three;

(*b*) directing, under section twenty-four, that the partition shall proceed, or shall be postponed;

(*c*) directing, under section thirty-one, that an application for partition be admitted, and declaring an estate to be under partition;

(*d*) made under the first clause of the last preceding section;

(*e*) appointing a Deputy Collector under the next succeeding section to carry out the partition;

shall be passed by the Collector and not by any Deputy Collector.

As soon as estate declared to be under partition, Collector may appoint Deputy Collector.

34. As soon as the Collector has declared an estate to be under partition as provided in section thirty-one, he may appoint a Deputy Collector to carry out the partition and all or any of the proceedings necessary thereto

Partition may be stayed if parties so desire. Recovery of costs.

35. If at any time after an order shall have been passed for making a partition all the recorded proprietors of the estate shall present a petition to the effect that they do not wish the partition to proceed, the Collector may, on the report of the Deputy Collector or otherwise, strike the partition case off the file, on payment by the proprietors of all costs and expenses incurred in and about such partition; and any such costs and expenses which shall not already have been levied as provided in section thirty-nine or section forty, shall be levied in proportion to the shares of the respective proprietors.

Partition may be stayed and proceedings quashed by Commissioner.

36. If at any time after an order shall have been passed for making a partition, it shall appear from information which was not before the Collector at the time the partition was ordered, or otherwise,

কোন২ কাগজপত্র যত দূর খাটিতে পারে, পশ্চাৎ প্রার্থনামতে ঐ বন্টন কার্য্যে তত দূর ব্যবহার হইতে পারিবে ইতি।

বন্টন হইবার প্রার্থনাপত্র ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করিতে কালেক্টর সাহেবের ক্ষমতার কথা।

৩৩ ধারা। এই ভাগানুসারে যে২ অনুসন্ধান লওয়া ও অন্য যে২ কার্য্য করা প্রয়োজন, তাহা করিবার জন্যে কালেক্টর সাহেব বন্টন করিবার কোন প্রার্থনাপত্র ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করিতে পারিবেন,—পরন্তু এই২ আজ্ঞা, অর্থাৎ—

(ক) ২৩ ধারামতে প্রার্থনা অগ্রাহ্য করিবার আজ্ঞা,

(খ) ২৪ ধারামতে বন্টনের কার্য্য চলিবার কি অমা দিন পর্য্যন্ত স্থগিত থাকিবার আজ্ঞা,

(গ) ৩১ ধারামতে বন্টন করিবার প্রার্থনা গ্রাহ্য হইবার, ও মহালের বন্টন হইতেছে ইহা প্রকাশ করিবার আজ্ঞা,

(ঘ) ইহার পূর্ব্ব ধারার প্রথম প্রকরণমত আজ্ঞা,

(ঙ) ইহার পশ্চাৎ ধারামতে বন্টনের কার্য্য চালাইবার জন্যে ডেপুটী কালেক্টরকে নিযুক্ত করিবার আজ্ঞা,

কালেক্টর সাহেবের করিতে হইবে, ডেপুটী কালেক্টরের নয় ইতি।

মহালের বন্টনকার্য্য চলিতেছে এই কথা প্রকাশ হইলেই ডেপুটী কালেক্টরকে কালেক্টর সাহেবের নিযুক্ত করিতে পারিবার কথা।

৩৪ ধারা। কোন মহালের বন্টনকার্য্য চলিতেছে কালেক্টর সাহেব ৩১ ধারার বিধানমতে এই কথা প্রকাশ করিলেই, তিনি সেই বন্টনকার্য্য ও তজ্জন্যে প্রয়োজনীয় সকল কি কোন কর্ম্ম নির্ব্বাহ করিবার জন্যে ডেপুটী কালেক্টরকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

বন্টনসংক্রান্ত ব্যক্তিদের ইচ্ছা হইলে ঐ কার্য্য স্থগিত হইবার ও খরচ আদায় করিবার কথা।

৩৫ ধারা। বন্টন করিবার আজ্ঞা করা গেলে পর কোন সময়ে, সেই বন্টনের কার্য্য যে চলে আমাদের এমত ইচ্ছা নাই বলিয়া মহালের লিপিবদ্ধ সকল ভূম্যধিকারী দরখাস্ত উপস্থিত করিলে, ও সেই বন্টনের কার্য্যে ও তৎসম্পর্কে যত খরচখরচা হইয়া থাকে, ভূম্যধিকারিরা তাহা দিলে, কালেক্টর সাহেব ডেপুটী কালেক্টরের রিপোর্টমতে কিম্বা প্রকারান্তরে, ঐ বন্টনের মোকদ্দমা নথীহইতে উঠাইয়া দিতে পারিবেন। ও ৩৯ কি ৪০ ধারার বিধানমতে উক্ত যে খরচখরচা পূর্ব্বে আদায় না হইয়া থাকে তাহা এক২ জন ভূম্যধিকারির অংশানুসারে আদায় করা যাইবে ইতি।

বন্টন স্থগিত করিতে ও তৎসংক্রান্ত কার্য্য ব্যর্থ করিতে কমিশ্যনর সাহেবের ক্ষমতার কথা।

৩৬ ধারা। কালেক্টর সাহেব যৎকালে বন্টন করিবার আজ্ঞা করিলেন তৎকালে তাঁহার নিকট যে সন্ধান জানা ছিল না এমত কোন সন্ধান হেতুক কিম্বা অন্য কারণে সেই বন্টনের

that any sufficient reason exists, why the partition should not be proceeded with, the Commissioner may, on the report of the Collector or otherwise, after issuing a notice calling on the persons interested to show cause why the partition should not be struck off the file, and after considering any objections which may be made, order the partition case to be struck off the file; and in such case any costs and expenses of the partition which shall not already have been levied as provided in section thirty-nine or section forty shall be levied in proportion to the shares of the respective proprietors.

কার্য্য না চলিবার বিশিষ্ট কারণ আছে, বণ্টন করিবার আজ্ঞা করা গেলে পর কোন সময়ে ইহা দৃষ্ট হইলে, কমিশ্যনর সাহেব কালেক্টর সাহেবের রিপোর্টমতে কিম্বা অন্য কারণে ঐ বিষয় সংক্রান্ত সকল ব্যক্তির নামে নোটিস দিয়া সেই বণ্টনের মোকদ্দমা নথীহইতে উঠাইয়া না দিবার কারণ দেখাইতে আজ্ঞা করিলে, ও যেং আপত্তি করা যায় তাহা বিবেচনা করিলে পর, তিনি নথী হইতে ঐ বণ্টনের মোকদ্দমা উঠাইয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন। তদ্রূপ স্থলে বণ্টন কার্য্যের যত খরচ খরচা ৩৯ বা ৪০ ধারার বিধানমতে পূর্ব্বে আদায় না হইয়া থাকে পৃথকং ভূম্যধিকারিদের অংশানুসারে তাহা আদায় করা যাইবে ইতি।

PART IV.

Of establishments for effecting partitions and of the cost thereof.

37. For the purposes of this Act, the Deputy Collector may, with the approval of the Collector, and subject to any rules made in that behalf by the Board, appoint such establishments as may be required for making the measurement and survey of lands, for ascertaining and recording the rates of rent, for making any other local enquiries, for the preparation of the papers and for other matters in each case; and the Collector may appoint such peshkars or other superior officers as may be required to test the work of the amins, and for the performance of similar duties, provided that the scale of remuneration of such officers, and the time for which they shall be employed, shall be sanctioned by the Commissioner.

Deputy Collector may appoint officers for making measurement of lands, &c.

চতুর্থ ভাগ।

বণ্টনের কার্য্য নির্ব্বাহ করিবার আমলাগণের ও তাঁহাদের খরচ বিষয়ক বিধি।

৩৭ ধারা। এই আইনের কার্য্যপক্ষে প্রত্যেক স্থলে ভূমি মাপ ও জরীপ করিবার ও খাজানার হার নিশ্চয়মতে জানিয়া লিপিবদ্ধ করিবার ও স্থানীয় অন্য অনুসন্ধান লওয়ার ও কাগজপত্র প্রস্তুত করিবার ও অন্যং কার্য্যের জন্যে যত জন আমলা প্রভৃতির প্রয়োজন থাকে, ডেপুটী কালেক্টর, কালেক্টর সাহেবের অনুমোদনক্রমে ও বোর্ডের সাহেবেরা তৎপক্ষে যে কোন বিধি করেন তাহা মানিয়া, তত জনকে নিযুক্ত করিতে পারিবেন। এবং আমীনদের কর্ম্ম পরীক্ষা করিবার, ও সেই প্রকারের অন্য কার্য্য করিবার জন্যে যত জন পেশকার কি উচ্চ শ্রেণীর অন্য কার্য্যকারকের প্রয়োজন থাকে, কালেক্টর সাহেব তাঁহাদিগকেও নিযুক্ত করিতে পারিবেন। কিন্তু ঐ কার্য্যকারকেরা যে হারে পারিশ্রমিক পাইবেন ও যত দিন নিযুক্ত থাকিবেন, কমিশ্যনর সাহেব তাহার অনুমোদন করিবেন ইতি।

ভূমি মাপকরণ প্রভৃতি কার্য্যের নিমিত্ত আমলাগণকে ডেপুটী কালেক্টরের নিযুক্ত করিবার কথা।

38. In any district or division in which partitions may be so numerous or so extensive as to render necessary the appointment of special establishments in the office of the Collector or of the Commissioner, the Collector and the Commissioner may, with the sanction of the Board, appoint such establishments.

Special establishments may be appointed.

৩৮ ধারা। কোন জিলার কি দেশের কোন খণ্ডের মধ্যে বণ্টনের কার্য্য অতি অধিক কি অতি বিস্তারিত হওয়াপ্রযুক্ত কালেক্টর সাহেবের কি কমিশ্যনর সাহেবের কাছারীতে বিশেষ আমলাগণের নিরিশতা নিযুক্ত কর আবশ্যক হইলে, কালেক্টর সাহেব এবং কমিশ্যনর সাহেব বোর্ডের সাহেবদের অনুমোদনক্রমে সেই আমলাগণকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

বিশেষ আমলাগণ নিযুক্ত হইতে পারিবার কথা।

39. As soon as possible after an estate has been declared to be under partition as provided in section thirty-one, the cost of making the partition shall be estimated, and the amount shall be levied from the proprietors in such instalments and at such times during the progress of the partition as may be fixed in accordance with any rules which the Board may make in that behalf.

Cost of partition to be levied from proprietors in accordance with rules laid down by the Board.

৩৯ ধারা। কোন মহালের বণ্টনকার্য্য চলিতেছে ৩১ ধারার বিধানমতে এই কথা প্রকাশ করা গেলে পর, ঐ বণ্টন করিবার খরচের অনুমানপত্র সাধ্যমতে ত্বরায় প্রস্তুত করা যাইবে। এবং বোর্ডের সাহেবেরা তৎপক্ষে যে বিধি করেন, তদনুসারে বণ্টনের কার্য্য চলনসময়ে যেং কিস্তি করিয়া ও যেং সময়ে ঐ খরচ আদায় করিতে স্থির করা যায়, সেইং কিস্তিমতে সেইং সময়ে ভূম্যধিকারিদের স্থানে ঐ খরচ আদায় করা যাইবে।

বোর্ডের সাহেবেরা যে বিধি করেন তদনুসারে বণ্টন করিবার খরচ ভূম্যধিকারিদের স্থানে লইবার কথা।

If the amount first estimated is found insufficient, supplementary estimates may be made from time to time, and the required amount may be levied as above provided.

Apportionment of costs.

40. The cost shall be apportioned on the proprietors of each share in proportion to their shares; but whenever it shall appear to the Commissioner that the partition proceedings have been unnecessarily delayed, and the cost of the partition enhanced by obstacles vexatiously put in the way of their completion by one or more of the proprietors, or by want of due diligence on the part of one or more of the proprietors in carrying out any requisitions made upon him or them, the Commissioner may direct that such portion of the cost as he may think proper in excess of the amount proportionate to his or their share shall be levied from such proprietor or proprietors.

Deputy Collector may declare cost of local enquiry.

41. Whenever any local enquiry may be held by the Deputy Collector or any other officer, in consequence of an objection raised by any person to any record of measurements, rent-rolls, or other information which has been laid before the Deputy Collector, the Deputy Collector may declare the cost which has been incurred by such enquiry, and may direct that the entire cost so declared shall be paid by the person making the objection or by any one of the proprietors, or that such cost shall be paid in such proportions as he shall think fit, by the said person and the proprietors or any of them, or that such cost be deemed a part of the general cost of making a partition as prescribed in section thirty-nine.

After completion of partition Collector shall declare total cost thereof.

42. Upon the completion of the partition, the Collector shall make an order declaring the total cost thereof. The account shall then be adjusted, either by returning to the proprietors any sums which they may have paid in excess of the total cost, or by levying from them in the manner provided in section one hundred and thirty-eight, if necessary, any sums remaining due.

Salary of Deputy Collectors when to be deemed part of cost of partition.

43. Whenever it shall appear to the Lieutenant-Governor that in any district the work required to be done by Deputy Collectors in connection with partitions under this Act is so great that such

প্রথমে যে খরচের অনুমান করা যায়, তাহাতে অকুলান হইল জানা গেলে, সময়ে২ পরিশিষ্ট অনুমানপত্র করা যাইতে পারিবে, ও প্রয়োজনীয় টাকা পূর্ব্বোক্ত বিধানমতে আদায় করা যাইতে পারিবে ইতি।

অংশাংশমতে খরচ লইবার কথা।

৪০ ধারা। যে ভূম্যধিকারিদের যে২ অংশ থাকে সেইং অংশানুসারে ঐ খরচ ভাগ করিয়া তাঁহাদের স্থানে লওয়া যাইবে। কিন্তু এক কি কএক জন ভূম্যধিকারির ঐ কার্য্য সম্পাদন হওয়ার ক্লেশজনক বাধা দেওয়াতে, কিম্বা এক কি কএক জন ভূম্যধিকারির প্রতি যে কর্ম্ম করিবার আদেশ হইল উপযুক্ত যত্নপূর্ব্বক সেই আদেশানুসারে কর্ম্ম না করাতে বণ্টনের কার্য্যের অনাবশ্যক বিলম্ব হইয়াছে ও বণ্টন করিবার খরচ বৃদ্ধি হইয়াছে কমিশ্যনর সাহেব ইহা দেখিতে পাইলে, ঐ ভূম্যধিকারির কি ভূম্যধিকারিদের অংশানুসারে তাঁহার কি তাঁহাদের যত খরচ দিতে হইত, তিনি তাঁহার কি তাঁহাদের স্থানে তদধিক যত খরচ লওয়া উচিত বোধ করেন তাহা আদায় করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

স্থানবিশেষে অনুসন্ধান লওয়ার খরচ ডেপুটী কালেক্টরের নির্দ্দেশ করিতে পারিবার কথা।

৪১ ধারা। ডেপুটী কালেক্টরের সম্মুখে মাপের যে কাগজপত্র কি মফঃসল জমা কি অন্য সন্ধান অর্পণ করা যায় তদ্বিষয়ে কোন ব্যক্তির আপত্তি তোলন প্রযুক্ত ডেপুটী কালেক্টরের কি অন্য কার্য্যকারকের দ্বারা কোন স্থানীয় অনুসন্ধান লওয়া গেলে, সেই অনুসন্ধান লওনের কার্য্যে যত খরচ লাগিয়াছে ডেপুটী কালেক্টর তাহা নির্দ্দেশ করিয়া জানাইতে পারিবেন, ও যে ব্যক্তি আপত্তি করিলেন তাঁহার কিম্বা ভূম্যধিকারিদের কোন এক জনের উক্ত নির্দ্দিষ্ট সমুদয় খরচ দিতে হইবে, অথবা ডেপুটী কালেক্টর যে২ অংশ উচিত বোধ করেন ঐ ব্যক্তির ও ভূম্যধিকারিদের কিম্বা তাঁহাদের কোন জনের সেই অংশানুসারে খরচ দিতে হইবে, কিম্বা ঐ খরচ ৩৯ ধারার নির্দ্দিষ্টমতে বণ্টনকার্য্যের সাধারণ খরচের একাংশ বলিয়া জ্ঞান হইবে, ডেপুটী কালেক্টর এমত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

বণ্টন করা সমাপ্ত হইলে পর কালেক্টর সাহেবের মোট খরচ প্রকাশ করিবার কথা।

৪২ ধারা। বণ্টন সমাপ্ত হইলে পর তাহাতে সর্ব্বসুদ্ধ যত খরচ হইয়াছে কালেক্টর সাহেব ইহা নির্দ্দেশ করণসূচক আজ্ঞা করিবেন। পরে ভূম্যধিকারিরা সেই সমুদয় খরচের অতিরিক্ত দিয়া থাকিলে সেই অধিকাংশ ফিরিয়া দিয়া, কিম্বা তাঁহাদের যে টাকা দিতে বাকী থাকে আবশ্যক হইলে ১৩৮ ধারার বিধানানুসারে তাহা আদায় করিয়া, ঐ হিসাব নিষ্পত্তি করিয়া দিবেন ইতি।

ডেপুটী কালেক্টরদের বেতন যে স্থলে বণ্টনকার্য্যের একাংশ বলিয়া জ্ঞান হইবে তাহার কথা।

৪৩ ধারা। কোন জিলার মধ্যে এই আইনমত বণ্টনকার্য্য সম্পর্কে ডেপুটী কালেক্টরদের দ্বারা যে কর্ম্ম করা প্রয়োজন এক কি কএক জন ডেপুটী কালেক্টরের হস্তে অর্পণ করা গেলে

work would, if concentrated in the hands of one or more Deputy Collectors, fully occupy the time of such one or more Deputy Collectors, the Lieutenant-Governor may make an order directing that the salary of such one or more Deputy Collectors, as the case may be, shall be recovered from the proprietors of estates under partition in such district as part of the cost of such partitions, and thereupon such charge as the Collector may think fit to make in respect of such salary shall, in addition to the items mentioned in the last preceding section, be deemed to be a portion of the costs of every partition.

For the purposes of this section the salary of every Deputy Collector shall be deemed to be the amount of salary which is drawn by a Deputy Collector of the lowest grade.

What are costs leviable from proprietors.

44. For the purposes of sections thirty-nine, forty, and forty-two, the costs of any partition shall be deemed to be

(*a*) the cost of any establishments entertained for the partition under section thirty-seven, or such amount as the Collector may think proper in respect of the services of any such establishments which are entertained for the purposes of making partitions in the district;

(*b*) all contingent expenses incurred in and about the partition; and

(*c*) such portion of the cost of any establishment entertained under section thirty-eight as the Collector may order.

Lieutenant-Governor may direct "Estates' Partition Fund" to be formed.

45. Notwithstanding anything contained in the eight last preceding sections, the Lieutenant-Governor may direct that in any district a fund to be called the "Estates' Partition Fund" shall be formed, into which all sums levied from the proprietors of estates in respect of partitions of their estates shall be paid.

Whenever such a fund shall have been established in any district, all expenses of making partitions of estates in such district shall, except as hereinafter otherwise provided, be defrayed from such fund.

Procedure when Estates' Partition Fund formed in any district.

46. Whenever the Lieutenant-Governor shall have ordered an "Estates' Partition Fund" to be formed in any district, the charges leviable from the proprietors of any estate under partition may be estimated and levied according to the estimate in each case

সেই কার্য্যের বাহুল্যপ্রযুক্ত ঐ এক কি কএক জন ডেপুটী কালেক্টরের সম্পূর্ণ সময় হরণ হইবে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব এমত বোধ করিলে, ঐ জিলার অন্তর্গত বণ্টনীয় মহালের ভূম্যধিকারিদের স্থানে ঐ এক কিম্বা বিষয়বিশেষে কএক জন ডেপুটী কালেক্টরের বেতন ঐ বণ্টনকার্য্যের একাংশ বলিয়া লওয়া যায় এমত আজ্ঞা করিতে পারিবেন। তাহা হইলে কালেক্টর সাহেব ঐ বেতনের উপলক্ষে যত টাকা খরচ ধরা উচিত বোধ করেন, ইহার পূর্ব্ব ধারার উল্লিখিত নানা দফার অতিরিক্ত তাহাও প্রত্যেক বণ্টনকার্য্যের খরচের একাংশ বলিয়া জ্ঞান হইবে।

নিম্নতর শ্রেণীর ডেপুটী কালেক্টর যত টাকা বেতন পাইয়া থাকেন তাহাই এই ধারার কার্য্যপক্ষে প্রত্যেক জন ডেপুটী কালেক্টরের বেতন বলিয়া জ্ঞান হইবে ইতি।

ভূম্যধিকারিদের স্থানে খরচ বলিয়া যাহা আদায় হইতে পারে তাহার কথা।

৪৪ ধারা। ৩৯ ও ৪০ ও ৪২ ধারার কার্য্যপক্ষে বণ্টনের খরচের মধ্যে এইং খরচ ধরিতে হইবে।

(ক) বণ্টন করিবার জন্যে ৩৭ ধারামতে যে আমলাগণ রাখা যায় তাঁহাদের খরচ, কিম্বা জিলার মধ্যে বণ্টন করিবার জন্যে যেং আমলাগণকে রাখা যায় তাঁহাদের কর্ম্মোপলক্ষে কালেক্টর সাহেব যত টাকা উচিত বোধ করেন তত টাকা।

(খ) বণ্টন করণে ও তৎসম্পর্কে নৈমিত্তিক যে সকল খরচ হয় তাহা।

(গ) ৩৮ ধারামতে যে আমলাগণকে রাখা যায় কালেকটর সাহেব তাঁহাদের খরচের যে অংশের আজ্ঞা করেন সেই অংশ ইতি।

মহালের বণ্টন, সম্পর্কীয় তহবীল করিতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের আজ্ঞা করিবার কথা।

৪৫ ধারা। ইহার পূর্ব্ব আটটি ধারায় ভাবান্তরের বিধান থাকিলেও, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কোন জিলার মধ্যে "মহালের বণ্টনসম্পর্কীয় তহবীল" বলিয়া একটি তহবীল করিবার আদেশ দিতে পারিবেন। নানা মহালের বণ্টনকার্য্যের উপলক্ষে ঐং মহালের ভূম্যধিকারিদের স্থানে যত টাকা আদায় হয় তৎসমুদয় ঐ তহবীলে দেওয়া যাইবে।

কোন জিলার মধ্যে সেই প্রকারের তহবীল করা গেলে, ইহার নিম্নভাগে ভাবান্তরের বিধান না থাকিলে সেই জিলার অন্তর্গত মহালের বণ্টন কার্য্যের সমুদয় খরচ ঐ তহবীলহইতে দেওয়া যাইবে ইতি।

কোন জিলায় মহালের বণ্টনসম্পর্কীয় তহবীল করা গেলে কার্য্যপ্রণালীর কথা।

৪৬ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কোন জিলার মধ্যে "মহালের বণ্টনসম্পর্কীয় তহবীল" করিবার আজ্ঞা করিলে পর, যে মহালের বণ্টনকার্য্য চলিতেছে তাহার ভূম্যধিকারিদের স্থানে যত খরচ আদায় হইতে পারে, প্রত্যেক স্থলে ৩৯ ও ৪০

as provided in sections thirty-nine and forty, subject to final adjustment, as provided in section forty-two; or they may be levied according to a general scale of fees to be fixed by the Board.

Scale of fees.

47. Such scale of fees shall be fixed as nearly as may be, so that the receipts and expenditure of the said fund shall balance one another, and shall be revised from time to time by the Board for that purpose.

Such fees shall be levied from the proprietors in such instalments and at such times during the progress of the partition as may be fixed in accordance with any rules which the Board may make in that behalf, and the provisions of section forty shall be applicable to such fees.

Abstract of Estates' Partition Fund to be published.

48. An abstract of the Estates' Partition Fund of each district made up to the end of each year shall be published in the *Calcutta Gazette*, and by being posted up at the office of the Collector of the district.

What costs of partition chargeable to Estates' Partition Fund.

49. For the purposes of sections forty-five, forty-six, and forty-seven, the expenses of making partitions in any district shall be deemed to be

(*a*) the cost of all establishments entertained in the district under section thirty-seven;

(*b*) all contingent expenses incurred in all partitions in the district;

(*c*) the cost of any special establishment appointed in the office of the Collector under section thirty-eight;

(*d*) such portion as the Commissioner may direct of the cost of any special establishment appointed in his office under section thirty-eight;

(*e*) the salary of any one or more Deputy Collectors which the Lieutenant-Governor may have ordered under section forty-three to be recovered from the proprietors of estates under partition.

Civil Court may in certain cases order parties to pay expenses incurred in dividing an estate.

50. Whenever any Civil Court shall make a decree awarding or declaring any proprietary right in an estate, and shall require the Collector to make a partition of the estate, such Court may at the same time direct,

that the party or parties who may have withheld the right so decreed shall defray the whole of the

ধারার বিধানমতে যে অনুমানপত্র করা যায় তদনুসারে ঐ খরচের অনুমান করা যাইতে ও তাহা আদায় হইতে পারিবে, ও ৪২ ধারার বিধানমতে তাহা চূড়ান্তরূপে নিষ্পত্তি করা যাইবে, অথবা বোর্ডের সাহেবেরা ফীর সাধারণ যে ফর্দ্দ করেন তদনুসারে খরচ আদায় হইবে ইতি।

ফীর ফর্দ্দের কথা।

৪৭ ধারা। ঐ ফী লইবার নিয়ম সাধ্যমতে এমন স্থির করা যাইবে যেন ঐ তহবীলের আয় ও ব্যয় পরস্পর সমান থাকে, তদর্থে বোর্ডের সাহেবেরা সময়েং ঐ ফর্দ্দ পুনরালোচনা করিবেন।

ঐ ফী আদায়ের বিষয়ে বোর্ডের সাহেবেরা যেং বিধি প্রণয়ন করেন, তদনুসারে যেং কিস্তি ও বণ্টনের কার্য্য চলিতেং যেং সময় নির্দ্ধারিত হয় সেইং কিস্তিমতে ও সেইং সময়ে ভূম্যধিকারিদের স্থানে ঐ ফী আদায় হইবে, ও তৎপ্রতি ৪০ ধারার বিধান বর্ত্তিবে ইতি।

মহালের বণ্টনসম্পর্কীয় তহবীলের হিসাবের চুম্বক প্রকাশ করিবার কথা।

৪৮ ধারা। প্রত্যেক জিলার মহালের বণ্টনসম্পর্কীয় তহবীলের হিসাবের চুম্বক প্রতিবৎসরের অবসান পর্য্যন্ত প্রস্তুত করিয়া, কলিকাতা গেজেটে, এবং জিলার কালেক্টরী কাছারীতে লাগাইয়া প্রকাশ করা যাইবে ইতি।

মহালের বণ্টনসম্পর্কীয় তহবীলহইতে বণ্টনের যেং খরচ লওয়া যাইবে তাহার কথা।

৪৯ ধারা। ৪৫ ও ৪৬ ও ৪৭ ধারার কার্য্যপক্ষে কোন জিলায় বণ্টন করিবার খরচের মধ্যে এইং খরচ ধরিতে হইবে।

(ক) ৩৭ ধারামতে জিলায় আমলাগণের যেং সিরিশ্‌তা রাখা যায় তাহার খরচ।

(খ) জিলার মধ্যে বণ্টনের সকল কার্য্যে যে নৈমিত্তিক খরচ হয় তাহা।

(গ) ৩৮ ধারামতে কালেক্টর সাহেবের আফিসে যে বিশেষ সিরিশ্‌তা নিযুক্ত করা যায় তাহার খরচ।

(ঘ) ৩৮ ধারামতে কমিশ্যনর সাহেবের আফিসে যে বিশেষ সিরিশ্‌তা নিযুক্ত করা যায়, তিনি তাহার খরচের যে অংশের আজ্ঞা করেন সেই অংশ।

(ঙ) ৪৩ ধারামতে যেং মহালের বণ্টন হইতেছে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাহার ভূম্যধিকারিদের স্থানে এক কি কএক জন ডেপুটী কালেক্টরের যে বেতন আদায় করিবার আজ্ঞা করেন সেই বেতন ইতি।

মহাল বিভাগ করণার্থে যে খরচ হয় স্থলবিশেষে উভয় পক্ষের সেই খরচ দিতে দেওয়ানী আদালতের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

৫০ ধারা। কোন দেওয়ানী আদালত মহালে কোন অধিকারিত্ব স্বত্ব দেওয়ার কি নির্দ্দেশ করণের ডিক্রী করিয়া কালেক্টর সাহেবের প্রতি ঐ মহাল বণ্টন করিবার আজ্ঞা করিলে, ঐ আদালত সেই সময়ে এইং আজ্ঞাও করিতে পারিবেন,—

যে স্বত্বের ডিক্রী হইল, যে ব্যক্তি কি ব্যক্তিরা তাহা অবরোধ করিলেন, ঐ বণ্টনকার্য্যে ও তৎসম্পর্কে যত

expense which may be incurred in and about the partition, or the whole of the fees payable in respect of the partition under section forty-six,

or that the said expenses or fees shall be defrayed by all or any of the parties to the suit in which the decree was made in such proportions as the Court may, from a consideration of the particular circumstances of the case, deem equitable.

Copies of all orders which the Court may pass under this section shall be transmitted to the Collector for his guidance, together with the precept which the Court may issue to him, requiring him to divide the estate; and the Collector shall levy the said expenses and fees from the parties in the proportion ordered by such Court in the same manner and by the same means as if the levy of such expenses and fees had been ordered by the Collector.

টাকা খরচ হয় তিনি কি তাঁহারাই সেই সমুদয় খরচ, কিম্বা ৪৬ ধারামতে ঐ বন্টনের উপলক্ষে যত ফী দিতে হয় সেই সমুদয় ফী দেন।

অথবা যে মোকদ্দমায় ডিক্রী করা গেল, আদালত সেই মোকদ্দমার বিশেষ ভাবগতিক বিবেচনায় উভয় পক্ষের অন্তর্গত সকল কি কোন২ ব্যক্তির ঐ খরচের কি ফীর যে২ অংশ দেওয়া ন্যায্য জ্ঞান করেন তাঁহারা সেই২ অংশ দেন।

আদালত কালেক্টর সাহেবের নামে মহাল বিভাগ করিবার আজ্ঞাসূচক যে পরওয়ানা দেন তাহার সঙ্গে এই ধারামতে যে সকল আজ্ঞা করেন তাহারও নকল কালেক্টর সাহেবের কার্য্যপদ্ধতি দেখাইবার জন্যে তাঁহার নিকট পাঠান যাইবে, এবং কালেক্টর সাহেব ঐ২ খরচের ও ফীর আজ্ঞা করিলে যে প্রকারে ও যে২ উপায় দ্বারা তাহা আদায় করিতেন, আদালত যে২ অংশানুসারে তাহা আদায় করিতে আজ্ঞা করেন কালেক্টর সাহেব সেই প্রকারে ও সেই২ উপায় দ্বারা ঐ২ ব্যক্তিদের স্থানে সেই অংশানুসারে ঐ২ খরচ ও ফী আদায় করিবেন ইতি।

PART V.

Of the Partition Proceedings up to the adoption of a Rent-roll and Measurement Papers.

পঞ্চম ভাগ।

মফঃসল জমার ফর্দ্দ ও মাপের কাগজপত্র স্থির না করণপর্য্যন্ত বন্টনের কার্য্যবিষয়ক বিধি।

As soon as estate declared to be under partition, Deputy Collector shall cause notification to be published.

51. As soon as the Collector shall have made an order under section thirty-one declaring an estate to be under partition, the Deputy Collector shall cause a notification to be published in the manner prescribed by section one hundred and thirty-four, and shall also cause copies thereof to be posted up at the Court of the Judge of the district in which any lands appertaining to the parent estate are known to be situated, and at the Court of every Munsif and of every Subdivisional Officer within the jurisdiction of whom, and at every Police Station within the jurisdiction of which, any such lands are known to be situated, intimating his intention to proceed with the partition, and requiring all the proprietors of the estate to produce before a certain date, being not less than forty days from the date of such notification, either jointly or separately, copies of their rent-rolls and statements of the rents collected during each of the three years next preceding, and also copies of any measurement papers of the estate which may be in their possession.

A notice to the same effect shall also be served as provided in section one hundred and thirty-five on each proprietor of the parent estate.

মহালের বণ্টন কার্য্য চলিতেছে এই কথা প্রকাশ হইলেই ডেপুটী কালেক্টরের জ্ঞাপনপত্র প্রকাশ করাইবার কথা।

৫১ ধারা। কোন মহালের বণ্টনকার্য্য চলিতেছে কালেক্টর সাহেব ৩১ ধারামতে এই কথা প্রকাশ করিলেই, ডেপুটী কালেক্টর ১৩৪ ধারার বিধানমতে জ্ঞাপনপত্র প্রকাশ করাইয়া আদিম মহালের অন্তর্গত কোন ভূমি যে জিলার মধ্যে আছে বলিয়া জানা থাকে সেই জিলার জজ সাহেবের আদালতে, ও উক্ত কোন ভূমি যে২ মুনসেফের ও মহকুমার যে২ কর্ত্তৃপক্ষের এলাকার মধ্যে আছে বলিয়া জানা থাকে সেই২ মুনসেফের ও কর্ত্তৃপক্ষের আদালতে, ও যে২ পোলীস থানার এলাকার মধ্যে আছে বলিয়া জানা থাকে সেই২ থানায় ঐ জ্ঞাপনপত্রের নকল লটকাইয়া, তন্মধ্যে এই কথা জানাইবেন যে, ঐ বন্টন কার্য্যে তাঁহার প্রবর্ত্ত হইবার মানস আছে, এবং ঐ জ্ঞাপনপত্রের তারিখ অবধি চল্লিশ দিনের অন্যূন কোন নির্দ্দিষ্ট তারিখে ঐ মহালের সকল ভূম্যধিকারী সাধারণ্যে কি স্বতন্ত্ররূপে আপনাদের মফঃসল জমার ফর্দ্দের নকল ও তৎপূর্ব্ব তিন বৎসরাবধি বৎসর২ যত খাজানা আদায় করিলেন তাহার বর্ণনাপত্র, ও মহালের যে চিঠা তাঁহাদের নিকট থাকে, তাহারও নকল আনিয়া দেখাইবার আজ্ঞা করিবেন।

১৩৫ ধারার বিধানমতে আদিম মহালের প্রত্যেক জন ভূম্যধিকারিকেও সেই মর্ম্মের নোটিস দিতে হইবে।

The Deputy Collector may, on sufficient grounds for so doing being shown to his satisfaction, from time to time extend the period for producing any such return.

পূর্ব্বোক্ত কোন কাগজপত্র দিবার যে মিয়াদ নিরূপণ হইল, ডেপুটী কলেক্টরের হৃদ্বোধমতে তাহা বাড়াইয়া দিবার বিশিষ্ট কারণ দেখান গেলে, তিনি সময়ে২ তাহা বাড়াইয়া দিতে পারিবেন ইতি।

Rent-roll filed by a proprietor to be subscribed and verified.

52. Every rent-roll, statement of rents collected, and measurement paper furnished to the Collector under this Act, shall be presented by the person who is required to produce the same or by a duly authorized agent of such person who has a personal knowledge of the facts stated therein, and shall be subscribed and verified at the foot by such person or such agent in the manner following, or to the like effect:—

ভূম্যধিকারী মফঃসল জমার যে ফর্দ্দ দেন তাহাতে তাঁহার স্বাক্ষর করিবার ও সত্যাকরণের কথা লিখিবার কথা।

৫২ ধারা। এই আইনমতে কালেক্টর সাহেবকে মফঃসল জমার যে ফর্দ্দ, ও আদায় করা খাজানার যে বর্ণনাপত্র, ও যে চিঠা দিতে হইবে, যে ব্যক্তির প্রতি তাহা দেখাইবার আদেশ থাকে তিনি আপনি তাহা আনিবেন, কিম্বা তাঁহার উপযুক্তমতে ক্ষমতাপ্রাপ্ত যে মোক্তার নিজে সেই২ পত্রলিখিত সকল বৃত্তান্ত অবগত আছেন তাঁহার দ্বারা উপস্থিত করিবেন, ও সেই ব্যক্তি কিম্বা ঐ মোক্তার তাহাতে স্বাক্ষর করিবেন ও সত্যাকরণের এই কথা কিম্বা ইহার মর্ম্মানুযায়ী কথা লিখিবেন, —

"I, A.B., do declare that this rent-roll (*statement, or measurement paper*) is correct to the best of my knowledge and belief."

"মফঃসল জমার এই ফর্দ্দে (কিম্বা বর্ণনাপত্রে কি চিঠায়) যে সকল কথা লেখা আছে তাহা আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য, আমি শ্রীঅমুক ইহা নির্দ্দেশ করিয়া লিখিলাম।"

If the rent-roll, statement, or measurement paper shall contain any entry which the person making the verification shall know or believe to be false, or shall not believe to be true, such person shall be subject to punishment according to the law for the time being in force for the punishment of giving or fabricating false evidence.

যে ব্যক্তি সত্যাকরণের কথা লেখেন তিনি যাহা মিথ্যা বলিয়া জানেন কি বিশ্বাস করেন কিম্বা যাহা সত্য বলিয়া বিশ্বাস না করেন, মফঃসল জমার ঐ ফর্দ্দে কি বর্ণনাপত্রে কি চিঠায় এমত কোন কথা থাকিলে, মিথ্যা প্রমাণ দেওনের কি প্রস্তুত করণের দণ্ড করণার্থ যে আইন যৎকালে প্রবল থাকে সেই আইন অনুসারে তাঁহার দণ্ড হইতে পারিবে ইতি।

Procedure if person required cannot produce rent-roll or statement.

53. If any proprietor who is required to produce any rent-roll or statement by notice as aforesaid is unable to produce such rent roll or statement, he shall state to the Deputy Collector the cause thereof and the name and address of the person who has in his possession the information necessary for the preparation of such rent-roll and statement, and the Deputy Collector may, if he shall think fit, require such person to produce such rent-roll and statement.

যাঁহার প্রতি আদেশ থাকে তিনি মফঃসল জমার ফর্দ্দ কি বর্ণনাপত্র দেখাইতে না পারিলে কার্য্যপ্রণালীর কথা।

৫৩ ধারা। পূর্ব্বোক্ত নোটিস দ্বারা যে ভূম্যধিকারির প্রতি মফঃসল জমার ফর্দ্দ কি বর্ণনাপত্র দেখাইবার আদেশ থাকে, তিনি তাহা দেখাইতে না পারিলে, ডেপুটী কালেকটরকে তাহার কারণ জানাইবেন, ও মফঃসল জমার সেই ফর্দ্দ ও বর্ণনাপত্র প্রস্তুত করিবার প্রয়োজনীয় সন্ধান যে ব্যক্তির নিকট থাকে তাঁহার নাম ও ঠিকানা জানাইবেন, ও ডেপুটী কালেকটর উচিত বোধ করিলে ঐ ব্যক্তিকে মফঃসল জমার সেই ফর্দ্দ ও বর্ণনাপত্র দেখাইতে আদেশ করিবেন ইতি।

Deputy Collector may order measurement of land and may test rent-roll.

54. The Deputy Collector may, if necessary, make, or may cause to be made, a measurement of all or any of the lands comprised in the estate, and may prepare or cause to be prepared a rent-roll, and may test or cause to be tested on the spot any rent-roll which has been produced as aforesaid, and may make or may cause to be made any local enquiry which he may consider necessary.

ভূমি মাপ করিবার আজ্ঞা করিতে ও মফঃসল জমার ফর্দ্দ পরীক্ষা করিতে ডেপুটী কলেকটরের ক্ষমতার কথা।

৫৪ ধারা। আবশ্যক হইলে, ডেপুটী কালেকটর মহালের অন্তর্গত সকল কি কোন ভূমি মাপ করিতে কি, করাইতে ও মফঃসল জমার ফর্দ্দ প্রস্তুত করিতে কি করাইতে পারিবেন, ও পূর্ব্বোক্তমতে মফঃসল জমার যে ফর্দ্দ উপস্থিত করা গিয়াছে তাহা সরেজমীনে পরীক্ষা করিয়া বা করাইয়া লইতে ও স্থান বিশেষে যে অনুসন্ধান লওয়া আবশ্যক জ্ঞান করেন তাহা লইতে বা লওয়াইতে পারিবেন ইতি।

55. Before proceeding or deputing the amin to the spot, the Deputy Collector shall publish a notification in the manner prescribed by Section one hundred and thirty-four requiring the several proprietors of the estate, their managers, and any other persons employed in the management of the land, or otherwise interested therein, to attend in person or by agent upon him or upon the amin who is deputed to make the measurement or enquiry, for the purpose of pointing out boundaries and of affording such assistance and information as may be required for the purposes of this Act.

Deputy Collector to summon proprietors by proclamation to attend proceedings.

৫৫ ধারা। সরেজমীনে যাইবার কিম্বা আমীনকে পাঠাইবার পূর্ব্বে ডেপুটী কালেক্টর ১৩৪ ধারার বিধানমতে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া, সীমা দেখাইয়া দিবার ও এই আইনের কার্য্য পক্ষে যদ্রূপ উপকার করা ও সন্ধান দেওয়া প্রয়োজন তাহা করিবার ও জানাইবার জন্যে ঐ মহালের প্রত্যেক ভূম্যধিকারির ও তাঁহাদের কার্য্যাধ্যক্ষদের প্রতি ও ভূমির অধ্যক্ষতা কার্য্যে অন্য যে ব্যক্তিরা নিযুক্ত থাকেন কি প্রকারান্তরে সম্পর্ক প্রাপ্ত হন তাঁহাদের প্রতি নিজে কি মোক্তারের দ্বারা আপনার সম্মুখে, কিম্বা মাপ করিতে কি অনুসন্ধান লইতে যে আমীনকে পাঠান যায় তাঁহার সম্মুখে উপস্থিত হইবার আদেশ করিবেন ইতি।

কার্য্যানুষ্ঠান হইলে ঘোষণাপত্রদ্বারা ভূম্যধিকারিদিগকে উপস্থিত হইবার সমন দিতে ডেপুটী কালেক্টরের ক্ষমতার কথা।

56. The Deputy Collector, and any amin or other person who is specially authorized in that behalf by the Collector, may, by a notice served as provided in section one hundred and thirty-five, require any proprietor or other person whose attendance may be required, to attend before the Deputy Collector or amin who is making such measurement or enquiry, within a specified time at any place for any of the purposes aforesaid.

Deputy Collector and Amin may require attendance of proprietor or any other person

৫৬ ধারা। ডেপুটী কালেক্টর ও কোন আমীন, কিম্বা এই কার্য্যপক্ষে অন্য যে ব্যক্তি কালেক্টর সাহেবের স্থানে বিশেষ ক্ষমতা প্রাপ্ত হন তিনি ১৩৫ ধারার বিধানমতে নোটিস দেওয়াইয়া কোন ভূম্যধিকারিকে কিম্বা অন্য যে ব্যক্তির উপস্থিত হওয়া প্রয়োজন তাঁহাকে, পূর্ব্বোক্ত কোন কার্য্যের নিমিত্ত নিরূপিত সময়ে ও স্থানে ঐ ডেপুটী কালেক্টরের সম্মুখে, কিম্বা যে আমীন উক্ত প্রকারে মাপ কি অনুসন্ধান করিতেছেন তাঁহার সম্মুখে উপস্থিত হইবার আদেশ করিবেন ইতি।

ভূম্যধিকারির কি অন্য ব্যক্তির উপস্থিত হইবার আদেশ করিতে ডেপুটী কালেক্টরের ও আমীনের ক্ষমতার কথা।

57. If any objection be made to a measurement, map, or rent-roll prepared by the amin, or if for any other reason it seems desirable, the Deputy Collector shall, as soon as possible after completion of the amin's work, himself test, or shall cause to be tested, on the spot such measurement, map, and rent-roll, and may accept, amend, or reject the same, or any of them. If the Deputy Collector shall deem it necessary, he may cause the work or any portion thereof to be done again.

Deputy Collector to test amin's work.

৫৭ ধারা। আমীন যে মাপ করিলেন কিম্বা যে নকশা কি মফঃসল জমার যে ফর্দ্দ প্রস্তুত করিলেন তদ্বিষয়ে কোন আপত্তি করা গেলে কিম্বা কারণান্তরে উচিত বোধ হইলে, আমীনের সেই কর্ম্ম সমাপ্ত হইলে পর, ডেপুটী কালেক্টর সাধ্যমতে ত্বরায় আপনি সরেজমীনে ঐ চিঠা ও নকশা ও মফঃসল জমার ফর্দ্দ পরীক্ষা করিয়া কি করাইয়া ঐ২ পত্র কিম্বা তন্মধ্যে কোন পত্র গ্রাহ্য কি সংশোধন কি অগ্রাহ্য করিতে পারিবেন। ডেপুটী কালেক্টর আবশ্যক বোধ করিলে ঐ কর্ম্ম কিম্বা তাহার কোন অংশ পুনশ্চ করাইয়া লইতে পারিবেন ইতি।

আমীনের কর্ম্ম ডেপুটী কালেক্টরের পরীক্ষা করিবার কথা।

58. The Deputy Collector may examine any person on solemn affirmation, in regard to the papers produced before him, whether by the proprietors, by the amin, or otherwise, and shall allow the parties concerned to put any necessary questions to such person.

Examination of the parties and their papers.

৫৮ ধারা। ডেপুটী কালেক্টরের সম্মুখে ভূম্যধিকারিদের কিম্বা আমীনের দ্বারা কি প্রকারান্তরে যে কাগজপত্র উপস্থিত করা যায়, তদ্বিষয়ে তিনি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করাইয়া কোন ব্যক্তির পরীক্ষা লইতে পারিবেন, ও তদ্বিষয়ে যে ব্যক্তিদের সম্পর্ক থাকে তাঁহাদিগকেও ঐ ব্যক্তির নিকট আবশ্যকমতে কোন কথা জিজ্ঞাসা করিবার অনুমতি দিতে পারিবেন।

ব্যক্তিদের ও তাহাদের কাগজপত্রের পরীক্ষার কথা।

The Deputy Collector shall also allow any proprietor or other person interested to examine the papers so produced, and to take a copy of the same, and after such

ও তদ্রূপে যে কাগজপত্র উপস্থিত করা যায় ডেপুটী কালেক্টর কোন ভূম্যধিকারিকে কি স্বার্থযুক্ত অন্য ব্যক্তিকে সেই কাগজপত্র পরীক্ষা করিয়া দেখিবার ও তাহার নকল করিয়া লইবার

examination shall hear any objections which any of the persons interested may make in respect of such papers, and shall decide whether any, and (if any), which of the papers as they stand, or with such modifications as he may think necessary, shall be accepted as correct for the purposes of the partition.

Power of Deputy Collector if proprietor fails to file rent-roll.

59. If any proprietor who has been required to produce a rent-roll or statement under section fifty-one, fails to produce the same after the imposition on him of a fine under section one hundred and thirty-seven for thirty days, or fails to state to the Deputy Collector the name and address of any person under section fifty-three, the Deputy Collector may declare that the said proprietor shall, for the purposes of the partition, be bound by such rent-roll as the Deputy Collector may adopt as the basis of the partition as hereinafter provided, and after such declaration any officer exercising authority under this Act may refuse to entertain any objection which such proprietor may make to such rent-roll.

Power of Deputy Collector, if person fails to produce rent-roll.

60. If any person who has been required to produce a rent-roll or statement under section fifty-three shall fail to produce the same after the imposition on him of a fine under section one hundred and thirty-seven for thirty days, the Deputy Collector may declare that the proprietor who may have stated the name of such person under section fifty-three shall, for the purposes of the partition, be bound by the rent-roll which the Deputy Collector may adopt for the basis of the partition as hereinafter provided, and after such declaration any officer exercising authority under this Act may refuse to entertain any objection which such proprietor may make to such rent-roll.

Collector may dispense with rent-roll, maps, and other papers.

61. Notwithstanding anything contained in this Act, if it shall appear to the Deputy Collector that any measurements, maps, rent-rolls, or other papers relating to the estate which have been prepared otherwise than for the purposes of the partition, or otherwise than for the purposes of this Act, afford information sufficiently trustworthy to enable him to effect the partition, the Deputy Collector may adopt such information and such papers either wholly or in part for the purposes of the partition, and may dispense with any rent-rolls, maps, or

অনুমতি দিতে পারিবেন, ও দেখিয়া লইবার পরে স্বার্থযুক্ত কোন ব্যক্তিরা ঐ কাগজপত্রের বিষয়ে কোন আপত্তি করিলে, তিনি তাহা শুনিবেন, ও উক্ত কাগজপত্রের মধ্যে কোন কাগজপত্র যেমন লেখা আছে বণ্টনের কার্য্যপক্ষে তেমনি ঠিক বলিয়া গ্রাহ্য করিতে হইবে কি না, কিম্বা যে প্রকারে মতান্তর করা আবশ্যক জ্ঞান করেন সেই প্রকারে মতান্তর করিয়া তাহা গ্রাহ্য হইবে, ও যেং কাগজপত্র তদ্রূপে গ্রাহ্য হইবে, ইহা নির্ণয় করিবেন ইতি।

ভূম্যধিকারী মফঃসল জমার ফর্দ্দ না দিলে ডেপুটী কালেক্টরের ক্ষমতার কথা।

৫৯ ধারা। কোন ভূম্যধিকারির প্রতি ৫১ ধারামতে মফঃস্বল জমার ফর্দ্দ কি বর্ণনাপত্র দেখাইতে আদেশ করা গেলে, ১৩৭ ধারামতে তাঁহার অর্থদণ্ড ধার্য্য হইলেও তিনি ত্রিশ দিনপর্য্যন্ত ঐ মফঃসল জমার ফর্দ্দ ও বর্ণনাপত্র উপস্থিত না করিলে, কিম্বা ৫৩ ধারামতে ডেপুটী কালেক্টরকে কোন ব্যক্তির নাম ও ঠিকানা না জানাইলে, পশ্চাল্লিখিত বিধানমতে ডেপুটী কালেক্টর বণ্টনকার্য্যের মূলস্বরূপ মফঃসল জমার যে ফর্দ্দ গ্রাহ্য করেন, বণ্টনের কার্য্যপক্ষে উক্ত ভূম্যধিকারী সেই ফর্দ্দে বদ্ধ থাকিবেন ডেপুটী কালেক্টর এই কথা নির্দ্দেশ করিয়া জানাইতে পারিবেন। ও সেই নির্দ্দেশবাক্য প্রকাশ হইলে পর ঐ ভূম্যধিকারী মফঃসল জমার ঐ ফর্দ্দ বিষয়ে আপত্তি করিলেও এই আইনমত ক্ষমতানুসারে কার্য্যকারি কোন কর্ত্তৃপক্ষ তাহা গ্রাহ্য করিতে অসম্মত হইতে পারিবেন ইতি।

কোন ব্যক্তি মফঃসল জমার ফর্দ্দ না দেখাইলে ডেপুটী কালেক্টরের ক্ষমতার কথা।

৬০ ধারা। কোন ব্যক্তির প্রতি ৫৩ ধারামতে মফঃসল জমার ফর্দ্দ কি বর্ণনাপত্র উপস্থিত করিবার আদেশ থাকিলে, ও ১৩৭ ধারামতে তাঁহার অর্থদণ্ড ধার্য্য হইয়াও তিনি ত্রিশ দিন পর্য্যন্ত ঐ২ পত্র উপস্থিত না করিলে, পশ্চাল্লিখিত বিধানমতে ডেপুটী কালেক্টর বণ্টনকার্য্যের মূলস্বরূপ মফঃসল জমার যে ফর্দ্দ গ্রাহ্য করেন, যে ভূম্যধিকারী ৫৩ ধারামতে ঐ ব্যক্তির নাম জানাইলেন বণ্টনের কার্য্যপক্ষে মফঃসল জমার সেই ফর্দ্দে তাঁহার বদ্ধ হইতে হইবে ডেপুটী কালেক্টর এই কথা নির্দ্দেশ করিয়া প্রকাশ করিতে পারিবেন। ও সেই নির্দ্দেশ বাক্য প্রকাশ হইলে পর ঐ ভূম্যধিকারী মফঃসল জমার ঐ ফর্দ্দ বিষয়ে আপত্তি করিলেও এই আইনমত ক্ষমতানুসারে কার্য্যকারি কোন কর্ত্তৃপক্ষ তাহা গ্রাহ্য করিতে অসম্মত হইতে পারিবেন ইতি।

মফঃসল জমার ফর্দ্দ ও নকশা প্রভৃতি কাগজপত্র ছাড়িয়া কালেক্টরের কার্য্য করিতে পারিবার কথা।

৬১ ধারা। বণ্টনের নিমিত্ত কিম্বা এই আইনের কার্য্যের নিমিত্ত ছাড়া কোন কারণে কোন চিঠা ও নকশা ও মফঃসল জমার ফর্দ্দপ্রভৃতি মহালসম্পর্কীয় যেং কাগজপত্র প্রস্তুত করা গিয়াছে তন্মধ্যে যে সন্ধান থাকে বণ্টনের কার্য্য চালাইবার জন্যে তাহা উপযুক্ত রূপে বিশ্বাসযোগ্য ডেপুটী কালেক্টর এমত বোধ করিলে, এই আইনে প্রকারান্তরের বিধান থাকিলেও, তিনি বণ্টনের কার্য্যের নিমিত্ত সেই সন্ধান ও সেই কাগজপত্র কিম্বা তাহার কোন অংশ গ্রাহ্য করিতে পারিবেন। ও মফঃসল জমার যে ফর্দ্দ কি নকশা কি অন্য কাগজপত্র তাঁহার

other papers for which he is authorized to call, or which an applicant is required to produce under this Act.

Proprietor who has failed to attend shall not be entitled to object subsequently.

62. No proprietor or other person, who shall have failed to attend in person or by agent during the measurement as required by the notification published under section fifty-five, shall be entitled at any subsequent time to make any objection to such measurement, but the Collector may admit any objection made by such proprietor or person if he think fit, provided that any expense entailed by a local inquiry made in consequence of such subsequent objection shall be paid entirely by such proprietor or person.

Notification of date for deciding the mode of partition.

63. When the Deputy Collector is finally satisfied that the papers before him, whether rent-rolls, measurement papers, maps, or other papers, are sufficient and sufficiently correct to be accepted or adopted for the purposes of the partition, he shall make an order to that effect, and shall fix a day on which to determine the general arrangement of the partition, and shall publish a notification in the manner prescribed by section one hundred and thirty-four, calling on all the proprietors to be present on the day so fixed, such day being not less than thirty or more than sixty days after the publication of the notification in his office, and shall serve a notice to the same effect on each proprietor or his agent.

PART VI.

Of partition by amicable arrangement or by arbitration.

Deputy Collector may allow parties to make a private partition.

64. On the date fixed under the last preceding section, if a petition to that effect signed by all the recorded proprietors shall have been presented, the Deputy Collector may allow such proprietors to make a private partition of the estate amongst themselves on the basis of the papers which have been accepted or adopted for the purposes of the partition by the Deputy Collector, or may refer the partition to be made by an arbitrator or arbitrators on such basis.

If the proprietors who have elected to make such private partition shall fail to make the same within such time as may be fixed by the Deputy

আনাইবার ক্ষমতা থাকে কিম্বা এই আইনমতে প্রার্থ-কের উপস্থিত করিবার আদেশ থাকে, তিনি তাহা ছাড়াও কার্য্য চালাইতে পারিবেন ইতি।

ভূম্যধিকারী উপস্থিত না হইলে পশ্চাৎ তাঁহার আপত্তি করিবার অধিকার না থাকার কথা।

৬২ ধারা। ৫৫ ধারামতে যে জ্ঞাপনপত্র প্রচার করা যায়, কোন ভূমাধিকারী কি অন্য ব্যক্তি মাপ করণ সময়ে সেই জ্ঞাপনপত্রের আদেশ অনুসারে নিজে কি মোক্তারের দ্বারা উপস্থিত না হইলে, পশ্চাৎ তাঁহার সেই মাপের বিষয়ে কোন আপত্তি করিবার অধিকার নাই। কিন্তু যদি ঐ ভূম্যধি-কারী কি ঐ ব্যক্তি আপত্তি করেন, তবে পশ্চাৎ করা সেই আপত্তিপ্রযুক্ত স্থানীয় অনুসন্ধান লইতে হইলে সেই অনুসন্ধান লওয়ার সমুদয় খরচ ঐ ভূম্যধিকারির কি ঐ ব্যক্তির স্থানে আদায় হইবে, এই নিয়মে কালে-কুটর সাহেব উচিত বোধ করিলে ঐ আপত্তি গ্রাহ্য করিতে পারিবেন ইতি।

বণ্টন যে প্রকারে করা যাইবে ইহা স্থির করিবার তারিখের জ্ঞাপনপত্রের কথা।

৬৩ ধারা। ডেপুটী কালেক্টরের সম্মুখে মফঃসল জমার ফর্দ্দ ও চিঠা ও নকশা প্রভৃতি যে কাগজপত্র থাকে তাহা সকলই উপযুক্ত ও উপযুক্তমতে ঠিক হওয়াতে বণ্টনের কার্য্যপক্ষে গ্রাহ্য হইতে পারে, তিনি শেষে ইহা হৃদ্বোধমতে জানিলে সেই মর্ম্মের আজ্ঞা করিয়া বণ্টনের সাধারণ নিয়ম নিরূপণ করিবার দিন স্থির করিয়া ১৩৪ ধারার বিধানমতে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া আপন কাছারীতে ঐ জ্ঞাপনপত্র প্রকাশ হইবার পর ত্রিশ দিনের অন্যূন ও ষাইট দিনের অনধিক সেই নিরূপিত দিনে সকল ভূম্যধিকারির উপ-স্থিত হইবার আজ্ঞা করিবেন ও প্রত্যেক জন ভূম্যধি-কারির কিম্বা তাঁহার মোখতারের নামে সেই মর্ম্মের নোটিস দেওয়াইবেন ইতি।

---

৬ ষষ্ঠ ভাগ।

আপোসে বন্দোবস্ত করণদ্বারা কি সালীসের দ্বারা বণ্টনবিষয়ক বিধি।

আপোসে বণ্টন করিবার অনুমতি দিতে ডেপুটী কালেক্টরের ক্ষমতার কথা।

৬৪ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে দিন নিরূপণ করা যায় সেই দিনে লিপি-বদ্ধ সকল ভূম্যধিকারী আপোসে বণ্টন করিবার দরখাস্ত স্বাক্ষর করিয়া উপস্থিত করিলে, ডেপুটী কালেক্টর বণ্টনের কার্য্যের নিমিত্ত যে কাগজপত্র গ্রাহ্য করিলেন তাঁহাদি-গকে সেই কাগজপত্র মূলস্বরূপ ধরিয়া তদনুসারে আপোসে ঐ মহাল বণ্টন করিবার অনুমতি দিতে পারিবেন, অথবা সালীসের কি সালীসদের প্রতি সেই মূল ধরিয়া বণ্টন করিবার কার্য্য অর্পণ করিতে পারিবেন।

যে ভূম্যধিকারিরা আপোসে ঐ বণ্টন করিতে ইচ্ছা প্রকাশ করেন, তাঁহারা ডেপুটী কালেক্টরের নিরূ-পিত সময়ের মধ্যে তাহা না করিলে, তিনি সালীসের কি

Collector, the Deputy Collector may refer the partition to be made by an arbitrator or arbitrators, or may make the partition himself.

Procedure on reference to arbitration.

65. Whenever any partition shall have been referred to arbitration, the proceedings shall be conducted in accordance with the provisions of sections 313 to 325 (both inclusive) of Act VIII of 1859 (*an Act for simplifying the procedure of the Court of Civil Judicature not established by Royal Charter*) as far as those provisions are applicable, and except as herein otherwise expressly provided.

Arbitrators to deliver a partition paper.

66. The arbitrators shall deliver, within a time to be fixed by the Deputy Collector, which time may be further extended by him, a full and complete paper of partition, in such form as may be prescribed by the Board for partitions made by the Collector or Deputy Collector.

Remuneration of arbitrators.

67. The arbitrators, on delivering the paper of partition as aforesaid, shall be entitled to reasonable fees for their services, the amount of which shall be fixed, with the approval of the Commissioner, by the officer making the reference to arbitration, and shall be considered to form part of the cost of making the partition.

Partition made under this Part to be subject to approval of Collector and superior revenue authorities.

68. Every partition made under the provisions of this Part by the parties or by arbitrators appointed by them, shall be subject to the approval of the Deputy Collector and to the confirmation of the Collector and the orders of the superior revenue authorities; provided that neither the Deputy Collector nor any other authority shall disallow any partition so made on any other ground than that of fraud, or that, in the opinion of the Deputy Collector or such other authority, the partition cannot be confirmed without endangering the safety of the land revenue.

Land revenue to be assessed by Collector.

69. Whenever a partition has been made under the provisions of this Part, the land revenue shall be assessed by the Collector on each separate estate into which the parent estate is divided by such partition in the manner prescribed by section six.

[*Government Gazette, 7th November* 1876.]

সালীসদের প্রতি সেই বণ্টনকার্য্য অর্পণ করিতে, কিম্বা আপনি বণ্টন করিতে পারিবেন ইতি।

সালীসের প্রতি অর্পণ হইলে কার্য্যপ্রণালীর কথা।

৬৫ ধারা। বণ্টনের কার্য্য সালীসীতে অর্পণ করা গেলে, ১৮৫৯ সালের ৮ আইনের (অর্থাৎ দেওয়ানী যে২ আদালত রাজকীয় চার্টর দ্বারা স্থাপিত হয় নাই সেই২ আদালতের কার্য্যপ্রণালী আরো সহজ করণার্থ আইনের) ৩১৩ অবধি ৩২৫ পর্য্যন্ত ধারার বিধান যত দূর খাটিতে পারে, নিম্নভাগে ভাবান্তরের স্পষ্ট বিধান না থাকিলে, সেই২ বিধানানুসারে ঐ বণ্টনের কার্য্যানুষ্ঠান হইবে ইতি।

সালীসদের বণ্টনপত্র দিতে হইবার কথা।

৬৬ ধারা। বোর্ডের সাহেবেরা কালেকটর সাহেবের কিম্বা ডেপুটী কালেকটরের বণ্টনপত্র লিখিবার যে পাঠ নির্দ্ধার্য্য করেন, সালীসেরা ডেপুটী কালেকটরের নিরূপিত সময়ের মধ্যে সেই পাঠানুসারে সম্পূর্ণ ও সর্ব্বাঙ্গশুদ্ধ বণ্টনপত্র আনিয়া দিবেন। ডেপুটী কালেকটর ঐ সময় বাড়াইয়া দিতে পারিবেন ইতি।

সালীসদের পারিশ্রমিকের কথা।

৬৭ ধারা। সালীসেরা পূর্ব্বোক্তমতে বণ্টনপত্র আনিয়া দিলে, ঐ কর্ম্মের নিমিত্ত তাঁহাদের সঙ্গত ফী পাইবার অধিকার থাকিবে। তাঁহারা যত টাকা পাইবেন, যে কর্ত্তৃপক্ষ সালীসীতে অর্পণ করিলেন তিনি কমিশ্যনর সাহেবের অনুমোদনক্রমে তাহা স্থির করিবেন। ঐ টাকা বণ্টন করিবার খরচের একাংশ বলিয়া জ্ঞান করা যাইবে ইতি।

এই ভাগানুসারে যে বণ্টন করা যায় তাহাতে কালেক্টর সাহেবের ও রাজস্ব সংক্রান্ত উপরিস্থ কর্ত্তৃপক্ষদের অনুমোদনের অপেক্ষা থাকার কথা।

৬৮ ধারা। ভূমি সম্পর্কীয় ব্যক্তিরা কিম্বা তাঁহাদের নিযুক্ত সালীসেরা এই অধ্যায়ের বিধানমতে যে বণ্টন করেন তাহাতে ডেপুটী কালেকটরের অনুমোদনের ও কালেকটর সাহেবের স্থিরীকরণের ও রাজস্ব সংক্রান্ত উপরিস্থ কর্ত্তৃপক্ষদের আজ্ঞার অপেক্ষা থাকিবে, কিন্তু প্রতারণা কার্য্য হইয়াছে কিম্বা সেই বণ্টন স্থির করা গেলে ডেপুটী কালেকটরের কি উক্ত অন্য কর্ত্তৃপক্ষের বিবেচনায় ভূমির রাজস্বের হানি হইবার সম্ভাবনা, এই২ কারণ ছাড়া ডেপুটী কালেকটর কি উক্ত অন্য কর্ত্তৃপক্ষ ঐ প্রকারে করা বণ্টন অগ্রাহ্য করিতে পারিবেন না ইতি।

ভূমির রাজস্ব কালেকটর সাহেবের ধার্য্য করিবার কথা।

৬৯ ধারা। এই ভাগের বিধানমতে বণ্টন করা গেলে, তদ্দ্বারা আদিম মহাল পৃথক২ যত মহালে বিভক্ত করা যায়, কালেকটর সাহেব ৬ ধারার বিধানমতে সেই২ মহালের ভূমির রাজস্ব ধার্য্য করিবেন ইতি।

In default of delivery of partition paper, Collector may withdraw case from arbitration.

70. If the paper of partition be not delivered within the time fixed by the Deputy Collector, or within any further period to which the time may have been extended, the Deputy Collector may withdraw the case from arbitration and may make the partition himself.

বণ্টনপত্র না দেওয়া গেলে সালীসদের হইতে কালেক্টর সাহেবের মোকদ্দমা উঠাইয়া লইবার ক্ষমতার কথা।

৭০ ধারা। ডেপুটী কালেকটর যে সময় নিরূপণ করেন কিম্বা অন্য যে দিন পর্য্যন্ত ঐ সময় বাড়াইয়া দেওয়া যায়, বণ্টনপত্র সেই সময়ের মধ্যে না দেওয়া গেলে, ডেপুটী কালেক্টর সালীসীহইতে সেই কার্য্য উঠাইয়া লইয়া আপনি বণ্টন করিতে পারিবেন ইতি।

PART VII.

OF THE PROCEDURE FROM THE DETERMINATION OF THE GENERAL ARRANGEMENT OF THE PARTITION BY THE DEPUTY COLLECTOR TO THE APPROVAL OF THE PARTITION BY THE COLLECTOR.

৭ সপ্তম ভাগ।

ডেপুটী কালেকুটরের দ্বারা বণ্টনের সাধারণ নিয়ম স্থির হওনের সময়াবধি কালেকুটর সাহেবের দ্বারা ঐ বণ্টনের অনুমোদন না হওন পর্য্যন্ত কার্য্যপ্রণালীর বিধি।

Procedure when no petition presented under section 64.

71. If no petition shall have been presented under section sixty-four, the Deputy Collector shall, on the date fixed under section sixty-three, or on any other date to which the hearing may have been postponed by a notice posted at the office of the Deputy Collector, consult orally each proprietor present, and endeavour, as far as possible, with the concurrence of the proprietors present, to settle a general arrangement of the partition in accordance with the requirements of this Act.

For this purpose he shall endeavour to obtain from each proprietor an acknowledgment of his acceptance of the rent-roll, map, and any other papers which have been adopted by the Deputy Collector for the purposes of the partition, and shall briefly record the objections of any proprietor who still objects to accept such rent-roll, map, or other papers.

৬৪ ধারামতে দরখাস্ত না হইলে কর্য্যপ্রণালীর কথা।

৭১ ধারা। ৬৪ ধারামতে দরখাস্ত উপস্থিত না করা গেলে, ৬৩ ধারামতে যে দিন স্থির করা যায় সেই দিনে, কিম্বা ডেপুটী কালেকুটরের কাছারী ঘরে নোটিস লটকাইয়া ঐ মোকদ্দমা শুনিবার অন্য যে দিন নিরূপণ করা যায় সেই দিনে যত জন ভূম্যধিকারী উপস্থিত থাকেন, ডেপুটী কালেকুটর তাঁহাদের প্রত্যেক জনের সঙ্গে বাচনিক পরামর্শ করিয়া যতদূর পারেন ততদূর তাঁহাদের সম্মতিসহিত এই আইনের বিধানানুসারে বণ্টনের সাধারণ নিয়ম স্থির করিতে চেষ্টা করিবেন।

এতদর্থে ডেপুটী কালেকটর বণ্টনের কার্য্যের নিমিত্ত মফঃসল জমার যে ফর্দ্দ ও নকশা প্রভৃতি যে কাগজপত্র গ্রাহ্য করিলেন, সেই২ কাগজপত্রের গ্রাহ্য করণ পক্ষে প্রত্যেক জন ভূম্যধিকারির স্বীকার পাইতে চেষ্টা করিবেন, ও কোন ভূম্যধিকারী মফঃসল জমার সেই ফর্দ্দ কি নকশা কি অন্য কাগজপত্র গ্রাহ্য করিবার আপত্তি করিতে থাকিলে তিনি সেই আপত্তি সংক্ষেপে লিপিবদ্ধ করিবেন ইতি।

Deputy Collector may postpone settlement of general arrangement of partition.

72. If, in consequence of any objections made before the Deputy Collector has settled the general arrangement of the partition as provided in the last preceding section, the Deputy Collector considers it necessary to make further inquiry, he may, by notice to the recorded proprietors, postpone the settlement of the general arrangement of the partition to a date being not less than fifteen days from the service of the notice on any proprietor.

বণ্টনের সাধারণ নিয়ম ডেপুটী কালেকুটরের গোণে নিরূপণ করিবার কথা।

৭২ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে ডেপুটী কালেকটরের দ্বারা বণ্টনের সাধারণ নিয়ম স্থির হইবার পূর্ব্বে কোন আপত্তি প্রযুক্ত ডেপুটী কালেকটর আরং সন্ধান লওয়া আবশ্যক বোধ করিলে, তিনি লিপিবদ্ধ ভূম্যধিকারিদিগকে নোটিস দিয়া কোন ভূম্যধিকারিকে ঐ নোটিস দেওয়া যাইবার পর পঞ্চদশ দিনের অন্যূন কোন দিন পর্য্যন্ত বণ্টনের সাধারণ নিয়ম স্থির করা স্থগিত রাখিবেন ইতি।

Deputy Collector may award compensation for attendance to proprietor.

73. If the objections on account of which the said settlement is postponed are such that the person making the same might have made them on an earlier day, the Deputy Collector may award to each proprietor who shall have attended in person or by agent

ভূম্যধিকারী উপস্থিত হইলে তাহার হানিপূরণের আজ্ঞা করিতে ডেপুটী কালেকটরের ক্ষমতার কথা।

৭৩ ধারা। যেং আপত্তিহেতুক উক্ত নিয়ম করা স্থগিত হইল, আপত্তিকারক যদি অগ্রের কোন দিনে সেই আপত্তি করিতে পারিতেন, তবে উক্ত নোটিস অনুসারে যে ভূম্যধিকারী স্বয়ং কি মোক্তারের দ্বারা উপস্থিত হন, তাঁহা

in accordance with the notice, such sum, not exceeding sixteen rupees, as he shall think fit by way of compensation for such attendance.

উপস্থিত হওয়াতে যে হানি হয় ডেপুটী কালেকটর সেই হানিপূরণস্বরূপ ষোল টাকার অনধিক যত টাকা উচিত বোধ করেন তাঁহার তত টাকা পাইবার আজ্ঞা করিবেন।

The sum so awarded shall be paid by the person making the objections as aforesaid, and may be recovered from him in the manner provided by section one hundred and thirty-eight.

যে ব্যক্তি পূর্ব্বোক্ত আপত্তি করিলেন তাঁহার সেই আজ্ঞামত টাকা দিতে হইবে, ও তাঁহার স্থানে ১৩৮ ধারার বিধানমতে ঐ টাকা আদায় হইতে পারিবে ইতি।

If no postponement made, Deputy Collector to determine the general arrangement of the partition.

74. If the objections have already been enquired into and disposed of, or are such as not to render necessary any further inquiry and postponement, or when any objections which may require further enquiry have been disposed of, the Deputy Collector shall record an order to that effect, and after hearing what each proprietor present may urge, shall hold a proceeding determining the general arrangement of the partition and the mode in which the parent estate shall be divided, and, in a general way, the position of the lands which shall be assigned to each of the separate estates.

স্থগিত করা না গেলে বণ্টনের সাধারণ নিয়ম ডেপুটী কালেকটরের স্থির করিবার কথা।

৭৪ ধারা। সেই আপত্তির অনুসন্ধান পূর্ব্বে লওয়া গিয়া নিস্পত্তি হইয়া থাকিলে, কিম্বা আপত্তির ভাব বিবেচনায় আর অনুসন্ধান লওয়া ও কার্য্য স্থগিত রাখা আবশ্যক না হইলে, অথবা কোন আপত্তিহেতুক আর অনুসন্ধান লওয়ার প্রয়োজন হইলেও তাহা নিস্পত্তি হইলে পর, ডেপুটী কালেক্টর সেই মর্ম্মের আজ্ঞা লিপিবদ্ধ করিবেন। ও উপস্থিত প্রত্যেক জন ভূম্যধিকারী যাহা কহিতে চাহেন ইহা শুনিলে পর, তিনি বণ্টনের সাধারণ নিয়ম, ও আদিম মহাল যে প্রকারে বিভক্ত করা যাইবে ইহা, ও পৃথক২ যে মহালে যে২ ভূমি নিরূপণ হইবে সাধারণমতে তাহার স্থান স্থির করিবার রুবকারী করিবেন।

In determining the general arrangement of the partition, the Deputy Collector shall be guided by the rules which are laid down in Part VIII, and shall direct the partition to be made in the manner which, in his opinion, is on the whole most in accordance with such rules, and most equitable and most convenient to all parties concerned.

বণ্টনের সাধারণ নিয়ম স্থির করিতে গেলে, অষ্টম ভাগে যে২ বিধি আছে ডেপুটী কালেকটর সেই২ বিধিমতে কার্য্য করিবেন, এবং তাঁহার বিবেচনামতে যে নিয়ম সাধারণ্যে ঐ বিধি অনুযায়ি ও সেই কার্য্য সংক্রান্ত সকল ব্যক্তির পক্ষে ন্যায্য ও সুবিধাজনক হয় সেই নিয়মমতে বণ্টন করিবার আজ্ঞা করিবেন ইতি।

General arrangement of partition to be submitted for sanction of Collector.

75. The general arrangement of the partition as determined under the last preceding section shall be submitted for the sanction of the Collector, who shall by notice fix a date for the consideration of the same, not being less than fifteen days after the publication of the said notice in his office, and after hearing and disposing of any objection which may be preferred, shall pass such orders as he may think proper, setting aside, amending, or approving the general arrangement made by the Deputy Collector.

বণ্টনের সাধারণ নিয়ম কালেকটর সাহেবের অনুমোদনার্থে অর্পণ করিবার কথা।

৭৫ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে বণ্টনের সাধারণ নিয়ম স্থির করা গেলে তাহা কালেক্টর সাহেবের অনুমোদনের নিমিত্ত অর্পণ করা যাইবে। তিনি নোটিস প্রচার করিয়া, আপন কাছারীতে ঐ নোটিস প্রচার করিবার পর পঞ্চদশ দিনের অনূ্যন ঐ নিয়ম বিবেচনা করিবার দিন নিরূপণ করিবেন, ও কোন আপত্তি উপস্থিত করা গেলে তাহা শুনিয়া নিস্পত্তি করিলে পর, ডেপুটী কালেক্টরের নির্দ্দিষ্ট ঐ সাধারণ নিয়ম অসিদ্ধ কি সংশোধন কি অনুমোদন করণসূচক যে আজ্ঞা উচিত বোধ করেন করিবেন ইতি।

Deputy Collector to fix boundaries.

76. When the general arrangement has been approved by the Collector, the Deputy Collector shall proceed to fix the exact boundaries of each separate estate, after considering the wishes which the parties may express in respect thereof.

ডেপুটী কালেকটরের সীমা স্থির করিবার কথা।

৭৬ ধারা। কালেকটর সাহেব ঐ সাধারণ নিয়ম অনুমোদন করিলে, ঐ কার্য্যসংক্রান্ত ব্যক্তিরা স্বতন্ত্র প্রত্যেক মহালের সীমার বিষয়ে আপন২ যে অভিমত প্রকাশ করেন, ডেপুটী কালেকটর তাহা বিবেচনা করিয়া ঐ প্রত্যেক মহালের সীমা নিশ্চিতমতে স্থির করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

[*Government Gazette, 7th November* 1876.]

77. When the Deputy Collector shall have so determined the boundaries, he shall cause to be drawn up a paper of partition specifying in detail the villages and lands which he has included in each of the separate estates, the rental thereof, with any other assets of each separate estate, the name or names of the recorded proprietor or proprietors of each separate estate, any stipulations which may have been made regarding places of worship, tanks, or other matters as mentioned in Part VIII, and the amount of land revenue to be assessed on each separate estate; he shall also prepare a map showing the lands which fall within each separate estate and the boundaries thereof, unless the preparation of such map shall be dispensed with by special permission of the Collector.

Deputy Collector to draw up paper of partition and map.

৭৭ ধারা। ডেপুটী কালেকটর তদ্রূপে সীমা নির্ণয় করিলে পর বণ্টনপত্র প্রস্তুত করাইবেন। স্বতন্ত্র প্রত্যেক মহালের মধ্যে যেং গ্রাম ও ভূমি ধরিলেন, ও স্বতন্ত্র প্রত্যেক মহালের মফঃসল জমা ও অন্য যেং উপস্বত্ব ধরিলেন, ও স্বতন্ত্র প্রত্যেক মহালের লিপিবদ্ধ ভূম্যধিকারির কি ভূম্যধিকারিদের নাম, ও অষ্টম ভাগের লিখনমতে পরমেশ্বরের ভজনার্থ স্থানের কিম্বা পুষ্করিণীর কি অন্য বিষয়ের কোন নিয়ম করা গেলে তাহা ও স্বতন্ত্র প্রত্যেক মহালের ভূমির যত টাকা রাজস্ব ধার্য্য হইবে এইং কথা ঐ বণ্টনপত্রে বিশেষ করিয়া লেখাইবেন আরও প্রত্যেক স্বতন্ত্র মহালের মধ্যে যেং ভূমিখণ্ড পড়ে তাহার ও সেইং ভূমিখণ্ডের সীমানার নকশা প্রস্তুত করিবেন, কিন্তু সেই নকশা প্রস্তুত না করণবিষয়ে কালেকটর সাহেবের বিশেষ অনুমতি থাকিলে তাহা প্রস্তুত করিবেন না ইতি।

ডেপুটী কালেক্টরের বণ্টনপত্র ও নকশা প্রস্তুত করিবার কথা।

78. The Deputy Collector shall submit the partition paper and map as aforesaid and all other papers of the partition to the Collector with a full report of the proceedings taken, the reasons which influenced the Deputy Collector in selecting the lands included in each separate estate, the nature of the accounts upon which the apportionment of the land revenue assessed thereon has been based, and all other particulars material to the case.

Deputy Collector to submit papers to Collector.

৭৮ ধারা। ডেপুটী কালেকটর যেং কার্য্যানুষ্ঠান করিলেন, ও স্বতন্ত্র প্রত্যেক মহালের মধ্যে যেং ভূমি ধরিলেন তাহা ধরিবার কারণ, এবং ঐং মহালের উপর যে অংশাংশমতে ভূমির রাজস্ব ধার্য্য হইল তাহা যে হিসাব দেখিয়া ধার্য্য করিলেন সেই হিসাবের ভাব এইং কথার ও মোকদ্দমাসংক্রান্ত গুরুতর অন্য বিশেষং কথার সম্পূর্ণ রিপোর্ট লিখিয়া, তাহার সঙ্গে পূর্ব্বোক্ত বণ্টনপত্র ও নকশা ও বণ্টনের সকল কাগজপত্র কালেকটর সাহেবের সম্মুখে অর্পণ করিবেন ইতি।

কালেক্টর সাহেবের সম্মুখে ডেপুটী কালেক্টরের কাগজপত্র অর্পণ করিবার কথা।

79. The Deputy Collector shall at the same time cause to be prepared a separate extract of the portion of the partition paper which relates to each separate estate,

Deputy Collector to prepare extracts of partition papers for each proprietor.

৭৯ ধারা। স্বতন্ত্র প্রত্যেক মহালের সঙ্গে বণ্টনপত্রের যে অংশের সম্পর্ক থাকে, ডেপুটী কালেকটর সেই সময়ে সেই অংশের স্বতন্ত্র চুম্বক প্রস্তুত করাইবেন,

একং জন ভূম্যধিকারির জন্যে ডেপুটী কালেকটরের বণ্টনপত্রের চুম্বক প্রস্তুত করিবার কথা।

and shall cause to be tendered to any recorded proprietor of a separate estate, or any authorized agent of such proprietor, who may be in attendance at the Deputy Collector's office, the extract which relates to such separate estate;

ও স্বতন্ত্র মহালের যে লিপিবদ্ধ ভূম্যধিকারী কিম্বা তাঁহার ক্ষমতাপ্রাপ্ত যে মোক্তার ডেপুটী কালেকটরের কাছারীতে উপস্থিত থাকেন তাঁহাকে ঐ স্বতন্ত্র মহাল সম্পর্কীয় ঐ চুম্বক দিতে প্রস্তাব করাইবেন।

and the Deputy Collector shall publish a notice at his office calling upon every proprietor to whom or to whose agent an extract from the partition paper has not been tendered as above mentioned, to take out of the Deputy Collector's office the extract of the portion of the partition paper relating to his separate estate.

ও যে ভূম্যধিকারিকে কিম্বা যাঁহার মোক্তারকে পূর্ব্বোক্তমতে বণ্টনপত্রের চুম্বক দিবার প্রস্তাব হয় নাই, তাঁহারা আপনং স্বতন্ত্র মহাল সম্পর্কীয় ঐ বণ্টনপত্রের চুম্বক ডেপুটী কালেকটরের কাছারীহইতে লইয়া যান, এই মর্ম্মের নোটিস আপনার কাছারীতে প্রকাশ করিবেন।

If the circumstances of the partition so require, an extract of the map prepared by the Deputy Collector, or a copy of such map, shall be annexed to every separate extract from the partition paper herein mentioned.

বণ্টনের ভাবগতিক বিবেচনায় প্রয়োজন হইলে ডেপুটী কালেকটরের প্রস্তুত করা নকশার চুম্বক কিম্বা ঐ নকশার নকল এই ধারার লিখিত বণ্টনপত্রের প্রত্যেক স্বতন্ত্র চুম্বকে সংযোগ করিয়া দেওয়া যাইবে ইতি।

80. On receipt of the papers and report mentioned in section seventy-eight, the Collector shall cause a notification to be published in the manner prescribed by section one hundred and thirty-four, fixing a date, not being less than six weeks from the date of the publication of such notification on the parent estate, on which he will proceed to take up the case, and to consider any representations and objections which may be preferred in respect of the partition made by the Deputy Collector, and calling on all parties concerned who may wish to do so, to inspect the papers at his office before such date, and to take copies of any such papers as they may require.

On receipt of papers and report Collector to publish notification.

The Collector shall also cause a notice to the same effect to be served on each of the recorded proprietors.

81. On the date so fixed, or on any other date to which the hearing may have been postponed, the Collector shall take into consideration the papers as laid before him, and after calling for any further information which he may deem necessary, and disposing of any objections which shall be made to the proposed partition and allotment of land revenue, may approve the partition as made by the Deputy Collector with such amendments as he may think proper, or return it for amendment to the Deputy Collector who made it, or to another Deputy Collector, or make a fresh partition himself.

Procedure of Collector thereupon.

The Collector may return the said papers for amendment or enquiry as often as he may think fit.

82. No proprietor who shall have failed to appear before the Deputy Collector in person or by agent on any date fixed for the arrangement of the partition under section sixty-three or section seventy-two, and no proprietor who shall have failed so to appear before the Collector on any date fixed under either of the two last preceding sections, shall be entitled, at any subsequent time, to make any objection to the orders which may be passed on such dates respectively.

Proprietor when not entitled to make subsequent objection.

83. When the Collector approves the partition made by the Deputy Collector with amendments, he may cause a fresh partition paper and map to be prepared, or may

Collector may cause a fresh partition paper and map to be prepared.

৮০ ধারা। কালেকটর সাহেব ৭৮ ধারার উল্লিখিত কাগজপত্র ও রিপোর্ট পাইলে, ১৩৪ ধারার বিধানমতে জ্ঞাপনপত্র প্রকাশ করাইয়া, যে দিনে সেই বিষয়ের বিচার করিতে প্রবর্ত্ত হইবেন, ও ডেপুটী কালেকটর যে বণ্টন করিয়াছেন তদ্বিষয়ে কোন আবেদনপত্র ও আপত্তি উপস্থিত করা গেলে তাহা যে দিনে বিবেচনা করিবেন, আদিম মহালে ঐ জ্ঞাপনপত্র প্রকাশ হইবার তারিখ অবধি ছয় সপ্তাহের অন্যূন এমত দিন স্থির করিয়া, ঐ বিষয় সম্পর্কীয় সকল ব্যক্তিকে আদেশ করিবেন যে যাঁহার ইচ্ছা থাকে তিনি সেই দিনের পুর্ব্বে কালেকটরী কাছারীতে আসিয়া ঐ কাগজপত্র দৃষ্টি করেন ও কোন কাগজপত্রের নকল পাইবার প্রয়োজন থাকিলে তাহা নকল করিয়া লন।

কাগজপত্র ও রিপোর্ট পাইলে কালেকটর সাহেবের জ্ঞাপনপত্র প্রকাশ করিবার কথা।

আরো কালেকটর সাহেব লিপিবদ্ধ প্রত্যেক জন ভুম্যধিকারির নামে সেই মর্ম্মের এক২ খান নোটিস দেওয়াইবেন ইতি।

৮১ ধারা। সেই নিরূপিত দিনে, কিম্বা তৎপশ্চাৎ শ্রবণের অন্য দিন নিরূপণ করা গেলে সেই দিনে কালেক্টর সাহেব আপনার সম্মুখে অর্পিত সকল কাগজপত্র বিবেচনা করিবেন, এবং আর কোন সন্ধান প্রাপ্ত হওয়া আবশ্যক জ্ঞান করিলে তাহা আনাইবার আজ্ঞা করিয়া যেরূপে বণ্টন করিবার ও ভুমির রাজস্ব ধার্য্য করিবার প্রস্তাব হইল তদ্বিষয়ের কোন আপত্তি করা গেলে তাহা নিষ্পত্তি করিলে পর, ডেপুটী কালেক্টর যে বণ্টন করিলেন আপনার বিবেচনামতে তাহা সংশোধন করিয়া, কিম্বা যে ডেপুটী কালেকটর তাহা করিলেন তাঁহার নিকট কিম্বা অন্য ডেপুটী কালেকটরের নিকট সংশোধন করিবার নিমিত্ত পাঠাইয়া তাহা অনুমোদন করিতে পারিবেন, কিম্বা আপনি নূতন বণ্টনপত্র করিতে পারিবেন।

তৎপরে কালেকটর সাহেবের কার্য্যপ্রণালীর কথা।

কালেকটর সাহেব যত বার উচিত বোধ করেন, ঐ কাগজপত্র সংশোধন করিবার নিমিত্ত কিম্বা অনুসন্ধান লওয়ার নিমিত্ত ফিরিয়া পাঠাইতে পারিবেন ইতি।

৮২ ধারা। বণ্টনের নিয়ম করিবার জন্যে ৬৩ ধারার কিম্বা ৭২ ধারার বিধানমতে যে দিন স্থির করা যায়, সেই দিনে কোন ভুম্যধিকারী আপনি কি মোক্তারের দ্বারা উপস্থিত না হইলে, এবং ইহার পূর্ব্ব দুই ধারার কোন ধারামতে যে দিন নিরূপণ হয় কোন ভুম্যধিকারী সেই দিনে সেই প্রকারে কালেকটর সাহেবের সম্মুখে উপস্থিত না হইলে, সেই২ দিনে যে আজ্ঞা করা যায় তৎপশ্চাৎ কোন সময়ে তাঁহার সেই আজ্ঞার বিষয়ে কোন আপত্তি করিবার অধিকার নাই ইতি।

যে স্থলে ভুম্যধিকারির পশ্চাৎ আপত্তি করিবার অধিকার নাই সেই স্থলের কথা।

৮৩ ধারা। ডেপুটী কালেকটর যে বণ্টনপত্র করিলেন কালেকটর সাহেব তাহা সংশোধনক্রমে অনুমোদন করিলে, নূতন বণ্টনপত্র ও নকশা প্রস্তুত করাইতে

কালেকটর সাহেবের নূতন বণ্টনপত্র ও নকশা প্রস্তুত করাইতে পারিবার কথা।

cause the amendments made by him to be noted on the paper and map submitted by the Deputy Collector.

When the Collector makes a fresh partition himself, he shall cause a fresh partition paper and map to be prepared.

84. Whenever the Collector shall have approved a partition (whether with or without amendments), he shall cause a notice to be served on each of the recorded proprietors that the papers will be submitted at once for confirmation of the partition by the Commissioner, and that any appeals or objections must be presented to the Commissioner, or to the Collector for transmission to the Commissioner, within thirty days of the date of the service of the said notice, or, if the Collector has approved the partition with amendments, and the notice requires the proprietor to produce the extract of any partition in order that amendments may be noted thereon, or to take out a fresh extract from the partition paper, as provided in the next succeeding section, then within six weeks of such date.

Procedure when Collector approves of a partition without amendment.

85. Whenever the Collector shall have approved a partition with amendments, and shall, under section eighty-three, have caused such amendments to be noted on the partition paper and map submitted by the Deputy Collector, the notice to be served on each of the recorded proprietors under the last preceding section shall, in the case of every such proprietor whose separate estate is affected by such amendments, in addition to the particulars mentioned in the said section, require such proprietor to produce before the Collector, within fifteen days of the service of such notice, the extract from the paper of partition which has been prepared, and any map relating to his separate estate which may have been prepared, under section seventy-nine, in order that the amendments made by the Collector in the partition may be noted thereon; and such amendments shall be noted thereon by the Collector accordingly, and such extract and map shall be returned to the proprietor who produced them.

Procedure when Collector approves partition paper with amendments.

Whenever the Collector shall have caused, under section eighty-three, a new partition paper and map to be prepared, he shall order separate extracts from the portions of the partition paper which relate to each separate estate, and maps,

পারিবেন, কিম্বা ডেপুটী কালেক্টর যে পত্র ও নকশা অর্পণ করিলেন তন্মধ্যে আপনার সংশোধন সূচক কথা লেখাইতে পারিবেন।

কালেক্টর সাহেব আপনি নূতন বণ্টন করিলে, তাঁহার নূতন বণ্টনপত্র ও নকশা প্রস্তুত করাইতে হইবে ইতি।

৮৪ ধারা। কালেক্টর সাহেব সংশোধন করিয়া বা না করিয়া, বণ্টনপত্র অনুমোদন করিলে তিনি লিপিবদ্ধ প্রত্যেক জন ভূম্যধিকারির নামে এই মর্ম্মের নোটিস দেওয়াইবেন যে, কমিশ্যনর সাহেবের দ্বারা ঐ বণ্টনপত্র অনুমোদন হইবার জন্যে কাগজপত্র আগোণেই তাঁহার নিকট পাঠান যাইবে, ও আপীল কি আপত্তি করিবার মনস্থ থাকিলে ঐ নোটিস পাইবার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে, কিম্বা যদি কালেক্টর সাহেব সংশোধনপূর্ব্বক ঐ বণ্টন অনুমোদন করিয়া থাকেন তবে ঐ বণ্টনের চুম্বকপত্রের সংশোধনীয় কথা সংশোধন করিবার জন্যে ঐ নোটিসে ভূম্যধিকারির প্রতি বণ্টনের ঐ চুম্বকপত্র আনিয়া দেখাইবার আদেশ থাকিলে কিম্বা পশ্চাৎ লিখিত বিধানমতে বণ্টনপত্রের নূতন চুম্বক লইবার আদেশ থাকিলে, ঐ তারিখ অবধি ছয় সপ্তাহের মধ্যে, কমিশ্যনর সাহেবের নিকট কিম্বা তাঁহার কাছে পাঠাইবার জন্যে কালেক্টর সাহেবের নিকট আপীল কি আপত্তি উপস্থিত করিতে হইবে ইতি।

কালেক্টর সাহেব সংশোধন না করিয়া বণ্টন অনুমোদন করিলে কার্য্যপ্রণালীর কথা।

৮৫ ধারা। কালেক্টর সাহেব বণ্টনপত্র সংশোধনপূর্ব্বক অনুমোদন করিলে ও ৮৩ ধারামতে ডেপুটী কালেকটরের অর্পিত ঐ বণ্টনপত্রে ও নকশায় ঐ সংশোধিত কথা লেখাইলে সেই সংশোধন দ্বারা যে ভূম্যধিকারির স্বতন্ত্র মহালের কোন ক্ষতি কি লাভ হয় তাঁহার প্রতি ইহার পূর্ব্ব ধারামতে যে নোটিস দেওয়া যায় তন্মধ্যে উক্ত ধারার উল্লিখিত কথাভিন্ন ঐ ভূম্যাধিকারির প্রতি এই আদেশও থাকিবে যে, কালেকটর সাহেব ঐ বণ্টনের যাহা সংশোধন করিলেন তাহা লিখিবার জন্যে ৭৯ ধারামতে তাঁহার স্বতন্ত্র মহাল সম্পর্কীয় যে বণ্টনপত্র প্রস্তুত করা গেল তাহার চুম্বক ও যে কোন নকশা প্রস্তুত করা গিয়া থাকিবে তাহা ঐ নোটিস পাইবার তারিখ অবধি পঞ্চদশ দিনের মধ্যে কালেকটর সাহেবের নিকট উপস্থিত করেন। তাহা করিলে, কালেকটর সাহেব তাহাতে সংশোধিত কথা লিখিয়া ঐ চুম্বকপত্র ও নকশা যে ভূম্যধিকারী উপস্থিত করিলেন তাঁহার নিকট ফিরিয়া পাঠাইবেন।

কালেকটর সাহেব বণ্টনপত্র সংশোধন পূর্ব্বক অনুমোদন করিলে তদ্বিষয়ের কথা।

কালেকটর সাহেব ৮৩ ধারামতে নূতন বণ্টনপত্র ও নকশা প্রস্তুত করাইলে, ঐ বণ্টনপত্রের যে অংশ স্বতন্ত্র যে মহাল সম্পর্কীয় হয়, ৭৯ ধারার বিধানমতে সেই অংশের স্বতন্ত্র চুম্বক, ও প্রয়োজন হইলে তাহার নকশা প্রস্তুত করিতে আজ্ঞা দিবেন। তদ্রূপ স্থলে

if necessary, to be prepared as required by section seventy-nine, and in such case the notice served under the last preceding section shall, in addition to the particulars mentioned in that section, declare the extracts and maps which were furnished or offered to proprietors under section seventy-nine to be cancelled, and shall require the recorded proprietors to take out of the Collector's office such extracts and maps relating to their respective separate estates.

Papers to be forwarded to Commissioner.

86. As soon as practicable after the issue of the notice under section eighty-four, the Collector shall forward to the Commissioner all papers relating to the partition as approved or as made by the Collector.

PART VIII.

OF THE GENERAL PRINCIPLES ON WHICH PARTITIONS SHALL BE MADE.

Rules applicable to the partition of lands which are held by the proprietors in common tenancy.

Estates formed in course of partition to be as compact as possible.

87. Each separate estate shall be made as compact as is compatible with the primary object of making an equitable partition among the proprietors, and with the other provisions of this Part, but no partition made or approved by a Collector shall be set aside on the ground only that the separate estates are not compact.

Circumstances to be considered in making partitions.

88. In selecting the villages or lands to be assigned to each separate estate formed out of a parent estate which has been held in common tenancy, the Collector shall take into consideration

the advantages or disadvantages arising from situation;

the vicinity of roads, railways, navigable rivers, or canals;

the nature and quality of the soil and produce;

the quantity of cultivable and uncultivable waste land;

the facilities for irrigation;

the state of the embankments and water-courses;

liability to accretion and diluvion,

and any other circumstances affecting the value of the lands.

[*Government Gazette, 7th November* 1876.]

ইহার পূর্ব্ব ধারার বিধানমতে যে নোটিস দেওয়া যায়, তন্মধ্যে ঐ ধারার উল্লিখিত বিবরণ ভিন্ন এই কথাও নির্দ্দিষ্ট থাকিবে যে, ৭৯ ধারামতে ভূম্যধিকারিদিগকে যে চুম্বকপত্র ও নক্শা দেওয়া গেল কি দিবার প্রস্তাব হইল তাহা রহিত করা যায় ও লিপিবদ্ধ ঐ ভূম্যধিকারিরা কালেকটর সাহেবের কাছারীহইতে আপনং স্বতন্ত্র মহালবিষয়ক ঐ চুম্বকপত্র ও নকশা লইয়া যান ইতি।

কমিশ্যনর সাহেবের নিকট কাগজপত্র পাঠাইবার কথা।

৮৬ ধারা। ৮৪ ধারামত নোটিস প্রচার করা গেলে পর যত শীঘ্র হইতে পারে, কালেকটর সাহেব বণ্টন সম্পর্কীয় আপনার অনুমোদিত কি প্রস্তুত করা সকল কাগজপত্র কমিশ্যনর সাহেবের নিকট পাঠাইবেন ইতি।

---

৮ অষ্টম ভাগ।

যে সাধারণ নিয়মানুসারে বণ্টন করা যাইবে তদ্বিষয়ক বিধি।

ভূম্যধিকারিরা সাধারণে যে ভূমি ভোগ করেন তাহার বণ্টনবিষয়ে যেং বিধি খাটে তাহার কথা।

বণ্টনক্রমে যেং মহাল করা যায় তাহা সাধ্যমতে অবিচ্ছিন্ন হইবার কথা।

৮৭ ধারা। ভূম্যধিকারিদের মধ্যে ন্যায্যমতে ভূমি বিভাগ করিবার প্রধান উদ্দেশ্য লক্ষ করিয়া, এই অধ্যায়ের অন্যং বিধানের সঙ্গতভাবে যত দূর হইতে পারে তত দূর প্রত্যেক স্বতন্ত্র মহাল অবিচ্ছিন্ন থাকিবে। কিন্তু ঐ স্বতন্ত্র মহাল সকল অবিচ্ছিন্ন নহে কেবল এই কারণে কালেক্টর সাহেবের প্রস্তুত কি অনুমোদিত বণ্টনপত্র অসিদ্ধ হইবে না ইতি।

বণ্টন করণে যেং বিষয় বিবেচ্য তাহার কথা।

৮৮ ধারা। আদিম যে মহাল সাধারণে ভোগ হইয়া আসিতেছে, তাহাহইতে পৃথক যেং মহাল করা যায়, সেইং মহালে যেং গ্রাম ও যেং ভূমি নিরূপণ করিতে হইবে, ইহা বাছিয়া লইতে গেলে কালেক্টর সাহেবের এইং বিষয় বিবেচনা করিতে হইবে,—

স্থানবিশেষে থাকাতে যে উপকার কি অনুপকার হইতে পারে তাহা।

রাস্তা কি রেলপথ কি নৌকাদির গমনীয় নদী কি খাল সন্নিকট থাকা।

মৃত্তিকার ও উৎপন্ন ফসলের ভাব ও গুণ।

পতিত যত ভূমির আবাদ হইতে বা না হইতে পারে তাহা।

জল সেঁচিবার সুযোগ।

বাঁধের ও জলপ্রণালীর অবস্থা।

শিকস্তি কি পৈবস্তী হইবার সম্ভাবনা।

ও অন্য যেং বিষয়দ্বারা ভূমির মূল্যের হ্রাস কি বৃদ্ধি হইতে পারে তাহাও বিবেচ্য ইতি।

89. If a dwelling-house belonging to one proprietor is situated on any land which it may be necessary to include in the separate estate of another proprietor, the owner of such house may retain occupation thereof with the offices, buildings, and grounds immediately attached thereto, upon agreeing to pay rent for the land occupied by such dwelling-house, offices, buildings, and grounds to the proprietor of the separate estate in which such land is included.

Rule when dwelling-house belonging to one proprietor is situated on ground to be allotted to another proprietor.

The limits of the land so occupied and the rent to be paid for it in perpetuity shall be fixed by the Deputy Collector, and shall be stated in the paper of partition.

In every such case a defined pathway shall, as far as possible, be secured to the owner of the house, leading from his house to some portion of the separate estate allotted to him.

90. Whenever the Deputy Collector shale think fit, he may apply the rule contained in the last preceding section to gardens, to orchards of trees, to land planted with bamboos, and to any other lands which in his opinion are of special value to the proprietor in whose occupation they are found to be, in consequence of improvements made by such proprietor or of the particular use to which such lands are put.

Rule contained in last preceding section may be applied to gardens, orchards, &c.

91. The rent fixed in perpetuity on any land by the Deputy Collector under either of the two last preceding sections shall be considered to be the rental of such land for the purposes of the partition.

Calculation of rental.

92. Whenever the dwelling-house of one proprietor, with the offices, buildings, and grounds immediately attached thereto, shall have been included in the separate estate of another proprietor, and the annual rent to be paid in perpetuity in respect of the land occupied thereby shall have been fixed by the Deputy Collector and stated in the paper of partition, the proprietor whose dwelling-house, offices, buildings, and grounds have been included as aforesaid may apply to the Deputy Collector for permission to redeem the annual rent so fixed, and the Deputy Collector shall give such permission, unless he shall be of opinion that such redemption would endanger the safety of the land revenue for

Rent may be redeemed.

৮৯ ধারা। কোন ভূম্যধিকারির স্বতন্ত্র মহালের মধ্যে যে ভূমি ধরা আবশ্যক হইতে পারে, সেই ভূমিতে অন্য ভূম্যধিকারির বসত-বাটী থাকিলে, সেই বসত-বাটী ও তৎসংক্রান্ত বাহির ঘর ও অন্যং গৃহাদি ও ভূমি যে ভূম্যধিকারির স্বতন্ত্র মহালের অন্তর্গত থাকে, ঐ ঘরের স্বামী তাঁহাকে ঐ ভূমির খাজানা দিতে সম্মত হইলে ঐ বসতবাটী ও বাহির ঘর ও অন্যং গৃহাদি ও ভূমি দখল করিয়া থাকিতে পারিবেন।

কোন ভূম্যধিকারির প্রতি যে ভূমি নিরূপণ করা যাইবে তন্মধ্যে অন্য ভূম্যধিকারির ঘর থাকিলে তদ্বিষয়ের বিধি।

তদ্রূপে যে ভূমি দখল করা যায় ডেপুটী কালেক্টর তাহার সীমা স্থির করিয়া, তজ্জন্যে চিরকালের নিমিত্ত যে খাজানা দিতে হইবে তাহাও নির্দ্ধার্য্য করিবেন ও বণ্টনপত্রের মধ্যে তাহা লেখা থাকিবে।

উক্ত প্রত্যেক স্থলে ঐ গৃহস্বামির প্রতি স্বতন্ত্র যে মহাল নিরূপণ করিয়া দেওয়া যায়, আপনার সেই বাটী-হইতে ঐ মহালের কোন অংশপর্য্যন্ত তাঁহার যাতা-য়াতের পথ সাধ্যমতে নিরূপণ করিয়া দেওয়া যাইবে ইতি।

৯০ ধারা। উদ্যান কি বৃক্ষবাগান কি বাঁশের ঝাড় যে ভূমিতে থাকে তাহা ও অন্য কোন ভূমি যে ভূম্যধিকারির দখলে আছে দৃষ্ট হয় তিনি সেই ভূমি উৎকৃষ্ট করিবার যত্ন করাতে কিম্বা সেই ভূমি বিশেষ কোন কার্য্যে প্রয়োগ করাতে ঐ ভূম্যধিকারির জ্ঞানে ঐ ভূমির বিশেষ মূল্য হইয়াছে, ডেপুটী কালেক্টরের এমত বিবেচনা থাকিলে তিনি বিহিত বোধ করিলে সেই উদ্যান প্রভৃতিরও প্রতি ইহার পূর্ব্ব ধারার বিধি খাটাইতে পারিবেন ইতি।

ইহার পূর্ব্ব ধারার বিধি বাগানের ও বৃক্ষাদির প্রতি খাটিতে পারিবার কথা।

৯১ ধারা। ডেপুটী কালেক্টর ইহার পূর্ব্ব দুই ধারার কোন ধারার বিধান-মতে চিরকালের নিমিত্ত কোন ভূমির যে খাজানা ধার্য্য করেন তাহাই বণ্টনের কার্য্যপক্ষে সেই ভূমির মফঃসল জমা বলিয়া জ্ঞান করিতে হইবে ইতি।

খাজানার হিসাব করিবার কথা।

৯২ ধারা। কোন এক ভূম্যধিকারির বসতবাটী ও তৎসংযুক্ত বাহির ঘর ও অন্য গৃহাদি ও ভূমি যদি অন্য ভূম্যধিকারির স্বতন্ত্র মহালের মধ্যে ধরা গিয়া থাকে, ও তদ্দ্বারা যে ভূমি দখল করা যায় যদি ডেপুটী কালেক্টর চিরকালের নিমিত্ত ঐ ভূমির বার্ষিক খাজানা ধার্য্য করিয়া বণ্টন-পত্রের মধ্যে লিখিয়া থাকেন, তবে যে ভূম্যধিকারির বসতবাটী ও বাহির ঘর ও অন্য গৃহাদি ও ভূমি তদ্রূপে অন্যের মহালে ধরা গেল, তিনি ডেপুটী কালেক্টরের নিকটে নিদ্ধারিত বার্ষিক খাজানাহইতে সেই ভূমি মুক্ত করিবার অনুমতি প্রার্থনা করিতে পারিবেন, এবং খাজানাহইতে ঐ ভূমি মুক্ত করা গেলে, ঐ বসতবাটী ও বাহির ঘর ও অন্যান্য গৃহাদি ও ভূমি স্বতন্ত্র যে মহালের মধ্যে ধরা গিয়াছে তাহা ভূমির যে রাজস্বের নিমিত্ত দায়ী হয় সেই রাজস্ব নির্ব্বিঘ্নে প্রাপণের সঙ্কট

খাজানা পরিক্রয় করিতে পারিবার কথা।

the payment of which the separate estate in which such dwelling-house, offices, buildings, and grounds have been included will be liable.

Deputy Collector to certify amount payable in redemption of rent.

93. If the Deputy Collector shall see no such reason to refuse his permission to the redemption being made, he shall certify the amount payable by such proprietor in redemption of such annual rent; and such amount shall be calculated and fixed by the Deputy Collector at ten per centum above the sum which would be required to purchase, at the market prices then prevailing, so much stock of the Government loan which was last issued as would yield an annual amount of interest equal to the annual land rent fixed by the Deputy Collector under section eighty nine.

But not after possession of separate estates has been given.

94. The proprietor desiring to redeem the rent as aforesaid, may pay to the Deputy Collector the amount so certified at any time before possession is given to the several proprietors of the separate estates allotted to each, as provided in section one hundred and twenty-three, but not after such possession has been given.

Notice of payment to be given; and land to be held rent-free.

95. On receipt of such payment, the Deputy Collector shall give notice to the proprietor in whose separate estate such land is situated that such payment has been made, and that the sum will be paid to him or to his authorized agent on application; and that from the date on which possession as aforesaid may be given, the proprietor who has redeemed the rent of such land will be entitled to hold such land as a rent-free tenure secured against the proprietor of the estate and against any auction purchaser at a sale for arrears of revenue, including the Government; and from such date the lands shall be so held as a rent-free tenure.

Collector to register rent-free tenure.

96. The Deputy Collector shall at the same time also give notice to the Collector of the district of the creation of such tenure; and the Collector of the district shall thereupon cause such tenure to be specially registered in the manner provided by section 42 of Act XI of 1859, or by any similar law for the time being in force.

Lots may be drawn for equal shares.

97. When two or more of the separate estates shall consist of the same proportions of the parent estate, the Deputy Collector may, if he thinks proper, direct the parties entitled thereto respectively to draw lots in his presence for the equal separate estates which

জন্মিবে, তাঁহার এমত বোধ না হইলে তিনি ঐ অনুমতি দিবেন ইতি।

খাজানাহইতে মুক্ত করণার্থে যত টাকা দিতে হইবে ডেপুটী কালেক্টরের ইহা শংসিতমতে জানাইতে হইবার কথা।

৯৩ ধারা। ডেপুটী কালেক্টর রাজস্বহইতে মুক্ত করিবার অনুমতি দিতে অসম্মত হওয়ার তদ্রূপ কোন কারণ দেখিতে না পাইলে, ঐ বার্ষিক খাজানাহইতে ভূমি মুক্ত করিবার জন্যে যত টাকা দিতে হইবে তিনি এই কথার সর্টিফিকট লিখিয়া দিবেন। গবর্ণমেণ্ট শেষে যে ঋণপত্র প্রচলিত করিলেন তাৎকালিক বাজার দরে যত টাকার ঐ পত্র ক্রয় করিলে ডেপুটী কালেক্টরের ৮৯ ধারামতে নির্দ্ধারিত ঐ ভূমির বার্ষিক খাজানার তুল্য বার্ষিক সুদ পাওয়া যাইতে পারে, ডেপুটী কালেক্টর তত টাকার উপর আর শত করা দশ টাকা ধরিয়া ঐ ভূমি মুক্ত করিবার মূল্য ধার্য্য করিবেন ইতি।

কিন্তু স্বতন্ত্র মহালের অধিকার দেওয়া গেলে পর ভূমি মুক্ত হইতে না পারিবার কথা।

৯৪ ধারা। ভূম্যধিকারী পূর্ব্বোক্তমতে খাজানাহইতে ভূমি মুক্ত করিতে চাহিলে প্রত্যেক ভূম্যধিকারির প্রতি স্বতন্ত্র২ মহাল নিরূপিত হইয়া ১২৩ ধারার বিধানমতে দখল দেওয়ার পূর্ব্বে তিনি ডেপুটী কালেক্টরের পূর্ব্বোক্তমতে শংসিত টাকা দিতে পারিবেন। কিন্তু দখল দেওয়া যাইবার পর দিতে পারিবেন না ইতি।

টাকা দেওয়ার নোটিস দিতে হইবার কথা ও ভূমি নিষ্কররূপে ভোগ করিবার কথা।

৯৫ ধারা। ডেপুটী কালেক্টর ঐ টাকা পাইলে, যে ভূম্যধিকারির স্বতন্ত্র মহালের মধ্যে ঐ ভূমি থাকে, তাঁহাকে ঐ টাকা দেওয়ার নোটিস দিয়া জানাইবেন যে তাঁহার প্রার্থনামতে তাঁহাকে কিম্বা তাঁহার ক্ষমতাপ্রাপ্ত মোক্তারকে ঐ টাকা দেওয়া যাইবে, ও যে তারিখে পূর্ব্বোক্তমতে দখল দেওয়া যায় সেই তারিখঅবধি যে ভূম্যধিকারী ঐ ভূমি খাজানাহইতে মুক্ত করিলেন, তাঁহার সেই ভূমি নিষ্কররূপে ভোগ করিবার স্বত্ব থাকিবে। মহালের ভূম্যধিকারী, ও বাকী রাজস্বের নিমিত্ত মহাল বিক্রয় হইলে গবর্ণমেণ্ট বা অন্য কেহ ক্রয় করিলে ঐ মহালের ক্রেতা তাঁহার স্থানে খাজানা লইতে পারিবেন না ও সেই তারিখঅবধি ঐ ভূমি সেই প্রকারে নিষ্কররূপে ভোগ হইবে ইতি।

নিষ্কর ভূমি কালেক্টরের রেজিষ্টরী করিবার কথা।

৯৬ ধারা। ঐ তালুক যে করা গেল ডেপুটী কালেক্টরও সেই সময়েই জিলার কালেক্টর সাহেবকে এই নোটিস দিবেন। তাহা হইলে জিলার কালেক্টর সাহেব ১৮৫৯ সালের ১১ আইনের ৪২ ধারার বিধানমতে, কিম্বা যৎকালে তদনুরূপ যে আইন প্রবল থাকে তদনুসারে, ঐ তালুক বিশেষমতে রেজিষ্টরী করাইবেন ইতি।

সমান২ অংশের নিমিত্ত গুলিবাঁট করিবার কথা।

৯৭ ধারা। দুই কি তদধিক স্বতন্ত্র মহাল আদিম মহালের সমান২ অংশ হইলে, ঐ সমান অংশের লিপিবদ্ধ ভূম্যধিকারিরা যদি আপনাদের মধ্যে ঐ সমান২ স্বতন্ত্র মহাল নিরূপণের বিষয়ে একবাক্য না হন ও সেই মর্ম্মের প্রার্থনাপত্র না দেন, কিম্বা অন্য কোন কারণে যদি ডেপুটী কালেক্টর,

have been formed by assignment of lands, unless the recorded proprietors of the equal shares shall agree among themselves as to the allotment of the equal separate estates and shall present a petition to that effect; or unless for any other reason the Deputy Collector shall, with the sanction of the Collector, think proper to assign the equal separate estates to the proprietors of the equal shares without causing lots to be drawn.

কালেকুটর সাহেবের সম্মতিক্রমে গুলিবাঁট না করিয়া সমান অংশের ভূম্যধিকারিদের প্রতি স্বতন্ত্রং সমান মহাল নিরূপণ করা উচিত বোধ না করেন, তবে ভূমি নিরূপণ দ্বারা সমানং যে স্বতন্ত্র মহাল করা গিয়াছে ডেপুটী কালেকুটর উচিত বোধ করিলে, তাহা পাইবার স্বত্ববান ব্যক্তিদিগকে আপনার সাক্ষাতে তন্নিমিত্ত গুলিবাঁট করিতে আজ্ঞা দিতে পারিবেন ইতি।

Order and method of drawing lots when aggregate of two or more shares equals one other share.

98. When the aggregate of two or more shares equals one other share or equals the aggregate of two or more other shares, the Deputy Collector, with the sanction of the Collector, may cause such aggregate shares to be treated as one share for the purpose of determining by lots as aforesaid which portion of the parent estate shall be assigned to each proprietor as his separate estate;

দুই কি তদধিক অংশ মোটে এক অংশের তুল্য হইলে গুলিবাঁট করণের নিয়মের ও বিধির কথা।

৯৮ ধারা। দুই কি তদধিক অংশ মোটে অন্য এক অংশের কিম্বা অন্য দুই কি তদধিক অংশের সমান হইলে, আদিম মহালের যে অংশ যে ভূম্যধিকারির স্বতন্ত্র মহালস্বরূপ নিরূপণ করিয়া দেওয়া যাইবে ইহা পূর্ব্বোক্তমতে গুলিবাঁট করণদ্বারা নির্ণয় করিবার জন্যে, ডেপুটী কালেকুটর, কালেকুটর সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক সেই অংশসমূহ একি অংশের মত ধরিয়া কার্য্য করিবেন।

and may decide which shares shall be formed into one aggregate share for the purpose of causing such lots to be drawn;

এবং সেই গুলিবাঁট করাইবার জন্যে যেং অংশ একি সমগ্র অংশস্বরূপ ধরিতে হইবে তাহা নির্ণয় করিতে পারিবেন।

and may cause lots to be drawn in like manner as often as he shall think proper for such purpose.

ও তৎপক্ষে যতবার উচিত বোধ করেন ততবার সেই প্রকারে গুলিবাঁট করাইবেন

And after lots shall have been drawn once (or more than once if necessary) as aforesaid, the Deputy Collector shall proceed to divide the portion of the parent estate which has fallen by lot to each aggregate share, among the proprietors of the different shares which were formed into such aggregate share for the purpose of drawing lots, and shall assign to every such proprietor his separate estate within such portion in such position as the Deputy Collector may think proper.

১২৭ ধারা। বণ্টন করণ সময়ে কোন কথা উত্থাপন হইলে, ডেপুটী কালেকটর ঐ ব্যাপার সংক্রান্ত সকল ব্যক্তির সম্মতিক্রমে তাহা সালীসীতে অর্পণ করিতে পারিবেন। অর্পণ হইলে তৎপ্রতি ৬৫ ও ৬৭ ধারার বিধান যত দূর খাটিতে পারে খাটিবে ইতি।

কোন বিষয় সালীসীতে অর্পণ করিতে পারা যাইবার কথা।

১২৮ ধারা। যে মহালের সাধারণ ভোগ হইতেছে ও এই আইনের বিধানমতে বণ্টন করণার্থে উপস্থিত করা যায়, সেই মহালের কোন ভূম্যধিকারী যদি আপনার অংশ কি তাহার কোন ভাগ পত্তনী কি অন্য প্রকারের পাট্টা করিয়া দিয়া থাকেন, তবে ঐ পাট্টাদায়ি ব্যক্তির অংশে যে ভূমি শেষে নিরূপণ করিয়া দেওয়া যায় সেই ও কেবল সেই ভূমির পক্ষে ঐ পাট্টা প্রবল থাকিবে ইতি।

ভূম্যধিকারী তালুক করিয়া দিলে তদ্বিষয়ের কথা।

উদাহরণ।

১।—সাধারণ অবিভক্ত যে মহাল যৌতায় ভোগ হইতেছে তাহার চতুর্থাংশের ভূম্যধিকারি আনন্দ ঐ মহালে আপনার সমুদয় স্বার্থ পত্তনী তালুক করিয়া বলরামকে দিলেন, তৎপ্রযুক্ত যত দিন ঐ মহালের সাধারণ ভোগ হইয়া থাকে তত দিন বলরাম মহালের প্রত্যেক জন রায়তের খাজানার চতুর্থাংশ আদায় করিতে স্বত্ববান ছিলেন।

এই আইনমতে ঐ মহালের বণ্টন করা গেলে, বিশেষং কএক খণ্ড ভূমি আনন্দের স্বতন্ত্র মহাল বলিয়া তাঁহার প্রতি নিরূপণ করা যায়।

যে স্বতন্ত্র মহাল আনন্দের প্রতি নিরূপণ করা গেল বলরাম সেই সম্পূর্ণ মহালের পত্তনিদার হইয়া ঐ মহালের প্রজাদের সমস্ত খাজানা আদায় করিতে স্বত্ববান হইবেন।

২।—সাধারণ অবিভক্ত যে মহাল যৌতায় ভোগ হইতেছে তাহার চতুর্থাংশের ভূম্যধিকারী আনন্দ ঐ মহালে আপন অংশের অর্দ্ধাংশ পত্তনী তালুক করিয়া বলরামকে দিলেন তৎপ্রযুক্ত যত দিন ঐ মহালের সাধারণ ভোগ হইয়া থাকে তত দিন বলরাম মহালের প্রত্যেক জন রায়তের খাজানার অষ্টমাংশ আদায় করিতে স্বত্ববান হন।

Partition of the estate is made under the Act, and certain specific lands are assigned to A as his separate estate;

B will become patnidar of one-half of A's separate estate, and will hold his patni in common tenancy with the half of A's interest which A has not given in patni, so that B will be entitled to collect one-half of the rent payable by every ryot on A's estate, and A will be entitled to collect the other half.

129. If two or more estates shall come into the possession of one proprietor or of the same body of proprietors, such proprietor or body of proprietors, after being recorded as proprietors, may apply to have such estates united, and to hold them as a single estate.

Two estates may be united.

130. Such application shall be made in writing to the Collector, and the Collector shall, not less than thirty days after the issue of a notification of such application (provided he see no objection), comply with the same, and cause the necessary entries to be made in the records of his office, and shall report the case to the Commissioner.

Application for such union how to be made, and how to be dealt with.

131. Whenever any separate estate created under this Act shall fall in arrear so as to require a sale of the land for the discharge of the arrear at any period within twelve years of the date of the confirmation of the partition, the Collector shall, if possible, ascertain the cause of the estate having fallen into arrear, and shall enquire whether such arrear has been caused by any fraudulent or erroneous allotment of the assessment or assignment of lands at the time of the partition, and shall make a report upon the case to the Commissioner for such action as the Commissioner may think proper.

Cause of sale of a separate estate for arrears to be ascertained.

132. If it shall be proved to the satisfaction of the Lieutenant-Governor at any time within twelve years from the date of the final confirmation of a partition by the Commissioner or by the Board, as the case may be, that through any fraud or error at the time of making the partition the assets of the lands assigned to any separate estate were not in proportion to the amount of land revenue for which such estate was made liable, or that the amount of land revenue assessed on any separate estate was not in proportion to the assets of the lands assigned to such estate, the Lieutenant-Governor

In certain cases Lieutenant-Governor may order a new allotment of the land revenue.

এই আইনমতে ঐ মহালের বণ্টন করা গেলে, বিশেষং কএক খণ্ড ভূমি আনন্দের স্বতন্ত্র মহাল বলিয়া তাঁহার প্রতি নিরূপণ করা যায়।

এমত স্থলে বলরাম আনন্দের স্বতন্ত্র মহালের অর্দ্ধেকের পত্তনীদার হইয়া আনন্দের স্বার্থের যে অর্দ্ধাংশ পত্তনীস্বরূপ দেওয়া যায় নাই তাহার সহিত আপন পত্তনীর সাধারণ ভোগ করিয়া আনন্দের মহালের প্রত্যেক জন রায়তের খাজানার অর্দ্ধেক ও আনন্দ অন্য অর্দ্ধেক আদায় করিবার স্বত্ববান হইবেন।

১২৯ ধারা। দুই কি তদধিক মহাল একি ভূম্যধিকারির কিম্বা ভূম্যধিকারিগণের অধিকারে আইলে সেই ভূম্যধিকারিকে কি ভূম্যধিকারিদিগকে ভূম্যধিকারী বলিয়া লিপিবদ্ধ করা গেলে পর, ঐ ভূম্যধিকারী কি ভূম্যধিকারিগণ সেইং মহাল সংযুক্তভাবে একি মহালস্বরূপ ভোগ করিবার অনুমতি প্রার্থনা করিতে পারিবেন ইতি।

দুই মহাল সংযুক্ত হইতে পারিবার কথা।

১৩০ ধারা। কালেক্টর সাহেবের নামে পত্র লিখিয়া ঐ প্রার্থনা করিতে হইবে, ও কালেক্টর সাহেব ঐ প্রার্থনা হওয়ার জ্ঞাপনপত্র প্রকাশ করিলে পর অন্যূন ত্রিশ দিন থাকিয়া কোন আপত্তি না জানিলে সেই প্রার্থনানুসারে কার্য্য করিয়া, আপন কার্য্যালয়ের কাগজপত্রের মধ্যে প্রয়োজনমতে কথা লেখাইয়া, কমিশ্যনর সাহেবের নিকট সেই কথার রিপোর্ট করিবেন ইতি।

সংযোগ করিবার প্রার্থনা যেরূপে করিতে হইবে ও তাহা লইয়া যদ্রূপ কার্য্য হইবে তাহার কথা।

১৩১ ধারা। এই আইনমতে যে স্বতন্ত্র মহাল করা যায় তাহার বাকী পড়াতে বণ্টন অনুমোদন হইবার তারিখঅবধি দ্বাদশ বৎসরের মধ্য কোন সময়ে বাকী শোধের নিমিত্তে নীলাম করিবার প্রয়োজন হইলে, কালেক্টর সাহেব ঐ মহালের রাজস্ব বাকী পড়িবার কারণ সাধ্যমতে জানিতে চেষ্টা করিয়া, বণ্টনকরণ সময়ে রাজস্বের অংশ নিরূপণে কি ভূমি নিরূপণে প্রতারণা কি ভ্রমহেতুক ঐ বাকী পড়িয়াছে কি না ইহার অনুসন্ধান লইয়া, তৎসম্পর্কে কমিশ্যনর সাহেবের যে কার্য্য করা উচিত বোধ হয় তাহা করিবার নিমিত্ত তাঁহার নিকট ঐ ব্যাপারের রিপোর্ট করিবেন ইতি।

স্বতন্ত্র মহাল বাকীর নিমিত্ত নীলাম হইলে তাহার কারণ নিশ্চয়মতে জানিতে হইবার কথা।

১৩২ ধারা। বণ্টন করিবার সময়ে প্রতারণা কি ভ্রম হওয়াতে, স্বতন্ত্র কোন মহালের পক্ষে ভূমির যে উপস্বত্ব ধার্য্য হইয়াছিল ঐ মহাল যত টাকা রাজস্বের দায়ি করা গেল তত টাকা অনুযায়ি ঐ উপস্বত্ব ধার্য্য হয় নাই, কিম্বা কোন স্বতন্ত্র মহালের ভূমির যত টাকা রাজস্ব ধার্য্য হইল তাহা ঐ মহালের প্রতি অর্পিত ভূমির উপস্বত্বের অনুযায়ি হয় নাই, কমিশ্যনর সাহেবের কিম্বা বিষয়বিশেষে বোর্ডের সাহেবদের দ্বারা বণ্টন শেষরূপে অনুমোদন হইবার তারিখঅবধি দ্বাদশ বৎসরের মধ্য কোন সময়ে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হৃদ্বোধমতে এই কথার প্রমাণ করা গেলে, তিনি এই

স্থলবিশেষে ভূমির রাজস্ব নূতন নিরূপণ করিতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের আজ্ঞা করিতে পারিবার কথা।

may order a new allotment of the land revenue upon the separate estates in accordance with the principles prescribed in this Act, on an estimate of the assets of each such estate as they stood at the time of the partition, such estimate being made on such evidence and information as may be procurable respecting the same.

আজ্ঞা করিতে পারিবেন যে, বন্টন করণ সময়ে উক্ত প্রত্যেক মহালের যে উপস্বত্ব ছিল তদ্বিষয়ের যে প্রমাণ ও সন্ধান পাওয়া যাইতে পারে তদনুসারে ঐ উপস্বত্বের হিসাব ধরিয়া এই আইনের নির্দ্দিষ্ট নিয়মানুসারে উক্ত স্বতন্ত্র২ মহালের ভূমির রাজস্ব নূতন করিয়া ধার্য্য হয় ইতি।

Under-assessed estates to make refund to over-assessed estates.

133. Whenever the Lieutenant-Governor shall pass an order for the re-allotment of the land revenue on any separate estate under the last preceding section, the Lieutenant-Governor may direct that the proprietors whose estates are found to have been under-assessed shall, for each year during which they have held possession of the separate estates, be required to pay to the recorded proprietors of the estates which have been over-assessed, a sum equal to the annual amount in which the latter shall be found to have been over-assessed, and in default of payment the amount shall be leviable as provided in section one hundred and thirty-eight.

No order passed by the Lieutenant-Governor under this section shall be liable to be contested in any court.

যে মহালের কম রাজস্ব ধার্য্য হইয়াছে অতিরিক্ত রাজস্বের মহালের প্রতি তাহার টাকা ফিরিয়া দিবার কথা।

১৩৩ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ইহার পূর্ব্ব ধারামতে স্বতন্ত্র কোন মহালের ভূমির রাজস্ব পুনরায় ধার্য্য করিবার আজ্ঞা করিলে, তিনি এই আজ্ঞাও করিতে পারিবেন যে, কোন২ মহালের কম ও কোন২ মহালের অতিরিক্ত রাজস্ব ধার্য্য হইয়া থাকিলে, যে২ মহালের কম রাজস্ব ধার্য্য হইল দৃষ্ট হয় তাহার ভূম্যধিকারিরা যত বৎসর ঐ স্বতন্ত্র মহাল অধিকার করিলেন তাহার প্রত্যেক বৎসরের নিমিত্ত, অতিরিক্ত রাজস্বের মহালের বৎসর২ যত টাকা অতিরিক্ত ধার্য্য হইল সেই মহালের লিপিবদ্ধ ভূম্যধিকারিদিগকে তত টাকা দিতে আদেশ পান। না দিলে ১৩৮ ধারার বিধানমতে ঐ টাকা আদায় হইতে পারিবে।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব এই ধারামতে যে আজ্ঞা করেন, কোন আদালতে তাহার প্রতিবাদ হইতে পারিবে না ইতি।

Publication of notifications under this Act.

134. Every notification required to be published in and by this Act shall, unless it is otherwise specially directed, be published by posting up copies of the same at the office of the Collector, and of the Deputy Collector who is making or has made the partition, at the mâl cutcherry, or mâl cutcherries (if any) of the proprietors of the parent estate, and at one or more of the principal villages on the said estate.

এই আইনমতে জ্ঞাপনপত্র প্রকাশ করিবার কথা।

১৩৪ ধারা। এই আইনে ও এই আইনদ্বারা যে২ জ্ঞাপনপত্র প্রকাশ করিবার আদেশ থাকে, প্রকারান্তরের স্পষ্ট আজ্ঞা না থাকিলে, কালেক্টর সাহেবের কাছারীতে ও যে ডেপুটী কালেক্টর বণ্টন করিতেছেন কি করিয়াছেন তাঁহার কাছারীঘরে ও আদিম মহালের ভূম্যধিকারিদের মালকাছারী থাকিলে তথায় ও উক্ত মহালের অন্তর্গত এক কি কএক প্রধান২ গ্রামে ঐ জ্ঞাপনপত্রের নকল লাগাইয়া তাহা প্রচার করা যাইবে ইতি।

Service of notice.

135. Every notice in and by this Act required to be served on any person may be served—

(1) by delivering the same to the person to whom it is directed,

or, on failure of such service, by posting the same on some conspicuous part of the house in which the said person usually resides,

or by delivering the said notice to a general agent of the person to whom such notice is directed, or to any person who has been appointed in that behalf, or who has been appointed an agent of the person to

নোটিস জারী করিবার কথা।

১৩৫ ধারা। এই আইনে ও এই আইনদ্বারা কোন ব্যক্তিকে নোটিস দিবার আজ্ঞা থাকিলে তাহা এই২ প্রকারে দেওয়া যাইতে পারিবে,—

(১) যে ব্যক্তির নামে দেওয়া যায় তাঁহাকেই দেওয়া যাইতে পারিবে,

তাঁহাকে দেওয়া যাইতে না পারিলে, তিনি নিয়ত যে ঘরে বাস করেন তাহার কোন প্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইবে,

কিম্বা যাঁহার নামে দেওয়া গেল তাঁহার কোন আম মোক্তারকে কিম্বা ঐ কার্য্যপক্ষে অন্য যে ব্যক্তি নিযুক্ত হইলেন তাঁহাকে, কিম্বা যে ব্যক্তির নামে নোটিস দেওয়া যায় তিনি এই আইনমতে বণ্টনের সাধারণ কার্য্যপক্ষে

whom the notice is directed for the general purposes of any partition under this Act; or

(2) by sending a registered letter containing such notice directed to the said person at his usual place of abode or to the place where he may be known to be residing; or

(3) by posting a copy of the notice at any mâl cutcherry of the person to whom the notice is directed;

or, if no such mâl cutcherry be found, and if the notice cannot be served in any of the other modes mentioned in this section, on some conspicuous place on the estate to which such notice relates.

In all cases where two or more persons are joint applicants for the separation of an estate to be held by them jointly as a separate estate, service of notice under this section on any one such joint applicant shall be deemed to be good and sufficient service on each and all of such joint applicants.

136. Provided the directions of this Act be in substance and effect complied with, no proceedings under this Act shall be affected by reason of any mistake or by reason of any other informality, unless any person has suffered, or is in danger of suffering, material injury in consequence of such mistake or informality;

No proceedings under this Act to be affected by any mistake or misdescription.

and no proceedings under this Act shall be affected by reason of the omission to issue any notification required by this Act, or to serve any notice on any person whose name is not recorded on the Collector's registers as proprietor of the estate in respect of which the notice is required to be served.

137. If any proprietor or other person shall fail to comply, within the time fixed by a notice served on him as by this Act provided, with any requisition made upon him under this Act by the Collector or Deputy Collector, the Collector or Deputy Collector may impose upon him such daily fine as he may think fit, not exceeding fifty rupees;

Fine in case of non-compliance with notice or requisition.

and such fine shall be payable daily until the requisition is complied with,

যাঁহাকে মোক্তারস্বরূপ নিযুক্ত করিলেন তাঁহাকে দেওয়া যাইবে, অথবা

(২) ঐ নোটিস রেজিস্টরীপত্রে দিয়া তাঁহার শিরনামা লিখিয়া তিনি যে স্থানে নিয়ত বাস করেন কিম্বা তাঁহার যে নিবাস জানা আছে তথায় পাঠান যাইবে, কিম্বা

(৩) যাঁহার নামে নোটিস দেওয়া যায় তাঁহার কোন কাছারী ঘরে ঐ নোটিসের নকল লাগাইয়া দেওয়া যাইবে,

ও মালকাছারী পাওয়া না গেলে ও এই ধারার উল্লিখিত অন্য কোন উপায়ে নোটিস দেওয়া যাইতে না পারিলে, যে মহালের বিষয়ে নোটিস হইল সেই মহালের কোন প্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইবে।

দুই কি তদধিক ব্যক্তি মহাল বিভাগ করিয়া স্বতন্ত্র মহালস্বরূপ সাধারণে ভোগ করিবার জন্যে একত্র প্রার্থনা করিলে, এই ধারামতে ঐ নোটিস একত্র প্রার্থকদের কোন এক জনকে দেওয়া গেলে ঐ সাধারণ প্রত্যেক জন প্রার্থককে ও সকল প্রার্থককে উপযুক্তমতে দেওয়া গেল এমত জ্ঞান করিতে হইবে ইতি।

১৩৬ ধারা। এই আইনের বিধানের ভাব ও মর্ম্মানুসারে কার্য্য করা গেলে, কোন ভুল হইলেও কিম্বা দাঁড়ার কোন ব্যতিক্রম হইলেও যদি তদ্দারা কোন ব্যক্তির গুরুতর হানি না হইয়া থাকে কি হানির সঙ্কট না জন্মে, তবে সেই ভ্রম কি দাঁড়ার ব্যতিক্রমহেতুক এই আইনমত আনুষ্ঠানিক কোন কার্য্যের ব্যাঘাত হইবে না।

কোন ভুল কি বর্ণনার ভ্রমপ্রযুক্ত এই আইনমত আনুষ্ঠানিক কার্য্যের ব্যাঘাত না হওয়ার কথা।

এবং এই আইনমতে কোন জ্ঞাপনপত্র প্রকাশ করিবার আদেশ থাকিলেও যদি তাহা প্রচার করিবার ত্রুটি হয়, কিম্বা যে মহালের বিষয়ে নোটিস দিবার আদেশ হইল কালেকটর সাহেবের রেজিস্টরী বহীতে সেই মহালের ভূম্যধিকারী বলিয়া যাঁহার নাম লিপিবদ্ধ না থাকে তাঁহাকে যদিও নোটিস দেওয়া না যায়, তথাপি এই আইনমত আনুষ্ঠানিক কোন কার্য্যের ব্যাঘাত হইবে না ইতি।

১৩৭ ধারা। কালেকটর সাহেব কিম্বা ডেপুটী কালেক্টর এই আইনমতে কোন ভূম্যধিকারিকে কি অন্য ব্যক্তিকে কোন কর্ম্ম করিবার আদেশ করিলে, ও এই আইনের বিধানমতে তাঁহাকে নোটিস দেওয়া গেলেও তিনি সেই নোটিসের নিরূপিত সময়ের মধ্যে ঐ আদেশানুসারে কার্য্য না করিলে, কালেকটর সাহেব কিম্বা ডেপুটী কালেকটর পঞ্চাশ টাকার অনধিক যত টাকা উচিত বোধ করেন তাঁহার তত টাকা দৈনিক অর্থদণ্ড ধার্য্য করিতে পারিবেন।

নোটিস কি আদেশানুসারে কার্য্য না হইলে অর্থদণ্ডের কথা।

ও সেই আদেশমতে কার্য্য না হওনপর্য্যন্ত ঐ অর্থদণ্ড দিন২ দিতে হইবে,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৭ নবেম্বর।]

and the Collector or Deputy Collector may proceed from time to time to levy the amount which has become due in respect of any such fine, notwithstanding that an appeal against the order imposing such fine may be pending;

ও ঐ অর্থদণ্ডহেতুক যে টাকা দেনা হয়, সেই অর্থদণ্ড ধার্য্য করার আজ্ঞার উপর আপীল উপস্থিত করা গেলেও, কালেক্টর সাহেব কিম্বা ডেপুটী কালেক্টর সময়ে২ তাহা আদায় করিতে প্রবর্ত্ত হইতে পারিবেন।

Provided that whenever the amount levied under any such order shall have exceeded five hundred rupees, the Collector shall report the case specially to the Commissioner, and no further levy in respect of such fine shall be made otherwise than by authority of the Commissioner.

পরন্তু উক্ত প্রকারের কোন আজ্ঞাক্রমে পাঁচ শত টাকার অধিক আদায় করা গেলে পর, কালেক্টর সাহেব কমিশ্যনর সাহেবের নিকট সেই বিষয়ের বিশেষ রিপোর্ট করিবেন, এবং কমিশ্যনর সাহেবের আজ্ঞা না হইলে সেই অর্থদণ্ড হেতুক আর টাকা আদায় হইবে না ইতি।

Fees, &c., to be deemed a demand under Bengal Act VII of 1868.

138. Except as herein expressly otherwise provided, all fees, fines, costs, and other sums ordered to be paid by any person under this Act, shall be deemed to be demands under section 1 of Bengal Act VII of 1868 (*an Act to make further provision for the recovery of arrears of land revenue and public demands recoverable as arrears of land revenue*), and shall be leviable as such.

ফী প্রভৃতি বঙ্গদেশীয় ১৮৬৮ সালের ৭ আইনমত দাওয়া বলিয়া জ্ঞান করিবার কথা।

১৩৮ ধারা। এই আইনে প্রকারান্তরের স্পষ্ট বিধান না থাকিলে, এই আইনমতে কোন ব্যক্তির প্রতি যে সকল ফী ও অর্থদণ্ড ও খরচ ও অন্য টাকা দিবার আজ্ঞা হয়, তাহা বঙ্গদেশীয় ১৮৬৮ সালের ৭ আইনের (অর্থাৎ ভূমির বাকী রাজস্ব ও অন্য যে রাজকীয় দাওয়া বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারে তাহা আদায় করিবার আরং বিধান করণার্থ আইনের) ১ ধারামত দাওয়া বলিয়া জ্ঞান হইবে, ও তদনুসারে আদায় হইতে পারিবে ইতি।

Power of Collector to enforce attendance of witnesses.

139. For the purpose of any enquiry under this Act, the Collector and Deputy-Collector shall, in addition to every power conferred specially by this Act, have power to summon and enforce the attendance of witnesses, to examine witnesses, and to compel the production of documents by the same means (as far as may be), and in the same manner as is provided in the case of a Court under the Code of Civil Procedure.

সাক্ষিদিগকে কালেক্টর সাহেবের উপস্থিত করাইবার ক্ষমতার কথা।

১৩৯ ধারা। এই আইনমতে কোন অনুসন্ধান লইবার জন্যে কালেক্টর সাহেবের ও ডেপুটী কালেক্টরের প্রতি এই আইনদ্বারা যেং ক্ষমতা বিশেষমতে প্রদান করা গেল, তদ্ভিন্ন দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে আদালত যেং উপায় দ্বারা ও যেং প্রকারে সাক্ষিদিগকে উপস্থিত করাইতে ও দলীল আনাইতে পারেন, যত দূর হইতে পারে তত দূর ঐ কালেক্টর সাহেব ও ডেপুটী কালেক্টরও সেইং উপায় দ্বারা ও সেইং প্রকারে সাক্ষিদের নামে সমন দিয়া তাঁহাদিগকে বলপূর্ব্বক উপস্থিত করাইতে ও তাঁহাদের সাক্ষ্য লইতে ও দলীল বলপূর্ব্বক আনাইতে পারিবেন ইতি।

Powers and functions assigned to Deputy Collector may be exercised by Collector.

140. All powers and functions which are assigned by this Act to a Deputy Collector may be exercised and discharged by the Collector; and whenever it is provided by this Act that any act done, or order made by a Deputy Collector, shall require the sanction of the Collector, or shall be appealable to the Collector, if such act shall have been done or such order shall have been made by the Collector, it shall be deemed to have been sanctioned by the Collector, or to have been confirmed by the Collector in appeal, as the case may be.

ডেপুটী কালেক্টরের প্রতি যেং ক্ষমতা ও কার্য্য অর্পিত হয় কালেক্টর সাহেবের তদনুসারে কার্য্য করিতে পারিবার কথা।

১৪০ ধারা। এই আইনক্রমে ডেপুটী কালেক্টরের প্রতি যে সকল ক্ষমতা ও যেং কার্য্য অর্পণ করা যায়, কালেক্টর সাহেব সেইং ক্ষমতামতে সেইং কার্য্য নির্ব্বাহ করিতে পারিবেন। আরও ডেপুটী কালেক্টর যে কার্য্য বা যে আজ্ঞা করেন তদ্বিষয়ে কালেক্টর সাহেবের অনুমোদন করিবার অপেক্ষা থাকিবে কিম্বা কালেক্টর সাহেবের নিকট তদ্বিষয়ের আপীল হইতে পারিবে এই আইনে যেং স্থলে এই মর্ম্মের বিধান থাকে সেইং স্থলে যদি কালেক্টর সাহেব সেই কার্য্য কিম্বা সেই আজ্ঞা করিয়া থাকেন তবে সেই কার্য্যটি তাঁহার অনুমোদিত বলিয়া কিম্বা বিষয়বিশেষে সেই আজ্ঞা আপীলক্রমে তাঁহার দৃঢ়ীকৃত বলিয়া জ্ঞান হইবে ইতি।

[*Government Gazette, 7th November* 1876.]

141. The Lieutenant-Governor may vest any Collector or Deputy Collector with all or any of the powers which, under the provisions of any law for the time being in force, might be exercised by them respectively, or might be conferred on them respectively, if they were making a settlement of the parent estate.

Government may vest Collector or Deputy Collector with certain powers.

১৪১ ধারা। কালেক্টর সাহেব কিম্বা ডেপুটী কালেক্টর আদিম মহালের বন্দোবস্ত করিলে, যৎকালের প্রচলিত যে আইনের বিধানমতে যেং ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিতেন কিম্বা তাঁহাদের প্রতি যেং ক্ষমতা প্রদান করা যাইতে পারিত, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাঁহাদের প্রতি সেইং ক্ষমতা প্রদান করিতে পারিবেন।

কালেক্টরের ও ডেপুটী কালেক্টরের প্রতি গবর্ণমেণ্টের কোনং ক্ষমতা প্রদান করিবার কথা।

Such powers may be conferred either generally in respect of all estates in the partition of which the Collector or Deputy Collector may at any time and in any District be engaged, or specially in respect of any particular estate.

কালেক্টর সাহেব কিম্বা ডেপুটী কালেক্টর কোন সময়ে ও কোন জিলায় যেং মহালের বণ্টন কার্য্যে নিযুক্ত থাকেন, উক্ত ক্ষমতা সাধারণমতে সেই সকল মহালের উপলক্ষে কিম্বা বিশেষমতে কোন বিশেষ মহালের উপলক্ষে প্রদান করা যাইতে পারিবে ইতি।

142. An appeal, if presented within one month from the date of the order appealed against, shall lie to the Collector against every order of a Deputy Collector

Appeal to the Collector.

১৪২ ধারা। ডেপুটী কালেক্টর নিম্নলিখিত কোন আজ্ঞা করিলে সেই আজ্ঞার তারিখ অবধি এক মাসের মধ্যে কালেক্টর সাহেবের নিকট সেই আজ্ঞার উপর আপীল হইতে পারিবে,

কালেক্টর সাহেবের নিকট আপীলের কথা।

(*a*) directing, under section forty-one, by whom the costs of an enquiry held in consequence of an objection preferred shall be paid;

(ক) আপত্তি উপস্থিত হওয়া প্রযুক্ত যে অনুসন্ধান লওয়া যায় তাহার খরচ কাহার দিতে হইবে ৪১ ধারামতে ইহার আজ্ঞা।

(*b*) accepting or adopting any papers under section sixty-three for the purposes of a partition;

(খ) বণ্টনের কার্য্যপক্ষে ৬৩ ধারামতে কোন কাগজপত্র ঠিক বলিয়া গ্রাহ্য কি স্বীকার করিবার আজ্ঞা।

(*c*) refusing, under section sixty-eight, to confirm a partition made by the parties or by arbitrators;

(গ) ৬৮ ধারামতে উভয় পক্ষের কি সালীসদের বণ্টন স্থির রাখিতে সম্মত না হওয়ার আজ্ঞা।

(*d*) fixing, under section eighty-nine, the limits of land and the rent to be paid for it in perpetuity;

(ঘ) ৮৯ ধারামতে ভূমির সীমা ও তজ্জন্যে চিরকালের নিমিত্ত যে খাজানা দিতে হইবে ইহার নিরূপণার্থ আজ্ঞা।

(*e*) refusing, under section one hundred and four, to make a partition as applied for by the joint applicants;

(ঙ) ১০৪ ধারামতে সাধারণ প্রার্থকদের প্রার্থনানুসারে বণ্টন করিতে সম্মত না হওয়ার আজ্ঞা।

(*f*) passed under section one hundred and ten in respect of lands held rent free, or under section one hundred and eleven in respect of lands included in a tenure;

(চ) নিষ্কর ভূমি বিষয়ে ১১০ ধারামত আজ্ঞা কিম্বা তালুকের অন্তর্গত ভূমি বিষয়ে ১১১ ধারামত আজ্ঞা।

(*g*) imposing a fine under section one hundred and thirty-seven.

(ছ) ১৩৭ ধারামতে অর্থদণ্ড ধার্য্য করিবার আজ্ঞা ইতি।

143. An appeal, if presented to the Commissioner, or to the Collector for transmission to the Commissioner, within one month from the date of the order appealed against, shall lie to the Commissioner against every order of the Collector (whether such order be passed by the Collector in the first instance, or in appeal from the order of a Deputy Collector)

Appeal to the Commissioner.

১৪৩ ধারা। কালেক্টর সাহেব নিম্নলিখিত যেং আজ্ঞা করেন তাহা প্রথম স্থলেং কালেকটর সাহেবের আজ্ঞা হইলে কিম্বা ডেপুটী কালেক্টরের আজ্ঞার উপর আপীল হইয়া সেই আজ্ঞা হইলেও তাহার তারিখ অবধি এক মাসের মধ্যে কমিশ্যনর সাহেবের নিকটে সেই আজ্ঞার উপর আপীল উপস্থিত করা যাইতে পারিবে, কিম্বা কমিশ্যনর সাহেবের নিকট অর্পণ করিবার জন্যে কালেকটর সাহেবের নিকট উপস্থিত করা যাইতে পারিবে।

কমিশ্যনর সাহেবের নিকট আপীলের কথা।

(*a*) having the effect of rejecting an application for the partition of an estate, or for the separation of a share, or of putting an end to

(ক) যে আজ্ঞার ফলে মহাল বণ্টন করিবার কিম্বা তাহার এক অংশ স্বতন্ত্র করিবার প্রার্থনা অগ্রাহ্য হয়, কিম্বা প্রার্থনা গ্রাহ্য হইলে পর বণ্টন কি স্বতন্ত্র কর-

proceedings for effecting a partition or separation after the application has been admitted;

(*b*) directing, under section thirty-one, that an application for partition or separation be admitted;

(*c*) accepting or adopting any papers under section sixty-three for the purposes of a partition;

(*d*) refusing, under section sixty-eight, to confirm a partition made by the parties or by arbitrators;

(*e*) setting aside, amending, or approving the general arrangement of the partition under section seventy-five;

(*f*) approving, with or without amendment, a partition made by a Deputy Collector, or directing such partition to be amended or a fresh partition to be made, or making a fresh partition under section eighty-one;

(*g*) fixing, under section eighty-nine, the limits of land and the rent to be paid for it in perpetuity;

(*h*) refusing, under section one hundred and two, to allow a partition to be made in accordance with an existing private division;

(*i*) passed under section one hundred and ten in respect of lands held rent-free, or under section one hundred and eleven in respect of lands included in a tenure;

(*k*) approving or disallowing, under section one hundred and fourteen, the allotment to the estate under partition of a portion of lands held in common tenancy between the proprietors of such estate and the proprietors of one or more other estates;

(*l*) passed under section one hundred and sixteen as to disputes or doubts regarding land;

(*m*) imposing or confirming the imposition of a fine under section one hundred and thirty-seven;

(*n*) imposing any fine amounting to more than fifty rupees, or directing the payment of any costs amounting to more than fifty rupees.

144. An appeal, if presented to the Board, or to the Commissioner for transmission to the Board, within six weeks from the date of the order appealed against, shall lie to the Board against every order of the Commissioner which confirms, modifies, or reverses any order of the Collector

Appeal to the Board.

(*a*) having the effect of rejecting an application for the partition of an estate, or for the

ণার্থ কার্য্য রহিত করিবার প্রার্থনা অগ্রাহ্য হয় সেই আজ্ঞা।

(খ) ৩১ ধারামতে বণ্টন কি স্বতন্ত্র করিবার প্রার্থনা গ্রাহ্য করিবার আজ্ঞা।

(গ) ৬৩ ধারামতে বণ্টনের কার্য্যপক্ষে কোন কাগজপত্র গ্রাহ্য কি স্বীকার করিবার আজ্ঞা।

(ঘ) উভয় পক্ষ কি সালীসেরা যে বণ্টন করেন ৬৮ ধারামতে তাহা স্থির করিতে সম্মত না হওয়ার আজ্ঞা।

(ঙ) ৭৫ ধারামতে বণ্টন করিবার সাধারণ নিয়ম অগ্রাহ্য কি সংশোধন কি অনুমোদন করিবার আজ্ঞা।

(চ) ডেপুটী কালেকটর যে বণ্টনপত্র করেন, ৮১ ধারামতে তাহা সংশোধন করিয়া কি সংশোধন বিনা অনুমোদন করণের, কিম্বা সেই বণ্টনপত্র সংশোধন করিবার কি নূতন বণ্টনপত্র প্রস্তুত করিবার আদেশ দেওনের কিম্বা নূতন বণ্টনপত্র করণের আজ্ঞা।

(ছ) ৮৯ ধারামতে ভূমির সীমা ও তজ্জন্যে চিরকালের নিমিত্ত যে খাজানা দিতে হইবে ইহা নিরূপণার্থ আজ্ঞা।

(জ) আপোসে যে বিভাগ হইয়া আছে, তদনুসারে বণ্টন হইবার অনুমতি দিতে ১০২ ধারামতে সম্মত না হওয়ার আজ্ঞা।

(ঝ) ১১০ ধারামতে নিষ্কর ভূমি বিষয়ক কিম্বা ১১১ ধারামতে তালুকের অন্তর্গত ভূমি বিষয়ক আজ্ঞা।

(ঞ) যে মহালের বণ্টন হইতেছে তাহার ভূম্যধিকারিদের ও অন্য এক কি কএক মহালের ভূম্যধিকারিদের মধ্যে যে ভূমির সাধারণ ভোগ হইতেছে ১১৪ ধারামতে সেই ভূমির একাংশ ঐ বণ্টনীয় মহালে নিরূপণ হওয়া অনুমোদন করণের কি না করণের আজ্ঞা।

(ট) ভূমি সম্পর্কীয় বিবাদ কি সন্দেহ বিষয়ক ১১৬ ধারামত আজ্ঞা।

(ঠ) ১৩৭ ধারামতে অর্থদণ্ড ধার্য্য করণের কিম্বা যে অর্থদণ্ড ধার্য্য হইল তাহা স্থির করণের আজ্ঞা।

(ড) পঞ্চাশ টাকার অধিক অর্থদণ্ড ধার্য্য করণের কিম্বা পঞ্চাশ টাকার অধিক খরচ দিবার আদেশ করণের আজ্ঞা ইতি।

১৪৪ ধারা। কমিশ্যনর সাহেবের যে আজ্ঞাক্রমে কালেক্টর সাহেবের নিম্নলিখিত কোন আজ্ঞা স্থির কি মতান্তর কি অসিদ্ধ করা যায় সেই আজ্ঞার তারিখঅবধি ছয় সপ্তাহের মধ্যে সেই আজ্ঞার উপর বোর্ডে আপীল উপস্থিত করা যাইতে কিম্বা বোর্ডে পাঠাইবার জন্যে কমিশ্যনর সাহেবের নিকট উপস্থিত করা যাইতে পারিবে। বিশেষতঃ।

রেবিনিউ বোর্ডে আপীলের কথা।

(ক) যে আজ্ঞার ফলে, মহাল বণ্টন করিবার কি একাংশ স্বতন্ত্র করিবার প্রার্থনা অগ্রাহ্য হয়, কিম্বা

separation of a share, or of putting an end to proceedings for effecting a partition or separation after the application has been admitted;

(*b*) directing, under section thirty-one, that an application for partition or separation be admitted;

(*c*) accepting or adopting any papers under section sixty-three for the purposes of a partition;

(*d*) approving or disallowing, under section one hundred and fourteen, the allotment to the estate under partition, of a portion of lands held in common tenancy between the proprietors of such estate and the proprietors of one or more other estates;

and against every order of the Commissioner

(*e*) directing, under section forty, that any proprietor shall pay more than his proportionate share of the expenses of a partition, when the excess which he is ordered to pay exceeds five hundred rupees;

(*f*) directing, under section one hundred and thirteen, that any sum shall be paid by the proprietor of an estate other than the estate under partition, when such sum exceeds five hundred rupees;

(*g*) confirming, under section one hundred and eighteen or section one hundred and twenty, or amending or setting aside under section one hundred and twenty, a partition as made by the Collector;

(*j*) imposing, or confirming the imposition of any fine amounting to five hundred rupees, or ordering or confirming an order directing the payment of any costs amounting to more than five hundred rupees.

145. Except as provided in the three last preceding sections, no appeal shall lie as of right against any order passed under this Act by any officer; but the proceedings and orders of every Deputy Collector under this Act shall be subject to the supervision and control of the Collector; the proceedings and orders of every Deputy Collector and of the Collector to the supervision and control of the Commissioner; and the proceedings and orders of all revenue officers to the supervision and control of the Board;

No appeal to lie against any order passed under this Act.

and any order passed and anything done under this Act may be modified, amended, or reversed by the supervising and controlling authority

প্রার্থনা গ্রাহ্য হইলে পর বণ্টন কি স্বতন্ত্র করণার্থ কার্য্য রহিত করা যায় সেই আজ্ঞা।

(খ) ৩১ ধারামতে বণ্টন কি স্বতন্ত্র করিবার প্রার্থনা গ্রাহ্য করণের আজ্ঞা।

(গ) ৬৩ ধারামতে বণ্টনের কার্য্যের নিমিত্ত কোন কাগজপত্র গ্রাহ্য কি স্বীকার করণের আজ্ঞা।

(ঘ) যে মহালের বণ্টন হইতেছে তাহার ভূম্যধিকারিদের ও অন্য এক কি কএক মহালের ভূম্যধিকারিদের মধ্যে যে ভূমির সাধারণ ভোগ হইতেছে ১১৪ ধারামতে সেই ভূমির একাংশ ঐ বণ্টনীয় মহালে নিরূপণ হওয়া অনুমোদন করণের বা না করণের আজ্ঞা।

এবং কমিশ্যনর সাহেবের এই২ আজ্ঞার উপর,—

(ঙ) অংশাংশমতে কোন ভূম্যধিকারির বণ্টনের খরচের যে অংশ দেওয়া উচিত তদপেক্ষা তাঁহার পাঁচ শত টাকার অধিক দিবার আজ্ঞা হইলেও ৪০ ধারামতে তাহার সেই অধিকাংশ দিবার আজ্ঞা।

(চ) যে মহালের বণ্টন হইতেছে তদ্ভিন্ন কোন মহালের ভূম্যধিকারির ১১৩ ধারামতে পাঁচ শত টাকার অধিক দিবার যে আজ্ঞা হয় সেই আজ্ঞা।

(ছ) কালেক্টর সাহেব যে বণ্টনপত্র করিলেন ১১৮ কিম্বা ১২০ ধারামতে তাহা স্থির রাখিবার কিম্বা ১২০ ধারামতে তাহা মতান্তর কি অসিদ্ধ করিবার আজ্ঞা।

(জ) পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড ধার্য্য করণের আজ্ঞা, কিম্বা যে আজ্ঞামতে ঐ দণ্ড ধার্য্য হইল তাহা দৃঢ়ীকরণের আজ্ঞা, কিম্বা পাঁচ শত টাকার অধিক খরচ দিবার আজ্ঞা করণের কিম্বা দৃঢ়ী করণের আজ্ঞা ইতি।

১৪৫ ধারা। এই আইনমতে কোন কর্ত্তৃপক্ষ যে আজ্ঞা করেন তাহার উপর ইহার পূর্ব্ব তিন ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন আপীল করিবার স্বত্ব আছে বলিয়া আপীল হইতে পারিবে না। কিন্তু এই আইনমতে প্রত্যেক ডেপুটী কালেকটর যে কার্য্যানুষ্ঠান ও যে আজ্ঞা করেন তাহা কালেকটর সাহেবের তত্ত্বাধীন ও কর্ত্তৃত্বাধীন থাকিবে। প্রত্যেক ডেপুটী কালেকটরের ও কালেকটর সাহেবের আনুষ্ঠানিক কার্য্য ও আজ্ঞা কমিশ্যনর সাহেবের তত্ত্বাধীন ও কর্ত্তৃত্বাধীন থাকিবে, ও রাজস্ব সংক্রান্ত সকল কর্ত্তৃপক্ষের আনুষ্ঠানিক কার্য্য ও আজ্ঞা বোর্ডের তত্ত্বাধীন ও কর্ত্তৃত্বাধীন থাকিবে।

এই আইনমতে যে আজ্ঞা করা যায় তাহার উপর আপীল হইতে না পারিবার কথা।

এবং এই আইনমতে যে কোন আজ্ঞা ও যে কোন কার্য্য করা যায়, ১২৩ ধারার বিধানমতে নানা ভূম্যধিকারিদিগকে আপনং স্বতন্ত্র মহালের দখল দেওয়ার পূর্ব্ব

at any time before possession of their respective separate estates has been given to the several proprietors as provided in section one hundred and twenty-three, but not after such possession has been given, except as provided in the next succeeding section.

কোন সময়ে তত্ত্বাবধারি ও কর্ত্তৃত্বকারি কর্ত্তৃপক্ষ দ্বারা সেই আজ্ঞা কি কার্য্য মতান্তর কি সংশোধন কি অসিদ্ধ করা যাইতে পারিবে। কিন্তু ইহার পশ্চাৎ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন, দখল দেওয়ার পর হইতে পারিবে না ইতি।

Proceedings connected with giving possession may be set aside within three months of date of giving possession.

146. Any proceedings of a revenue officer connected with giving possession to the proprietors of their respective separate estates as provided in section one hundred and twenty-three, may be set aside or amended as above provided by any supervising and controlling revenue authority, provided that such supervising and controlling authority shall within three months of the date on which such possession may have been given, make an order to the effect that such proceedings are under the consideration of such authority.

Such order shall be communicated to the Collector of the district, who shall cause the same to be published by notification in the manner prescribed by section one hundred and thirty-four.

দখল দেওনসম্পর্কে যে কার্য্য করা যায় দখল দিবার তারিখের পর তিন মাসের মধ্যে তাহা অসিদ্ধ হইতে পারিবার কথা।

১৪৬ ধারা। ১২৩ ধারার বিধানমতে ভূম্যধিকারিদিগকে আপন২ স্বতন্ত্র মহালের দখল দেওয়ানার্থে রাজস্বের কোন কার্য্যকারকের যে কার্য্যানুষ্ঠান হয়, সেই দখল দেওয়ার তারিখ অবধি তিন মাসের মধ্যে রাজস্ব-সংক্রান্ত তত্ত্বাবধারি ও কর্ত্তৃত্বকারি কার্য্যকারক সেই আনুষ্ঠানিক কার্য্য আপনার বিবেচনাধীন আছে বলিয়া আজ্ঞা প্রকাশ করিলে, তিনি পূর্ব্বোক্ত বিধানমতে সেই আনুষ্ঠানিক কার্য্য অসিদ্ধ কিম্বা সংশোধন করিতে পারিবেন।

ঐ আজ্ঞা জিলার কালেকটর সাহেবের নিকট জ্ঞাত করা যাইবে, ও তিনি জ্ঞাপনপত্র দ্বারা ১৩৪ ধারার বিধানমতে ঐ আজ্ঞা প্রকাশ করাইবেন ইতি।

Orders as to costs on appeal.

147. The Commissioner and the Board may pass such orders as they shall think fit in respect of the payment of costs of any appeal which is made to them respectively under this Act.

আপীল হইলে খরচার আজ্ঞার কথা।

১৪৭ ধারা। এই আইনমতে কমিশানর সাহেবের নিকটে আপীল হইলে তিনি, ও বোর্ডের নিকট আপীল হইলে সেই বোর্ডের সাহেবেরা ঐ আপীলের খরচ দেওনের বিষয়ে যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন ইতি।..

Powers of officers exercising jurisdiction under this Act with regard to false evidence.

148. If, in any case in which a Collector or other officer shall exercise jurisdiction under this Act, any person is guilty of the offence of giving or fabricating false evidence, or of forgery, as defined in the Indian Penal Code, or of abetting any of those offences, such Collector or other officer shall have the same powers in respect of such offence, and of the person charged with committing the same, as are vested by the Code of Criminal Procedure in a civil court, when any such offence is committed before or against such court, or when a document believed to be a forgery is given in evidence in any proceedings in such court.

এই আইনমতে যে কার্য্যকারকদের বিচারাধিপত্য থাকে মিথ্যা সাক্ষ্য বিষয়ে তাঁহাদের ক্ষমতার কথা।

১৪৮ ধারা। এই আইনমতে কালেকটর সাহেব কিম্বা অন্য কর্ত্তৃপক্ষ যে মোকদ্দমায় বিচারাধিপত্য করেন, সেই মোকদ্দমায় কোন ব্যক্তি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের নির্ণীত অর্থানুসারে মিথ্যা সাক্ষ্য দেওনের কি প্রস্তুত করণের কিম্বা জালকরণের কিম্বা ঐ২ অপরাধের সহায়তা করণের অপরাধী হইলে, দেওয়ানী আদালতের সম্মুখে কি তাহার বিপক্ষে তদ্রূপ কোন অপরাধ করা গেলে কিম্বা ঐ আদালতের কোন কার্য্যানুষ্ঠান সময়ে যাহা জাল করা বোধ হয় এমত দলীল প্রমাণস্বরূপ উপস্থিত করা গেলে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে ঐ আদাদলতের প্রতি যে২ ক্ষমতা প্রদান করা গেল, উক্ত অপরাধ বিষয়ে ও যে ব্যক্তির নামে ঐ অপরাধের অভিযোগ হয় সেই ব্যক্তির বিষয়ে ঐ কালেক্টর সাহেবের কি অন্য কর্ত্তৃপক্ষের সেই২ ক্ষমতা থাকিবে ইতি।

Orders of revenue officer which are not liable to be set aside by civil suit.

149. No order of a revenue officer

(*a*) refusing to allow a partition on the grounds mentioned in section eleven;

রাজস্ব সংক্রান্ত কার্য্যকারকদের যে২ আজ্ঞা দেওয়ানী মোকদ্দমা করিয়া অসিদ্ধ করা যাইতে না পারে তাহার কথা।

১৪৯ ধারা। রাজস্ব সংক্রান্ত কোন কার্য্যকারকের এই২ আজ্ঞা,—

(ক) ১১ ধারার উল্লিখিত কারণে বণ্টন হইবার অনুমতি দিতে সম্মত না হওয়ার আজ্ঞা

(*b*) rejecting or directing to be amended an application under section twenty;

(খ) ২০ ধারামত প্রার্থনাপত্র অগ্রাহ্য কি সংশোধন করণের আদেশরূপ আজ্ঞা

(*c*) made under the first clause of section thirty-two;

(গ) ৩২ ধারার প্রথম প্রকরণমত আজ্ঞা

(*d*) made under Part IV, Part V, Part VI, Part VII, Part VIII (except as provided in the next succeeding section), or Part IX;

(ঘ) চতুর্থ কি পঞ্চম কি ষষ্ঠ কি সপ্তম কিম্বা ইহার পশ্চাৎ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন অষ্টম কি নবম ভাগ অনুযায়ি আজ্ঞা

(*e*) imposing a fine;

(চ) অর্থদণ্ড ধার্য্য করণের আজ্ঞা

(*f*) in respect of the payment of costs of any appeal under section one hundred and forty-seven,

(ছ) ১৪৭ ধারামতে কোন আপীলের খরচ দেওন-বিষয়ক আজ্ঞা

shall be liable to be contested or set aside by a suit in any court, or in any manner other than as is expressly provided in this Act.

কোন আদালতে মোকদ্দমা করিয়া কিম্বা এই আইনের স্পষ্ট বিধান মতে না হইলে কোন প্রকারে প্রতিবাদ কি অসিদ্ধ করা যাইতে পারিবে না ইতি।

When suit may be brought to set aside order of revenue officer.

150. Notwithstanding anything contained in clause (*d*) of the last preceding section -

রাজস্ব সংক্রান্ত কার্য্যকারকের আজ্ঞা অসিদ্ধ করণার্থ মোকদ্দমা যে স্থলে উপস্থিত করা যাইতে পারে তাহার কথা।

১৫০ ধারা। ইহার পূর্ব্ব ধারার (ঘ) প্রকরণে তাবাস্তরের বিধান থাকিলেও,

any person claiming a greater interest in any lands which were held in common tenancy between two or more estates than has been assigned to him by the order of a revenue officer under section one hundred and twelve or section one hundred and fourteen;

দুই কি অধিক মহালের মধ্যে যে ভূমির সাধারণ ভোগ হইত, রাজস্বের কোন কর্ত্তৃপক্ষের ১১২ কি ১১৪ ধারামত আজ্ঞাক্রমে সেই ভূমিতে কোন ব্যক্তির প্রতি যে পরিমাণের স্বার্থ নিরূপণ করা যায় তিনি তদধিক স্বার্থের দাওয়া করিলে,

and any person who is aggrieved by any order of a revenue officer passed under section one hundred and sixteen;

এবং কোন ব্যক্তি ১১৬ ধারামতে রাজস্বের কোন কর্ত্তৃপক্ষের আজ্ঞাক্রমে ক্ষতিগ্রস্ত হইলে,

may bring a suit in a court of competent jurisdiction to modify or set aside such orders of the revenue officer.

তিনি উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে ঐ কর্ত্তৃপক্ষের সেই আজ্ঞা মতান্তর কি অসিদ্ধ করণার্থ মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

Board to be guided by instructions of Lieutenant-Governor.

151. In the execution of the duties vested in the Board by this Act, the Board shall be guided by such orders or instructions as they may from time to time receive from the Lieutenant-Governor.

লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের উপদেশানুসারে রেবিনিউ বোর্ডের কার্য্য করিতে হইবার কথা।

১৫১ ধারা। এই আইনে বোর্ডের সাহেবদের প্রতি যে২ কার্য্যার্পণ করা গেল তাঁহারা সময়ে২ শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের স্থানে যে২ আজ্ঞা ও উপদেশ পান তদনুসারে সেই২ কার্য্য সম্পাদন করিবেন ইতি।

Board may lay down rules.

152. The Board may, from time to time, make rules, not being inconsistent with this Act—

বোর্ডের বিধি করিতে পারিবার কথা।

১৫২ ধারা। বোর্ডের সাহেবেরা সময়ে২ এই২ বিষয়ের বিধি করিতে পারিবেন, কিন্তু তাহা এই আইনের অসঙ্গত না হয়।

(*a*) to regulate the expenses of effecting partitions, or the amount of fees to be levied in respect of partitions, the allotment of the same among the proprietors, and the instalments in which and the times at which the same shall be levied under Part IV;

(ক) বণ্টন করিবার খরচের ও বণ্টনকার্য্যসম্পর্কে যত ফী লইতে হইবে তাহার বিধান, ও ভূম্যধিকারিদের স্থানে অংশাংশমতে তাহা লওয়ার বিধান, এবং চতুর্থ অধ্যায়মতে তাহা যত টাকা কিস্তি করিয়া যে২ সময়ে আদায় করা যাইবে তাহার বিধান।

(*b*) to regulate the receipts, disbursements, and management of any "Estates' Partition Fund" formed under section forty-five;

(খ) ৪৫ ধারামতে মহালের বণ্টন সংক্রান্ত যে তহবীল করা যায় তাহার আয়ের ও ব্যয়ের ও অধ্যক্ষতা করার বিধান।

(*c*) to regulate the employment and remuneration of amins and other subordinate officers appointed under Part IV, to enable the officer making the partition to keep himself informed of the proceedings of such officers, and to exercise a proper control over them;

(*d*) to regulate the form in which the partition papers shall be framed under section sixty-six and section seventy-seven;

(*e*) and generally for the guidance of officers in conducting partitions under this Act.

SCHEDULE.

See Section 2.

Number and year.	Subject or abbreviated Title.	Extent of repeal.
Regulation XI of 1811.	For extending period of revising jamá on certain lands.	So much as has not been repealed.
Regulation XIX of 1814.	Consolidating Regulations respecting Partitions of Estates.	Ditto.
Act XX of 1836 ...	Quashing of Butwarras ...	Ditto.
Act XI of 1838 ...	Remuneration of persons effecting a partition.	Ditto.

FREDERICK CLARKE,
Offg. Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

(গ) চতুর্থ অধ্যায়মতে যে আমীনেরা ও অন্য অধীন যে আমলাগণ নিযুক্ত হন তাঁহাদের কর্ম্ম ও পারিশ্রমিক দেওনের বিধান, ও যে কর্তৃপক্ষ বন্টন করেন তিনি যাহাতে ঐ২ আমলাদের কার্য্যের সন্ধান জানিয়া থাকিতে ও তাঁহাদের উপর উপযুক্তমতে কর্তৃত্ব রাখিতে পারেন এমত বিধান।

(ঘ) ৬৬ ও ৭৭ ধারামতে বন্টনপত্র যে পাঠানুসারে লেখা যাইবে তাহার বিধান।

(ঙ) এবং এই আইনমতে বন্টনের কার্য্যকরণ পক্ষে কর্তৃপক্ষদের কার্য্যপদ্ধতি দর্শাওনার্থ অন্য২ বিধান ইতি।

তফসীল।

২ ধারা দেখ।

সাল ও নম্বর।	বিষয় কি সংক্ষেপ নাম।	যতদূর রহিত করা গেল।
১৮১১ সা. ১১ আ.	কোন২ জমীর জমা পুনরায় বন্দোবস্ত করিবার মিয়াদ বৃদ্ধি করিবার আইন	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই।
১৮১৪ সা. ১৯ আ.	মহালের বণ্টনবিষয়ক আইন সংগ্রহ করণার্থ আইন	ঐ
১৮৩৬ সা. ২০ আ.	বাঁটওয়ারা অসিদ্ধ করণার্থ আইন	ঐ
১৮৩৮ সা. ১১ আ.	যাঁহারা বণ্টনকার্য্য করেন তাঁহাদের মেহনতানা বিষয়ক আইন	ঐ

ফ্রেড্রিক ক্লার্ক,
লেজিসলেটিব ডিপার্টমেন্টে বঙ্গদেশের
গবর্ণমেন্টের একটিং আসিষ্টান্ট সেক্রেটরী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

TUESDAY, NOVEMBER 7, 1876.

মঙ্গলবার ১৮৭৬ সাল ৭ নবেম্বর ।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড ।

ইশ্‌তিহার প্রভৃতি ।

LAND ADVERTISEMENT. ভূমি বিষয়ক ইস্তাহার।

জিলা ঢাকা।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা ঢাকার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৬ সালের ২৮ মার্চ ও ২৮ জুন তারিখের প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আকুটের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৬ ইং সালের ৬ ডিসেম্বর ১২৮৩ সন ২২ অগ্রহায়ণ তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে। ১৮৭৬ ইং ৬ অক্টোবর এই মহাল মাচের কিস্তির বাকির জন্য নীলাম হয় খরিদার টাকা না দেওয়াতে পুনঃনীলামী ইস্তাহার জারী করা গেল।

তৌজির নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	বাকীর পরিমাণ	মন্তব্য।
১০৩৯৭	পং সিন্দুরী তরফ ঘোপ সেলেন্দা ওগয়রহ	অন্নপূর্ণা দাস্যা, সারদা সুন্দরী, হরসুন্দরী দেব্যা দুর্য্যোধন শীকদার হাল নাম জারি শিবসুন্দরী, কুমুদীসুন্দরী দাস্যা, ঈশানচন্দ্র মজুমদার, স্বরূপ, প্রসন্নচন্দ্র চৌধুরী রামচন্দ্র, গিরিশচন্দ্র চৌধুরী, অভয়চন্দ্র সাহা, চিত্রমণী দাস্যা, লোকনাথ মজুমদার, বাউলচন্দ্র, রামকুমার সাহা, রতনমণী দাস্যা, ললিতচন্দ্র সাহা, রাজকৃষ্ণ মজুমদার, ধর্ম্মনারায়ণ লাহিড়ী, চণ্ডীপ্রসাদ মজুমদার, রাজনারায়ণ, ভোমনারায়ণ রায়, গোলাম আর্ব্বাছ, নজিরদ্দিন চৌধুরী, মাহাম্মদ আহাছান, গোপীনাথ সান্ন্যাল, রামনাথ সরকার, মাহাম্মদ এছরাইল, কালীচরণ, কৃষ্ণকান্ত, রামতনু, কমলাকান্ত সিংহ, কমরদ্দিন, মাহাম্মদ আহাছান, শ্যামাসুন্দরী দাস্যা, উমাসুন্দরী দাস্যা, মাদরে দীননাথ সরকার, আনন্দ মণী দাস্যা, মাদরে দুর্গানাথ মিত্র, মধুসূদন মিত্র নাবলগান, কথরদ্দিন।	১৮৫৯॥৶২	৮৬৮৶৭	অন্নপূর্ণ দাস্যা ৮১৬২ পাই সারদা সুন্দরী, হরসুন্দরী দেব্যা ১৬১॥৵৫ পাই দুর্য্যোধন শীকদার হাল নাম জারী শিবসুন্দরী, কুমুদীসুন্দরী দাস্যা ৩৫॥৵৬ পাই ঈশানচন্দ্র মজুমদার ৫০॥৵১ পাই স্বরূপ প্রসন্নচন্দ্র চৌধুরী ৭।৴১ পাই, রামচন্দ্র গিরিশচন্দ্র চৌধুরী ২৯॥৬ পাই অভয়চন্দ্র সাহা ১৩৵৬ পাই চিত্রমণী দাস্যা ১৬৶৬ পাই লোকনাথ মজুমদার ১৩৵৬ পাই বাউলচন্দ্র, রামকুমার সাহা, রতনমণী দাস্যা, ললিতচন্দ্র সাহা ১২৵৴১০ পাইর হিসাব ১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্র আছে অবশিষ্ট রাজকৃষ্ণ মজুমদার, ধর্ম্মনারায়ণ লাহিড়ী চণ্ডীপ্রসাদ মজুমদার, রাজনারায়ণ, ভোম নারায়ণ রায়, গোলাম আর্ব্বাছ, নজিরদ্দিন চৌধুরী, মাহাম্মদ আহাছান, গোপীনাথ সান্ন্যাল, রামনাথ সরকার মহাম্মদ এছরাইল, কালীচরণ, কৃষ্ণকান্ত, রামতনু কমলাকান্ত সিংহ, কমরদ্দিন মাহাম্মদ আহাছান শ্যামাসুন্দরী দাস্যা, উমাসুন্দরী দাস্যা, মাদরে দীননাথ সরকার, আনন্দমণী দাস্যা মাদরে দুর্গানাথ মিত্র, মধুসূদন মিত্র নাবালগান, কথরদ্দিন ১৪৫০॥৶১ পাই সদর জমার এজমালী ৮৬৮৶৭ পাই বাকির জন্য নীলাম হইবেক।

D. R. LYALL,
Offg. Collector.

[*Government Gazette, 7th November* 1876.]

জিলা মেদিনীপুর।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

"ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা মেদিনীপুরের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৬ সালের ২৮ জুন তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৬ সালের ২৮ নবেম্বর মোতাবক বাঙ্গলা ১২৮৩ সাল ১৪ অগ্রহায়ণ আমলি ১২৮৪ সাল ১৫ অগ্রহায়ণ মঙ্গলবার তারিখে ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।"

প্রকাশ থাকে যে নিম্নোক্ত মহালের মধ্যে সরকার বাহাদুরের ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে পৃথক হিসাব হওয়া অংশ রকম ৶৮৮॥ তিন সদর জমা ৫৩০৶৫ টাকা গত ১২৮৩ সালের লাগাদী জ্যেষ্ঠী কিস্তির পাওনা ৯৩৬।৶৩ টাকা সন ১৮৭৬ সালের ২৮ জুন তারিখে বাকী পড়ায় ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে নীলামের অধীনে আসিয়া ১৮৭৬ সালের ২০ সেপ্টেম্বরের নীলামে কেহ ডাক না করাতে ঐ আইনের ১৪ ধারামতে শরিকদার কর্ত্তৃক বাকী দিয়া ঐ অংশ খরিদ হইবার জন্য ১০ দিন নীলাম স্থকিত ছিল কিন্তু শরিকদার তদনুসারে ঐ অংশ খরিদ করেন নাই অতএব ঐ ১৪ ধারামতে উক্ত সম্পূর্ণ মহাল গাজাই সদর জমা ২৪৬৭৷৷৩ টাকা ১২৮৩ সালের লাগাদী জ্যৈষ্ঠী তলবের সরকারী মালগুজারির বাকী আদায় কারণ উপরোক্ত তারিখে নীলাম হইবেক। ইতি সন ১৮৭৬ সাল তারিখ ১৮ অক্টোবর।

ও রেজিষ্টরির নং	তৌজীর নং	নাম মহাল ও পরগনা	নাম মালিক	সদর জমা	যে বাকীর জন্য নী-লাম হইবেক তাহা	কৈফিয়ৎ।
			চির বন্দবস্তী মহাল।			
১১১৮	৬১৬	গাজাই পং কাশীযোড়া	রামনিধি কুণ্ডু ও সরকার বাহাদুর।	২৪৬৭৷৷৩	৯৩৬।৶৩	বিমজ্জিম ইষ্টেটমেণ্ট ডেপুটী কালেক্টর মৌজে শারদা বসান ২৮৮৩। জমির কাত ৯।২।৯ পোল জমী কেনাল কোম্পানি খালের জন্য গ্রহণ করিয়াছেন।

MIDNAPORE COLLECTORATE,
The 18*th October* 1876.

H. L. HARRISON,
Collector.

জিলা রঙ্গপুর।

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা রঙ্গপুর এই যে

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা ও ১৮৬৮ সালের ৭ আইনের ৩ ধারানুযায়ি সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা রঙ্গপুর মধ্যস্থিত নীচের লিখিত মহালাত ১৮৭৬ সালের ২৮ জুন তারিখের প্রাপ্য বাকী রাজস্ব আদায় জন্য ইংরজী ১৮৭৬ সালের ১৮ নবেম্বর মোঃ বাঙ্গলা ১২৮৩ সালের ৪ অগ্রহায়ণ শনিবার ঐ জেলার কালেক্টরী কাছারীতে বিনা বাধাতে নীলামে ধরা যাইবেক সন ১৮৭৬ ইংরেজী তারিখ ২ সেপ্টেম্বর মোং ১২৮৩ বাঙ্গলা তারিখ ১৮ ভাদ্র।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রয় হইবেক।

নং ৪ তৌজী।

মৌজে বামদেব ওগয়রহ চাং ফতেপুর মালিক জগদীন্দ্রনারায়ণ চৌধুরী সদর জমা ১২৭২।৫ পাই।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৭ নবেম্বর।]

বাকী রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রয় হইবেক।

নং ৬৬০ তৌজী।

মৌজে একব্বরপুর ওগয়রহ পং কাবিলপুর মালিক জগদীন্দ্রনারায়ণ চৌধুরীর ১৮৫৯। ১১ আইনের ১০ ধারানুসারে স্বতন্ত্র হিসাবের অংশ ।।৮ পাই যাহার সদর জমা ৬০৭৵৮ পাই নীলাম হইবেক। মোট মহালের সদর জমা ৯১০।।৶৬ পাই।

G. A. GRIERSON,
For Collector.

জিলা চট্টগ্রাম।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

"ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা চট্টগ্রাম মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৬ সালের ২৫ সেপ্টেম্বর তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৬ সালের ১৯ ডিসেম্বর তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।" ইতি ১৮৭৬ ইং তাং ২০ অক্টোবর।

প্রথম শ্রেণীর কায়মী মহাল।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবে।

৫৪ নং তরফ আনন্দীরাম কাননগোয় মালিক শ্রীমতী আনন্দময়ীগয়রহ মোট সদর জমা ৮৬৯।৶৯

১৮৭৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া অবশিষ্ট মালিকান, ব্রজমোহন, বিশ্বনাথ, প্রং বৈদ্যনাথ, ভোলানাথ ঘনেশ্যাম, হরদাস কাং জান বিবি, কালীচরণ, উদয়চান্দ, উর্শ্মিল্লা, রঞ্জিতরাম রামদাস, রামকিশোর, রামদয়াল দে, রামদয়াল, রামদুলাল, শিবদাস কাং, তমুরাম, মৃত্যুঞ্জয়, প্রকাশ যুগলকিশোর, রামদয়াল দেয়, আমানতআলী, জিন্নতআলী, আকিমা বিবি, মতীবিবি, সেখ মাহাং বশীকল্লা চৌং, সেখ মাহাং আছাতুল্লা চৌং সেখ মাহাং রহিমল্লা চৌং, বিশ্বম্ভর দে, ও কালীকুমার দের অংশ মং ৪৭।৶১০ পাই সদর জমা বিক্রী হইবে।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবে।

১৫১৩ নং তরফ কৃষ্ণদাস কাং মালিক আনন্দময়ী ও মহামায়া সমুদয় মহাল বিক্রী হইবে মোট সদর জমা ৮৫৩।৬

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবে।

১৫৪৬ নং তরফ কারকন, রোসন মালিক বৈষ্ণবচরণ সেন পীং কৃষ্ণমঙ্গল সেন সাং নয়াপাড়া সমুদয় মহাল বিক্রী হইবে মোট সদর জমা ৬১৬।৶৭

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবে।

২২০৩ নং তরফ নছিম চৌং মালিক জানআলীগয়রহ মোট সদর জমা ৬৫৯।৶৬

১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া, জানআলী, জামআলী, মহেশচন্দ্র, রমজানআলী নিত্যানন্দ সেন, ওয়াহেদআলী, প্রাণকৃষ্ণ সেন, নিত্যানন্দ সেন, জানআলী, জগচ্চন্দ্র সেন, এরাকুপআলী চৌং, আবদুল রজক, আবদুল বাড়ি আবদুল জলিল নাবালগের অংশ মং ৪১২৶৭ পাই সদর জমা বিক্রী হইবে।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

২৪১১ নং কিং প্রভাবতী বাং তরফ ব্রজকিশোর মালিক আবুল খএর মাহাং মহতছমবিল্লা গয়রহ মোট সদর জমা ৬৬৭।।৶১০

১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া হাশমতআলী, তস্য মাতা সরফ মেহা, মনিষত খাতুন চৌধুরীয়ার অংশ মং ৪১৵১০ পাই সদর জমা বিক্রী হইবে।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবে।

২৪৩২ নং কিং প্রাণকৃষ্ণ, গোপীমোহন, গুরুদাস হরদাস রায় বাং তে তরফ যুগলকিশোর মালিক খোদছায় সমুদয় মহাল বিক্রী হইবে, মোট সদর জমা ৩৩৫৩৶৬

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে নিলাম হইবে।

২৫৫২ নং তরফ রাজা অম্বিয়া মালিক আজগর আলী চৌং সমুদয় মহাল বিক্রী হইবে, মোট সদর জমা ৬০৮৸০

[*Government Gazette, 7th November* 1876.]

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবে।

২৫৬৫ নং তরফ রামকিশোর কাং মালিক আলিহোছেন গয়রহ মোট সদর জমা .৮১৯৶৭

১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া ভারতচন্দ্র তপাদার দাং হিং বিশ্বম্ভর কাশীচন্দ্র সেনের অংশ মং ৩৫৮।৶৯ পাই সদর জমা বিক্রী হইবে।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবে।

২৯৩৩ নং তরফ সাহিরাম কাননগোর মালিক আইঠন ওগয়রহ মোট সদর জমা ৮২৬৸৶৩

১৮১৪ সালের ১৯ আইনমতে জের বাঁটোওয়ারাসূত্রে আবদুল হামিদ, অলকাসুন্দরী ও রামদয়াল দাসের অংশ মং ২৯।৶৬ পাই সদর জমা বিক্রী হইবে।

J. C. VEASEY,
Offg. Collector.

জিলা চট্টগ্রাম।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

"ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা চট্টগ্রাম মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৬ সালের ২৫ ফেব্রুয়ারি তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৬ সালের ১৯ ডিসেম্বর তারিখে ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।"

প্রথম শ্রেণীর কায়মি মহাল।

বাকী রাজস্ব আদায় নিমিত্তে নীলাম হইবে।

১২৩৮ নং। তরফ ইনছ আইঅপ মালিক আধু খাঁ গয়রহ মোট সদর জমা ২২৭২।৶৬

১৮৫৯ সালের ১১ আইনমতে জমা স্বতন্ত্র হইয়া বিশ্বনাথ শর্ম্মার অংশ মঃ ৩৮১৷৬ পাই সদর জমা বিক্রী হইবে।

J. C. VEASEY,
Offg Collector.

জিলা চব্বিশ পরগনা।

এস্তেহারনামা কাছারী কালেক্টরী জেলা ২৪ পরগনা এই যে,

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশ পরগনার নীচের লিখিত মহালাত সন ১৮৭৬ সালের ২৮ সেপ্টেম্বর কিস্তীর মালগুজারির বাকী বাবৎ ইংরাজী সন ১৮৭৬ সালের ২৯ নবেম্বর মোতাবেক বাঙ্গলা সন ১২৮৩ সাল ১৫ অগ্রহায়ণ রোজ বুধবার ঐ জেলার কালেক্টরী কাছারীতে বিনাওজর নীলাম ধরা যাইবেক ইংরাজী সন ১৮৭৬ সাল তারিখ ২১ অক্টোবর মোতাবেক সন ১২৮৩ সাল তারিখ ৬ কার্ত্তিক।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

